# কেন এটি মেষপালক হতে হয়েছিল

...আমি অনুমান করি, এক ধরণের দীর্ঘ বক্তৃতাকারী প্রচারক। আর শিক্ষা ছাড়া, আমি—আমি অনুমান করি, আমি কিছু লোকের কাছে প্রচারকের মতো শোনাই না। আর আমি—আমি নিজেকে প্রচারক বলেও দাবি করি না, আমি শুধু একধরনের একটি অতিরিক্ত টায়ার। কিন্তু আমি অনুভব করি যে আমার কাছে ঈশ্বরের কাছ্ থেকে একটি বার্তা আছে, যেটি আমার পথে (সেটি একমাত্র উপায় আমাকে এটি উপস্থাপন করতে হবে), আমি এটি বিশ্বের সামনে উপস্থাপন করার চেষ্টা করছি। আর যদি আমি সেই বার্তার সাথে না থাকি, আমি ঈশ্বরের কাছে বিশ্বাসঘাতক এবং আপনাদের কাছে একজন ভণ্ড হব। যে ব্যক্তি এক কথা বলে আর অন্য কথা বিশ্বাস করে, এটা ভণ্ডামি। আমাদের সর্বদা হৃদয় থেকে সত্য কথা বলতে হবে। যখন লোকেরা আমাদের দিকে তাকায়, যদিও তারা আমাদের সাথে দ্বিমত পোষণ করে, আমরা সম্মানিত পুরুষ এবং মহিলা হতে চাই: আমরা আমাদের হৃদয় থেকে কথা বলি, আমাদের হৃদয়ে যা সত্য তা।

2 গত বছর, অথবা গত বছরের আগে, আমি কথা বলার সৌভাগ্য পেয়েছিলাম একজন—একজন খ্রিস্টান...অথবা আমাকে ক্ষমা করুন, একটি ক্রিসমাসের বার্তা, এখানে রামদায়। আর আমি বিশ্বাস করি আমি এই বিষয়ে কথা বলেছি, হয় এখানে অথবা ফিনিক্সে, এই বিষয়ে: *কেন ছোট বেথলেহেম?* আর আমি বিশ্বাস করি যে তখন এটি এখানে ছিল, গত বছর, আমি বলেছিলাম: *আমরা পূর্বে তাঁর তারকা দেখেছি এবং তাঁর উপাসনা করতে এসেছি।*

3 আর, আপনারা জানেন, আমরা বাইবেল পড়ি, আর আমরা আশ্চর্য হই, "*কেন?*" আর আজ রাতে আমি ভেবেছিলাম, যদি আপনারা আমার সাথে কিছুক্ষণ সহ্য করেন, আর আমার সাথে প্রার্থনা করেন, আমি আপনাদের আমার ক্রিসমাসের বার্তা দেওয়ার চেষ্টা করব। ঈশ্বর শুধুমাত্র জানেন আমরা পরবর্তী ক্রিসমাস কোথায় করব, যদি এর পরে পরবর্তী ক্রিসমাস থেকে থাকে। যাতে এটি শেষ ক্রিসমাস হয় আমরা একসাথে বসে আছি, যতক্ষণ না আমরা অন্য টেবিলে বসি, আর এটা এই ধরনের একটি হবে না, কিন্তু এটা হবে

যখন আমরা তার সঙ্গে নতুনভাবে সহভাগিতায় ভোজন ও পান করব, পথের শেষে পিতার রাজ্যে, আর তারপর আসুন আজ রাতে এটির কাছে যাই, যেন এটিই শেষ ক্রিসমাসের বার্তা আমরা কখনও একত্রিত হতাম, আন্তরিকতার গভীরতায়।

4 আমি আজ রাতে একটি অস্বাভাবিক বিষয়ে কথা বলতে চাই, কিন্তু কখনও কখনও আপনি অস্বাভাবিক বিষয়ের মধ্যে ঈশ্বরকে খুঁজে পান। তিনি একটি অস্বাভাবিক উপায়ে কাজ করেন। স্বাভাবিক উপায়ে নয়, এটা অস্বাভাবিক উপায়ে, অস্বাভাবিক সময়, অস্বাভাবিক দৃশ্য, তিনি অস্বাভাবিক। আর আমি এটা চাই...যদি প্রভু চান, আমি এই বিষয়ে কথা বলতে চাই: *কেন এটি মেষপালক হতে হয়েছিল।*

5 আর এখন আমরা বাক্যের কাছে যাওয়ার ঠিক আগে, যা আমি বিশ্বাস করি তিনিই ঈশ্বর, "আদিতে বাক্য ছিলেন, এবং বাক্য ঈশ্বরের কাছে ছিলেন, এবং বাক্য ঈশ্বর ছিলেন। আর বাক্য দেহধারন করিয়া আমাদের মধ্যে বাস করিলেন।"

6 যেমন আমি বলেছিলাম, গত সপ্তাহে, অথবা গত সপ্তাহে ফিনিক্সে, "এটা প্রমাণিত হয়েছে যে সেখানে এই পৃথিবীর বিষয়গুলি রয়েছে, লোকেরা, এখন এই ভবনের মধ্য দিয়ে যাচ্ছে।" টেলিভিশন সেটা প্রমাণ করে। এটি অন্য মাত্রায়, আমাদের স্বাভাবিক চোখ এবং আমাদের পাঁচটি ইন্দ্রিয় এটি তুলে নিতে পারে না। এটি এমন নয় যে টেলিভিশন কিছু তৈরি করে, এটি শুধুমাত্র চ্যানেল তৈরি করে। আপনি আপনার আঙুল দিয়ে নড়াচড়া করতে পারবেন না, আপনি আপনার চোখের পালক ফেলতে পারবেন না, কিন্তু এটি চিরকালের জন্য রেকর্ড করা হয়েছে, তা প্রমাণিত। আমি হয়তো দাঁড়িয়ে আছি...অথবা অস্ট্রেলিয়ায় একজন ব্যক্তি, এখানে একটি—একটি টেলিভিশন পর্দা রাখবেন, শুধু তাই নয় কিন্তু সেই—সেই লোকটি কথা বলতে পারবেন, আঙুল নাড়তে পারবেন, তার চোখের পলক ফেলতে পারবেন, অথবা এমনকি তিনি যে পোশাক পরেছেন তার রঙ, এখানে দেওয়ালে প্রক্ষিপ্ত হবে; আর তিনি আফ্রিকায়, অস্ট্রেলিয়ায়, বিশ্বজুড়ে। দেখুন, ইথার তরঙ্গের একটি চক্র আছে। আমি এটা ব্যাখ্যা করতে পারি না, কিন্তু আমি জানি এটা সেখানে আছে। আমি মনে করি না যে কেউ সত্যিই এটি ব্যাখ্যা করতে পারেন। সুতরাং, টেলিভিশন এটিকে টেনে আনতে পারে এবং কিছু যন্ত্রের দ্বারা এটিকে বাস্তবে পরিণত করতে পারে, যাতে তারা এটি দেওয়ালে প্রতিফলিত করতে পারে।

7 এখন, একই জিনিস এখানে ছিল যখন আদম এখানে

ছিলেন। টেলিভিশন এখানে ছিল যখন—যখন এলিয় কর্মিল পর্বতে গিয়েছিলেন। এটা এখানে ছিল যখন মার্টিন লুথার, সেই যুবক যাজক, সহভাগিতাটি মেঝেতে ফেলে দিয়েছিলেন এবং বলেছিলেন, "এটা কোশার! আর ধার্ম্মিকগণ বিশ্বাস দ্বারা জীবিত থাকিবে।" এটা তখন এখানে ছিল, কিন্তু আমরা এখন এটি খুঁজে পাচ্ছি। আর এটাও তাই, যে আজ রাতে আমাদের উপস্থিতিতে ঈশ্বর আছেন, স্বর্গদূতগণ, অতিপ্রাকৃত সত্তা যা আমাদের প্রাকৃতিক দৃষ্টিশক্তির কাছে অদৃশ্য। কিন্তু একদিন এটা বাস্তবে পরিণত হবে ঠিক যেমন টেলিভিশন এখন, এবং ঠিক ততটাই সাধারণ। এখন, এই কারণেই আমি বাক্যে বিশ্বাস করি।

8 যীশু বলেছেন, "যে কেউ এই বাইবেলে একটি বাক্য যোগ করে, অথবা এটি থেকে একটি বাক্য হরণ করে, তার অংশ জীবন-পুস্তক থেকে হরণ করা হবে।"

9 সুতরাং, আসুন আমরা আমাদের মাথা নত করি, আমরা এটি পড়ার আগে। এত গম্ভীর! যে কোন ব্যক্তি যার শারীরিক শক্তি আছে তিনি পাতা উল্টাতে পারেন, কিন্তু শুধুমাত্র ঈশ্বরই এটি প্রকাশ করতে পারেন।

10 আর এখন আমাদের মাথা ধুলোর দিকে নত করে যেখান থেকে আমাদের নিয়ে আসা হয়েছে, আর একদিন ফিরে যাবো, আমি ভাবছি...আর এই গৌরবময় মুহূর্তে, যখন আমরা ক্রিসমাসের কাছাকাছি চলে আসছি, যদি এখানে কেউ থাকেন যারা সত্যিই অযোগ্য বোধ করেন এবং এই প্রার্থনায় স্মরণ হতে চান, আপনারা কি (আপনার মাথা না তুলে) ঈশ্বরের দিকে হাত তুলে বলবেন, "আমাকে স্মরণ করুন, প্রভু, এই ক্রিসমাসে"? ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

11 পরম পবিত্র এবং করুণাময় স্বর্গীয় পিতা, সর্বশক্তিমান ঈশ্বর, যিনি আদি থেকে ছিলেন, সেখানে একটি তারকা, অথবা একটি পরমাণু, অথবা একটি অণু এর পূর্বে। আপনি আপনার পুত্র যীশু খ্রীষ্টের দ্বারা সমস্ত কিছু সৃষ্টি করেছেন, আর তাঁহাতে আমাদের সমস্ত কিছু বিনামূল্যে দিয়েছেন। আমরা আজ রাতে আপনাকে ধন্যবাদ জানাই, প্রভু, এই সুযোগের জন্য যা আপনি আমাদেরকে একত্রিত হওয়ার জন্য দিয়েছেন, পবিত্র আত্মার দ্বারা সতর্ক এবং শিক্ষাপ্রাপ্ত হওয়ার জন্য। আর পবিত্র আত্মা আপনার বাক্য গ্রহণ করেন এবং আমাদের কাছে প্রকাশ করেন, কারণ যীশু বলেছেন, "যখন তিনি সত্যের আত্মা আসবেন, আমি যাহা বলিয়াছি এই সকল তিনি

তোমাদিগকে স্মরণ করিয়ে দিবেন এবং ভবিষ্যতের বিষয়গুলিও দেখাইয়া দিবেন।”

12 ঈশ্বর, আমাদের মধ্যে কেহ্ নাই, পৃথিবীতেও কেহ্ নাই, কে আপনার বাক্য ব্যাখ্যা করার চেষ্টা করার যোগ্য, কারণ এটা লেখা আছে যে, “ঈশ্বরের বাক্য কোন ব্যক্তিগত ব্যাখ্যার জন্য নয়।” অতএব, প্রভু, আমরা প্রার্থনা করি যে পবিত্র আত্মা আজ রাতে আমাদের প্রদান করবেন, প্রত্যেককে, আপনার সাথে ঘনিষ্ঠভাবে চলার জন্য আমাদের হৃদয়ের সেই ক্ষুধা মেটাতে আমাদের যে অংশটি প্রয়োজন। আমরা অযোগ্য, অশুচি, অযোগ্য। যে শিশুটি বৈৎলেহমে জন্মগ্রহণ করেছিল, যিনি সবচেয়ে সিদ্ধ জীবনযাপন করেছিলেন, এবং পৃথিবীতে একমাত্র সিদ্ধ মানুষ ছিলেন, এবং নিজেকে মুক্তির মূল্য দিয়েছিলেন যেন তিনি আমাদের অশুচি পাপীদের শুচি করতে পারেন এবং পিতার সঙ্গে আমাদের সম্পর্কে আনতে পারেন, আজ রাতে প্রদান করুন যে তাঁর পবিত্র আত্মা (বাক্য প্রচারের মাধ্যমে) আমাদের জন্য তা করবেন।

13 প্রভু ঈশ্বর, আজ দেশে অনেক অসুস্থ আছেন, সেরা ওষুধের সম্মুখে যা আমরা কখনও আয়ত্ত করেছি, এবং সেরা ওষুধ এবং সেরা হাসপাতাল। আর এখনও আমাদের সমস্ত মহান বৈজ্ঞানিক আবিষ্কারের মধ্যে, তবুও পৃথিবীতে অধিক অসুস্থতা রয়েছে যা পৃথিবী আগে কখনো দেখেনি, কারণ সেখানে জগৎ যা জানে তার চেয়ে অধিক পাপ এবং অবিশ্বাস রয়েছে। আজ রাতে আমাদের সাহায্য করুন, মহান চিকিৎসক, এবং আমাদের মধ্যে থাকা অসুস্থদের সুস্থ করুন।

14 আর আমাদের আত্মা প্রদান করুন, ক্রিসমাসের প্রকৃত আত্মা। যখন আজ যখন পৌত্তলিক অনুষ্ঠান, ক্রিসমাস ট্রির আরাধনা করা হয়, সান্তা ক্লজ নামে একজন—একজন ব্যক্তির কল্পকাহিনী, এবং আমাদের ইস্টার খরগোশ, এবং বাণিজ্যিক বিশ্ব যে বিভিন্ন ফ্যাশনকে পুঁজি করেছে, এটা একপাশে রাখা হোক, ঈশ্বর। আসুন আমরা খ্রীষ্টের বাক্যে প্রবেশ করি, কারণ আমরা এটি তাঁর নামে এবং তাঁর মহিমার জন্য চেয়েছি। আমেন।

15 যদি আপনারা আমার সাথে পবিত্র লেখা, লুক লিখিত সুসমাচার, ২য় অধ্যায় পাঠ করেন। আপনারা কি আমাকে ঠিক শুনতে পাচ্ছেন?

মাইক্রোফোনে কি কোন স্থানান্তর রয়েছে? আপনারা কি আমাকে পিছনে শুনতে পাচ্ছেন? যদি পারেন, আপনাদের হাত

তুলুন। ধন্যবাদ। লূক লিখিত সুসমাচার ২য় অধ্যায় অনুসারে।

*সেই সময়ে এমন হইল, যে সেখানে বাহির হইল, আগস্ত কৈসরের নিকট হইতে একটি আদেশ, সমুদয় পৃথিবীর লোকে কর দিতে হইবে।*

*(এবং এই* কর *প্রথম* প্রকাশ *করা হইয়াছিল*...*সিরিয়ার শাসনকর্ত্তা দ্বারা।)*

*সকলে কর দিবার নিমিত্তে আপন আপন* দেশে *গমন করিল।*

*আর যোষেফও গালীলের নাসরৎ নগর হইতে যিহূদিয়ায়...দায়ূদের নগরে গেলেন, যাহাকে বৈৎলেহম বলা হয়; (কারণ তিনি দায়ূদের কুল ও গোষ্ঠীজাত ছিলেন:)*

*তিনি আপনার বাগ্দত্তা স্ত্রী মরিয়মের সহিত নাম লিখিয়া দিবার জন্য গেলেন, তখন গর্ভবতী ছিলেন।*

*আর এমনটি হইল, যে,* তিনি *সেই স্থানে আছেন, এমন সময়ে মরিয়মের* প্রসবকাল *সম্পূর্ণ হইল।*

*আর তিনি আপনার প্রথমজাত পুত্র প্রসব করিলেন, এবং তাঁহাকে কাপড়ে জড়াইয়া যাবপাত্রে শোয়াইয়া রাখিলেন; কারণ পান্থশালায় তাঁহাদের জন্য স্থান ছিল না।*

*আর ঐ অঞ্চলে মেষপালকেরা* মাঠে *অবস্থিতি করিতেছিল, এবং রাত্রিকালে আপন আপন* পাল *চৌকি দিতেছিল।*

*আর, দেখ, প্রভুর এক দূত তাহাদের নিকটে আসিয়া দাঁড়াইলেন, এবং প্রভুর প্রতাপ তাহাদের চারিদিকে দেদীপ্যমান হইল: তাহাতে তাহারা অতিশয় ভীত হইল।*

*তখন দূত তাহাদিগকে কহিলেন,* ভয় *করিও না: কেননা দেখ, আমি তোমাদিগকে...মহানন্দের সুসমাচার জানাইতেছি; সেই আনন্দ সমুদয় লোকেরই হইবে।*

*কারণ অদ্য দায়ূদের নগরে তোমাদের জন্য ত্রাণকর্ত্তা জন্মিয়াছেন, তিনি খ্রীষ্ট প্রভু।*

*আর তোমাদের জন্য ইহাই চিহ্ন;* তোমরা *দেখিতে পাইবে, একটী শিশু কাপড়ে জড়ান ও যাবপাত্রে* শয়ান *রহিয়াছে।*

*পরে হঠাৎ সেখানে...হঠাৎ সেখানে...ঐ দূতের সঙ্গী হইয়া এক বৃহৎ দল...স্বর্গীয় বাহিনীর ঈশ্বরের স্তবগান করিতে করিতে কহিতে লাগিলেন,*

*ঊর্দ্ধলোকে ঈশ্বরের মহিমা, পৃথিবীতে প্রীতিপাত্র মনুষ্যদের মধ্যে শান্তি।*

*দূতগণ তাহাদের নিকট হইতে স্বর্গে চলিয়া গেলে পর মেষপালকেরা পরস্পর কহিল, চলো আমরা একবার বৈৎলেহম পর্য্যন্ত যাই, এবং এই যে ব্যাপার প্রভু আমাদিগকে জানাইলেন, তাহা গিয়া দেখি।*

*পরে তাহারা শীঘ্র গমন করিয়া মরিয়ম ও যোষেফ এবং সেই যাবপাত্রে শয়ান শিশুটীকে দেখিতে পাইল।*

*দেখিয়া বালকটীর বিষয়ে যে কথা তাহাদিগকে বলা হইয়াছিল, তাহা জানাইল।*

*তাহাতে যত লোক মেষপালকগণের মুখে ঐ সব কথা শুনিল, সকলে এই সকল বিষয়ে আশ্চর্য্য জ্ঞান করিল।*

*কিন্তু মরিয়ম সেই সকল কথা হৃদয় মধ্যে আন্দোলন করিতে করিতে মনে সঞ্চয় করিয়া রাখিলেন।*

*আর মেষপালকগণ ঈশ্বরের প্রশংসা ও স্তবগান করিতে করিতে ফিরিয়া আসিল কেননা যে সকল বিষয় বলা হইয়াছিল, তাহারা তদ্রূপ সকলই দেখিয়া ও শুনিয়া ছিল।*

প্রভু তাঁর বাক্য পাঠে তাঁর আশীর্বাদ যোগ করুন।

16 এখন, এটি একটি...কেন এই মহান ঘটনাটি মেষপালকদের কাছে প্রকাশিত হয়েছিল? এটা আমাদের জন্য এক ধরনের আশ্চর্যজনক বিষয় হবে। আমার কাছে এখানে কিছু শাস্ত্র লেখা আছে, এবং কয়েকটি মন্তব্য আছে যা আমি গ্রহণ করার চেষ্টা করব, আমার জ্ঞানের সেরা অনুযায়ী *কেন* সেটি আপনাদের ব্যাখ্যা করার জন্য। আর হয়তো এর পরে, প্রভু তাঁর অনুগ্রহে, আজ রাতে, *কেন* আমাদের কাছ থেকে দূরে সরিয়ে নেবেন। কিন্তু... আমরা সবাই, আমি মনে করি, এক সময়ে অথবা অন্য সময়ে, বিস্মিত হয়েছেন কেন এই সর্বকালের সর্বশ্রেষ্ঠ ঘটনা মেষপালকদের কাছে প্রকাশিত হয়েছিল। কেন এটি মেষপালকদের কাছে প্রকাশিত হয়েছিল এবং সেই দিনের ধর্মতত্ত্ববিদদের কাছে নয়? তারাই এটা শোনার জন্য প্রশিক্ষিত হয়েছিল। আর কেন এটা এসে ধনীকে পাশ কাটিয়ে গরীবদের কাছে এসেছিল? এছাড়াও, কেন এটি

বিদ্বান এবং জ্ঞানীকে পাশ কাটিয়ে, নম্র এবং অশিক্ষিতদের কাছে এসেছিল ? এর মধ্যে কয়েকটি *কেন* প্রশ্ন রয়েছে।

17 আর আরেকটি কারণ আমি বলতে পারি, লক্ষ্য করুন, শিশুটি বেথলেহেমে জন্মগ্রহণ করেছিল। কোন বেথলেহেম, হিব্রু ব্যাখ্যায়, যেমন আমরা কয়েক বছর আগে এখানে পেয়েছি, *বেথলেহেম* মানে "ঈশ্বরের রুটির ঘর।" আর আমরা শাস্ত্রে প্রমাণ করেছি, তিনি অন্য কোথাও আসতে পারেন না। বেথলেহেম রাহব এবং তার—তার স্বামী দ্বারা প্রতিষ্ঠিত হয়েছিল। রাহব একজন বেশ্যা ছিলেন যাকে একজন সেনাপতি বিবাহ করেছিলেন, ইস্রায়েলীয় সেনাবাহিনীর—থেকে, তারা যিরীহো দখল করার পর। আর বিশ্বাসের দ্বারা সে ঈশ্বরের বার্তা বিশ্বাস করেছিল, তার অবস্থায়, আর সে রক্ষা পেয়েছিল। আর সেখান থেকে, যখন যিহোশূয় প্রত্যেকে যেখানে থাকবেন সেই দেশগুলিকে ভাগ করেছিলেন,...

18 আর সেখানে একটি মহান শিক্ষা আছে যা আমি আশা করি কখনো কখনো টুকসনে নিয়ে আসতে পারব, সেই হিব্রু মায়েরা যারা বাচ্চাদের জন্ম দিচ্ছিলেন। যখন সে শিশুর জন্ম যন্ত্রণায় আর্তনাদ করত, তখন সে শিশুর নাম বলে এবং এটি অবস্থানগতভাবে প্রতিশ্রুত দেশে স্থাপন করেছিল, এর উপজাতি। মহান বিষয়, ঈশ্বরের সমস্ত বাক্য একসাথে খাপ খায়। যদি এটি একসাথে খাপ না খায়, তবে এটি ঈশ্বরের বাক্য নয় যা সঠিকভাবে খাপ খায় না, এটা আপনার চিন্তা যা বাক্যের সাথে সঠিকভাবে খাপ খায় না। এটা সব একসঙ্গে খাপ খায়।

19 সুতরাং, তারপর, তিনি ছিলেন জীবনের রুটি, যেমন আমরা গত সপ্তাহে ফিনিক্সে, অথবা গত সপ্তাহের আগে শিক্ষা দিয়েছিলাম। আর জীবনের রুটি হয়ে, তিনি *"ঈশ্বরের রুটির ঘর"* ছাড়া অন্য কোথাও আসতে পারেননি। আর সেটাই সেই *কেন* ছিল। এখন, এখানে, যীশু বেথলেহেমে জন্মগ্রহণ করেছেন, এবং বেথলেহেমে একটি সমাজগৃহ ছিল, মহান ধর্মীয় নেতারা বেথলেহেমে বাস করতেন। মহান রাজা-মেষপালক দায়ূদ বেথলেহেমে জন্মগ্রহণ করেছিলেন, তার পিতা যিশয় বেথলেহেমে জন্মগ্রহণ করেছিলেন, তার পিতামহ ওবেদ বেথলেহেমে জন্মগ্রহণ করেছিলেন। এছাড়াও, পিছনে, তিনি বেথলেহেম থেকে এসেছিলেন।

20 আর এখানে, যীশু, দায়ূদ-পুত্র বেথেলহেমে জন্মগ্রহণ করেছেন, ঠিক মহান ক্যাথিড্রালগুলির ছায়ার নীচে। তারপর যদি সেই লোকেরা প্রশিক্ষিত হয়, এবং এত বছর ধরে মশীহের সন্ধান করে থাকে; চার হাজার বছর ধরে, মশীহের আগমনের ভবিষ্যদ্বাণী

করা হয়েছিল। আর তারপর যদি মশীহ্ ক্যাথিড্রালের ছায়ায় জন্মগ্রহণ করেন, কেন তাদের একদল অশিক্ষিত, অপ্রশিক্ষিত মেষপালকদের কাছে ঠিক পাহাড়ে যেতে হয়েছিল মহান বার্তা নিয়ে আসার জন্য, প্রথম বার্তা? আর নিযুক্ত রাখালরা! জ্ঞানী এবং প্রশিক্ষিত নয়, কিন্তু মেষপালকেরা। এটা একটা অদ্ভুত বিষয়, তাই না? কিন্তু কোথাও একটি *কেন* থাকতে হবে...সেখানে একটি *কেন* আছে, এখন একটি উত্তর কেন থাকতে হবে! আর ঈশ্বর ছাড়া কেউ উত্তর জানেন না। তিনিই সেই উত্তর জানেন।

21 এখন, মনে রাখবেন, মশীহ্ ইতিমধ্যেই শহরে ছিলেন, শহরে জন্মগ্রহণ করেছিলেন, একটি গোয়াল ঘরে; ঠিক সেই মহান ক্যাথিড্রালগুলির কাছে যেখানে মহাযাজক, এবং মহান যাজকরা, এবং ধর্মতত্ত্ববিদরা, এবং জ্ঞানী, এবং প্রশিক্ষিত, সবাই সেখানে মশীহের জন্য অপেক্ষা করছিল। আর তিনি সেখানে ছিলেন, ঠিক তাদের মাঝে! কিন্তু কেন তারা...যিহূদিয়ার পাহাড়ে অশিক্ষিত, অপ্রশিক্ষিত, অসংস্কৃতিহীন, সবচেয়ে দরিদ্রদের কাছে গিয়েছিল? এই ধরনের কাজের জন্য সবচেয়ে অযোগ্য ব্যক্তির মতো দেখাচ্ছিল, বার্তা প্রকাশ করার জন্য এবং বার্তা নিয়ে আসার জন্য তাদের প্রেরণ করার জন্য।

22 আপনি আমার মতামত জানেন? এটা খুব বেশি নাও হতে পারে, কিন্তু আমি আমার মতামত দিতে চাই: আমি বিশ্বাস করি এটা ঈশ্বরের জ্ঞানের কারণে, যে তিনি জানতেন যে তারা এমন একটি বার্তা গ্রহণ করবে না, যেভাবে এটি এসেছিল। এটা তাদের শেখার স্বাদ ছিল না। এটা ভিন্ন ছিল। তিনি এমন হবেন বলে বিশ্বাস করার জন্য তাদের প্রশিক্ষণ দেওয়া হয়েছিল তা নয়। এটা তাদের ধর্মতাত্ত্বিক বোঝার বিপরীত ছিল। তাদের সমস্ত প্রশিক্ষণ, তাদের সমস্ত শিক্ষা উপেক্ষা করা হয়েছিল, শূন্য হয়ে যায়। আমি বিশ্বাস করি এটা ঈশ্বরের জ্ঞান যিনি জানতেন যে তারা এই ধরনের বার্তা গ্রহণ করবে না।

23 তাই মশীহ্ এখানে ছিলেন, এবং সেখানে অবশ্যই কাউকে সেটি চিনতে হবে। আর তিনি তাদের জানতেন যারা এই ধরনের বিষয়ের মধ্যে মিশে যাননি। তিনি একটি অশিক্ষিত দলের কাছে তাঁর বার্তা পৌঁছে দিতে আরও সক্ষম হবেন, একটি মিশ্র গোষ্ঠীর চেয়ে যারা তাদের পথে দৃঢ় ছিল, তার চেয়ে, যাতে কোন কিছুই তাদের ফিরিয়ে দিতে পারে না, এমনকি ঈশ্বরের বাক্যও নয়।

24 আর এখন, খ্রিস্টান বন্ধু, আমাকে এই প্রশ্নটি করতে দিন, সম্পূর্ণ আন্তরিকতা এবং ভালবাসার সাথে। আমি শুধু আশ্চর্য হই যে

তিনি আজ রাতে একই কাজ করবেন, এবং এই প্রজন্মে আমাদের কাছে পাঠাবেন এই প্রজন্মের জন্য প্রতিশ্রুত বাক্য, আমি ভাবছি যদি আমাদের ধর্মতত্ত্ববিদরা, এবং শিক্ষাবিদরা, এবং জ্ঞানী, তারা তখনকার মতো বার্তাটিকে সরিয়ে দেবেন কি না? মানুষ পরিবর্তন হয় না, ঈশ্বরের বাক্যও পরিবর্তিত হয় না। তিনি অপরিবর্তনীয় ঈশ্বর, তিনি পরিবর্তিত হন না!

25 লক্ষ্য করুন, স্বর্গদূতেরা আসছেন এবং...স্বর্গদূতরা আসছেন এবং এই নিম্ন বিত্তের লোকদের মানুষকে তাদের বার্তা দিচ্ছেন, যখন মানুষ সেখানে এই দরিদ্র, নিরক্ষর মেষপালকদের চেয়ে অনেক বেশি যোগ্য (পার্থিব চিন্তাভাবনায়) ছিল। মেষপালক সবার মধ্যে সবচেয়ে নিরক্ষর ছিল, তার মেষ ছাড়া আর কিছুই জানার প্রয়োজন ছিল না। তার গণিত জানার দরকার ছিল না। তার জানার দরকার ছিল না কিভাবে—একটি পরমাণুকে বিভক্ত করতে হয়। তার কোন বৃত্তির প্রয়োজন ছিল না। তাকে শুধু তার মেষদের জানতে হয়েছিল, তার এটাই জানা দরকার ছিল। আর ঈশ্বর, মহান প্রজ্ঞা, এবং সমস্ত জ্ঞানের ঝর্ণা ও উৎস, তেমন একজন ব্যক্তিকে বেছে নেবেন যে (ব্যক্তিরা, বরং, সেই রকম), এবং সমস্ত প্রশিক্ষিত পণ্ডিতদের উপেক্ষা করেন যারা এটি জানার জন্য প্রশিক্ষিত। এটি একটি বিষয় বলে, যে তাদের ভুল ক্ষেত্রে প্রশিক্ষণ দেওয়া হয়েছিল। দেশের সমস্ত গুরুত্বপূর্ণ বিষয় ত্যাগ করে; সেখানে গুরুত্বপূর্ণ ব্যক্তিরা ছিলেন, মহান শিক্ষক, মহাযাজক কায়াফা, আরও অনেক মহান ব্যক্তি, ইস্রায়েলের সমস্ত মহৎ বিদ্বান, সমস্ত ধর্মসম্প্রদায়, এবং সমস্ত গর্বিত ধর্মতত্ত্ববিদ, ঈশ্বর তাদের প্রত্যেককে উপেক্ষা করেছেন! এখন, এটা ঈশ্বরের প্রজ্ঞা।

26 লক্ষ্য করুন, সর্বোচ্চ স্বর্গ পৃথিবীর সবচেয়ে নম্র এবং অশিক্ষিতদের সম্মান করতে ত্বরান্বিত হচ্ছে। স্বর্গের সর্বোচ্চ ঈশ্বর নেমে এসেছিলেন নিজেকে পৃথিবীর সর্বনিম্ন লোকদের কাছে প্রকাশ করার জন্য, সাধারণ পশুপালকদের কাছে নিজেকে প্রকাশ করার জন্য মাঝখানের সবকিছু এড়িয়ে গিয়ে; এই সাধারণ পশুপালকদের কাছে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বার্তা দিতে আসছেন। সেখানে অনেক মহান বার্তাবাহক ছিলেন। আমরা নোহের সময়ে এবং ভাববাদীদের কথা মনে করি, আর—আর মহান যাজকেরা, এবং আরও অনেকে, অতীতের দিনগুলিতে ছিলেন। মহান বিদ্বান ব্যক্তি, রাজা, ক্ষমতাবান, রাজা, কিন্তু এখানে তিনি সমস্ত বার্তার মধ্যে সর্বশ্রেষ্ঠ বার্তা নিয়ে আসেন। বার্তাটি কি ছিল? "মশীহ এখন এখানে আছেন!" দেখুন? আর সেটি জানাতে, তিনি সকল

প্রশিক্ষিতদেরকে উপেক্ষা করেছিলেন, নম্র মেষপালকদের কাছে এটি জানিয়েছিলেন।

27 এটা চিন্তা করুন: সকল যাজকদের, সকল মণ্ডলীগামী লোকদের, সকল শিক্ষকদের, সমস্ত—ধর্মতাত্ত্বিক প্রশিক্ষণ, সমস্ত অর্থ যা ব্যয় করা হয়েছিল, সকল মণ্ডলীসমূহ, এবং মতবাদ, এবং ধর্মসম্প্রদায়, সব উপেক্ষা করা হয়েছিল! সমস্ত শিক্ষা যা তারা ব্যয় করেছিল সকল—সকল ধর্মপ্রচারকদের উপর, এবং সকল ধর্মান্তরকরণ, সমস্ত সদস্যপদ, এবং সমস্ত কিছু যা তারা ভেবেছিল যে তারা ঈশ্বরের সম্মানের জন্য করেছে, তবুও এর সমস্ত মূল বার্তা তাদের কাছ থেকে উপেক্ষা করা হয়েছিল। অদ্ভুত! কেন? দেখুন?

28 আর লক্ষ্য করুন, শুধু তাই নয়, এই ধরনের ঘটনার জন্য সবচেয়ে অসম্ভাব্য স্থান। মেষপালকেরা, এখন, সেই ব্যক্তি যিনি বার্তা গ্রহণ করেছিলেন। আর এখন লক্ষ্য করুন বার্তাটি কোথায় ছিল: সবচেয়ে অসম্ভাব্য স্থানে যা কেউ এটি আসবে বলে আশা করবে। আর আমি ভাবছি, আজ রাতে, যদি আমরা প্রভু যীশুর সত্যিকারের বার্তার সন্ধান করি, আমি ভাবছি যদি এটি একটি অসম্ভাব্য দলে থাকবে, এমন একটি স্থান যা ছিল...যা মহৎ, উচ্চ সংস্কৃতিসম্পন্ন বিশ্ব এবং মণ্ডলী আজ ভাববে একগুচ্ছ—এর, ওহ, বিধর্মী? ভাবছি, ওখানেই কি আমরা তাঁকে খুঁজে পাব না? সবচেয়ে অসম্ভাব্য স্থান, এবং সবচেয়ে অযোগ্য বক্তাদের কাছে। মেষপালকেরা কথা বলতে কিছুই জানত না, কেবল মেষ ডাকত; ঠিক আছে, হয়তো এই কারণেই এটা এসেছে।

29 কিন্তু সেখানে একটি প্রতিশ্রুত বাক্য ছিল। লক্ষ্য করুন, এটা আবার এটা করতে পারে।

30 এটা দেশের সমস্ত উচ্চপদস্থ ব্যক্তিদের উপেক্ষা করেছিল। এটি সমস্ত উচ্চপদস্থ ব্যক্তিদের উপেক্ষা করে, এবং গুরুত্বহীন ব্যক্তিদের কাছে প্রকাশিত হয়েছিল। সমস্ত উচ্চপদস্থ ব্যক্তিরা যারা—মহান ডাক্তার ডিভিনিটি এবং—এবং মনোবিজ্ঞান দিয়ে সজ্জিত করা হয়েছিল, এবং—এবং উচ্চ শিক্ষা, এবং বড় ক্যাথিড্রাল এবং জিনিসগুলি, এটা সব উপেক্ষা করা হয়েছিল এবং গুরুত্বহীন ব্যক্তিদের কাছে প্রকাশ করা হয়েছিল। প্রজ্ঞা, সর্বশক্তিমান ঈশ্বরের অসীম জ্ঞান এটি করেছিল, তাদের কাছে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বার্তা প্রকাশ করার জন্য, "মশীহ এখন পৃথিবীতে আছেন।" কি একটি জ্ঞান! কেবল ঈশ্বরের কাছ থেকে আসতে পারে যিনি জ্ঞান জানেন! সমস্ত জ্ঞান এবং সমস্ত বিদ্যালয়ের শিক্ষা, এবং সবকিছু, এখন নষ্ট হয়ে গেছে এবং ঈশ্বরের মহান জ্ঞান দ্বারা বর্জন করা হয়েছে। আমি

এটি পুনরাবৃত্তি করতে থাকি কারণ আমি চাই এটি গভীরে চলে যাক। সব নষ্ট হয়ে গেছে, এটা কোন ভালো ছিল না। ঈশ্বরের প্রজ্ঞাকে পথের অধিকার দেওয়ার জন্য এটি সব উপেক্ষা করে, ঈশ্বর কিছু তৈরি করার জন্য কিছুই গ্রহণ করেন না।

31 আমরা এখানে থামতে পারি এবং যোহনের কথা বলতে পারি। আমরা থামতে পারি এবং এলিয় সম্বন্ধে কথা বলতে পারি। কেউ জানে না এলিয় কোথা থেকে এসেছেন। তারা সবাই জানে, তিনি ঘটনাস্থলে উপস্থিত হয়েছিলেন। যুগে যুগে ভাববাদীরা, তারা নগণ্য ছিলেন। কিন্তু ঈশ্বর সেটা নিয়েছিলেন...এবং মণ্ডলীর—মণ্ডলীর নীতিশাস্ত্র, এবং শিক্ষাগুলিকে উপেক্ষা করেন,...প্রদর্শন করার জন্য যে তিনি ঈশ্বর। তিনি এমন কিছু নেন যা কিছুই নয়, এটি দিয়ে কিছু করার জন্য। তিনি তাঁর জ্ঞান এবং তাঁর ঈশ্বরত্ব দেখান এটি করে, তিনি নগণ্যদের গ্রহণ করেন। যখন তিনি প্রথম একজন মানুষকে তৈরি করেছিলেন, তখন তিনি মাটির একটি বল নিয়েছিলেন এবং এটি থেকে একজন মানুষকে তৈরি করেছিলেন। যেখানে এটি কাদামাটি ছাড়া আর কিছুই ছিল না, কিন্তু তিনি একজন মানুষকে তৈরি করেছিলেন। আর ঈশ্বর এখন নগণ্যদের নেন, কিছু করার জন্য। আর যতক্ষণ আমরা মনে করি আমরা কিছু, ততক্ষণ আমরা ঈশ্বরের হাতে ব্যবহার হতে পারি না। আমরা যা কিছু জানি বা শিখেছি তা আমাদের অবশ্যই ত্যাগ করতে হবে। [ভাই ব্রানহাম তার গলা পরিষ্কার করছেন—সম্পাদকীয়।] (আমাকে ক্ষমা করুন।) মহান সন্ত পৌলের মতো, তিনি বলেছিলেন যে তিনি যা শিখেছেন তা তাকে ভুলে যেতে হবে, যাতে তিনি খ্রীষ্টকে জানতে পারেন।

32 তাদের সমস্ত স্কুলশিক্ষা, তাদের সমস্ত শিক্ষা ইত্যাদি, তাদের জন্য সবচেয়ে খারাপ কাজ করছিল। এটা অবশেষে তাঁকে অস্বীকার করে! তাঁর *জন্য* যে শিক্ষা তাদের ছিল, তাঁকে বিশ্বাস করার জন্য, ঘুরে দাঁড়িয়ে এবং তাঁর সবচেয়ে গুরুতর শত্রু হয়ে উঠে, এবং তাঁকে ক্রুশবিদ্ধ করে!

33 আপনারা কি জানেন যে ইতিহাস বারবার পুনরাবৃত্তি হয়? এটা একটি উল্লেখিত সত্য। এটা আমাদের পাশে আবার ঘটতে পারে। "ওহ," আপনি বলেন, "যদি আমি তখন বেঁচে থাকতাম,..." ঠিক আছে, এখন, আপনি যদি জানতে চান আপনি তখন কি করতেন, এখন আপনার বর্তমান অবস্থা দেখুন; আর আপনি তখন দেখতে পাবেন যে আপনি তখন কি করতেন, কারণ এটি অবশ্যই প্রকাশ করছে।

34 তাঁর বাক্য বিশ্বাস করার জন্য প্রশিক্ষিত, এবং তারপর যখন তাঁর

বাক্য তাদের চোখের সামনে প্রকাশিত হয়েছিল, তারা সেই বাক্য অস্বীকার করেছিল যা প্রকাশিত হয়েছিল। যখন ঈশ্বর প্রমাণ করলেন তিনি কি করবেন, আর বলেছিলেন তিনি কি করবেন, আর তিনি কি করবেন তা প্রমাণ করেছিলেন, তারপর তারা ঘুরে দাঁড়িয়ে এবং এই লোকটিকে "মন্দ আত্মা" বলে অভিহিত করে (যা তাদের সকলকে অভিশাপ দেয়)। কি ঘটেছে তা ভাবুন! কি কারণে তারা সেটি করেছে তা চিন্তা করুন; তাদের প্রশিক্ষণ তাদের সময়ের জন্য দেহধারণ করা বাক্যকে চিনতে পারেনি; তাদের স্কুলে যে প্রশিক্ষণ নিয়েছিল, সেরা শিক্ষকদের সঙ্গে।

35 আর আপনি বলেন, "ঠিক আছে, আমরা আজ এটা করব না।" তাদের শিক্ষকরা আজ আমাদের কাছে অনেক সর্বোতকৃষ্ট ছিলেন (উচ্চতর, বরং, আমাদের শিক্ষকদের কাছে), এবং তারা ব্যর্থ হয়েছিল। আমাদের আজকের মতো তাদের নয়শো ছিয়ানব্বইটি ভিন্ন সংগঠন ছিল না। তাদের ছিল প্রায় তিনটি। আর তিনটির মধ্যে, তিনটি অনুসরণ করুন, এবং তিনটির মধ্যে কেউ এটি স্বীকৃতি দেয়নি! শুধু দেখাতে যায় যে মানুষ যা করে তা ঈশ্বরের কাছে মূর্খতা। দেখুন?

36 এখন, তারা এটা চিনতে ব্যর্থ হয়েছে। এখন...আর তারা আবার একই কাজ করবে।

37 মানুষ...উদ্দেশ্য ভালো, এটা সবসময় ভালো। আর মানুষ কখনই তার ভঙ্গি পরিবর্তন করে না, সে কখনই তার পথ পরিবর্তন করে না; আমি পৃথিবীর মানুষের কথা বলছি। মানুষ সর্বদা ঈশ্বরের প্রশংসা করে, ধার্মিক ব্যক্তি, তিনি যা করেছেন তার জন্য, এবং সর্বদা লোকদের নির্দেশ করে যে তিনি কি করতে যাচ্ছেন, আর তারপর তিনি যা করছেন তা উপেক্ষা করে! দেখুন? এটা মানুষ, সে এইভাবে তৈরি হয়েছে, সে সবসময় এইভাবে ছিল। আর আপনারা আজ রাতে বাইবেল পাঠকরা জানেন যে এটি বাক্য অনুসারে, "ঠিক।" তারা সর্বদা ঈশ্বর যা করেছেন তার জন্য প্রশংসা করে, বলেন তিনি কি করবেন, এবং তিনি যা করছেন তা উপেক্ষা করেন। এটা মানুষের অভ্যাস মাত্র।

38 যে কারণে তারা এটা করেছিল, শিক্ষকরা, এখন আমার মতে: তারা বাক্যের ব্যাখ্যা করেছিল, কারণ তারা সকলেই আগত মশীহের উপর বিশ্বাস করেছিল। সমস্ত ইস্রায়েল এটা বিশ্বাস করেছিল, তারা আজও করে। কিন্তু যে কারণে তারা *তাঁকে* চিনতে পারেনি, তার বার্তা তাদের ধর্মীয় যোগ্যতা অনুসারে ছিল না। তারা...বাক্য বিষয়ে যা তাদের ব্যাখ্যা ছিল, মশীহ কখনই নিজেকে সেইভাবে প্রকাশ

করেননি যেভাবে তারা ব্যাখ্যা করেছিল যা তিনি এটি করবেন। তাই, আর সেই জন্য, তারা তাকে চিনতে পারেনি কারণ এটি তাদের ব্যাখ্যার সাথে খাপ খায় নি। যেমন আমি আগেও বলেছি, এবং আবার বলছি, "ঈশ্বর তাঁর বাক্য ব্যাখ্যা করার জন্য কারো প্রয়োজন নেই। তিনি নিজেই তাঁর ব্যাখ্যাকারী।"

39 এখন, বাইবেল বলে...আমাকে এখন প্রমাণ করতে দিন যে এটাই সত্য। ভাববাদী যিশাইয়, এই ঘটনার সাতশো পনেরো বছর আগে, ভাববাদী যিশাইয় বলেছিলেন, "একজন কুমারী গর্ভবতী হইবে, ও সন্তান প্রসব করিবে।" কোন সন্দেহ নেই যে সেই যুগে সবাই ভেবেছিল তাদের মেয়ে সেই মহিলা হবে, কারণ যিশাইয় এটা বলেছেন। কিন্তু, আপনারা দেখুন, এটা সাতশ বছর পরে ছিল। কিন্তু যখন...ঈশ্বরকে তাঁর বাক্যের ব্যাখ্যা করার জন্য কারো প্রয়োজন ছিল না, তিনি কখন এটি করবেন, অথবা তিনি কিভাবে এটি করবেন। তিনি বলেছিলেন তিনি এটা করবেন, আর তিনি এটা করেছিলেন!

40 ঈশ্বর প্রতিশ্রুতি দিয়েছেন যে তিনি, যিশাইয়তে, এছাড়াও, আমি বিশ্বাস করি ২৮ তম অধ্যায়, ১৮ তম পদে প্রায়, এবং যোয়েল ২:২৮ এও, যে শেষ সময়ে, গত দুই হাজার বছরে, তিনি সমস্ত মানুষের উপর তাঁর আত্মা ঢেলে দেবেন। তিনি বলেছিলেন, "তোমাদের পুত্রকন্যাগণ ভাববাণী বলিবে। তোমাদের যুবকেরা দর্শন পাইবে। তোমাদের প্রাচীনেরা স্বপ্ন দেখিবে।" আর তিনি যে কাজগুলো করবেন, যিশাইয় বলেছেন, "আমি অস্পষ্ট ওষ্ঠ ও অন্যান্য ভাষা দ্বারা এই লোকদের সহিত কথা বলিব, আর এটি বিশ্রামস্থান।" কিন্তু তারা এটা শুনবে না। তারা তাদের মাথা নেড়ে এর পাশ দিয়ে হেঁটে চলে যায়। তিনি বলেছিলেন, "ঈশ্বরের সমস্ত মেজ বমিতে পূর্ণ হইবে, এবং কিছুই শুচি থাকিবে না।" আর যদি সেটা যিরূশালেমের ছবি না হয়, আর আসন্ন মশীহের সেই দিনের মণ্ডলীর ছবি না হয়, এটা আজকের ছবি সেই একই। এটা শুধু নিজেকে পুনরাবৃত্তি করছে।

41 এখন, যখন ঈশ্বর বলেন তিনি একটি কাজ করবেন, তিনি তা করেছেন। অন্য কেউ এই বিষয়ে যাই ভাবুক না কেন, কেউ কি বলে, যখন ঈশ্বর কিছু বলেন, তিনি নিজেই সেই বাক্যটির ব্যাখ্যা করতে বাধ্য। এবং বাক্যের প্রতি তাঁর প্রমাণ হল তাঁর নিজের ব্যাখ্যা। লক্ষ্য করুন, তাঁর মশীহের বার্তাকে প্রমাণিত করা। তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে মশীহ যখন আসবেন তখন তিনি কী করবেন। আর যখন তিনি আসেন...

42 এমনকি যখন পূর্বের জ্ঞানী ব্যক্তিরা দক্ষিণ-পশ্চিম দিকে তাকিয়েছিলেন, যেখান থেকে তারা বাবিলে ছিলেন, আর তারা একটি মহিমান্বিত তারকা দেখেছিলেন। আপনি কি জানেন যে ইতিহাসের একটি অংশও নেই, কোথাও, কোন পর্যবেক্ষণাগার নেই (যেখানে তারা এমনকি নক্ষত্র দ্বারা—সেই—সেই সময়টি রেখেছিলেন, সেই মহান ব্যক্তি যিনি এই তারকাগুলি অধ্যয়ন করেছিলেন)...এমন কোন ইতিহাস নেই যে তাদের মধ্যে কেউ সেই তারকাটিকে দেখেছেন। কেন? এটা তাদের দেওয়া হয়নি, তারা এমন কিছু খুঁজছিল না। কিন্তু এই জ্ঞানী ব্যক্তিরা জানতেন যে যাকোবের একটি নক্ষত্রের উদয় হবে, আর তারা এটি খুঁজছিলেন, এবং এটি বেথলেহেমে যীশুর জন্মের সময় থেকে চলে গেছে...

43 এখন, আমি আমাদের খ্রিস্টান পরম্পরাগত বিধি জানি, এটা ঠিক আমাদের গীর্জাগুলির মতো, এর বিষয়গুলি বিশৃঙ্খলায় রয়েছে। আপনি এখানে বাইরে যান এবং আপনি দেখতে পাবেন জ্ঞানী ব্যক্তি একটি শিশুর উপাসনা করতে আসছেন; শাস্ত্রে এমন কিছু নেই। দুই বছর পরে তারা সেখানে পৌঁছায়, সমভূমির মধ্য দিয়ে এবং টাইগ্রিস নদীর ওপার থেকে চলে আসে। তারা কখনও একটি শিশুর উপাসনা করতে আসে নি, কিন্তু প্রায় দুই বছর বয়সী একটি ছোট শিশু। কেন এটা, একই সময়ে, হেরোদ দুই বছরের কম বয়সী সমস্ত শিশুকে হত্যা করেছিল? যেন সে মশীহকে ধরতে পারে। আপনারা দেখুন, তারা...ঈশ্বর তাঁর বাক্যের দ্বারা প্রমাণিত করেছিলেন।

44 আর যখন এই জ্ঞানী ব্যক্তিরা যিরূশালেমে আসেন...তারকা তাদের বিশ্বের ধর্মীয় রাজধানী, যিরূশালেমে নিয়ে যায়। আর যখনই তারা সেই দরজাগুলিতে প্রবেশ করেছিল, সেই তারকাটি (যে অতিপ্রাকৃত তাদের নেতৃত্ব দিয়েছিল) তাদের পথপ্রদর্শন করতে অস্বীকার করেছিল। রাস্তায় এদিকে-ওদিকে এই ব্যক্তিরা, আচ্ছাদিত উট সহ ধনী ব্যক্তিরা, আর এইরকম...এদিকে ওদিকে রাস্তায় বলছে, “যিনি ইহুদিদের রাজা হয়ে জন্মগ্রহণ করেছেন তিনি কোথায়। আমরা পূর্ব দিকে তাঁর তারকাকে দেখেছি।” আর সেই ধর্মীয় রাজধানী, মেষপালকের বার্তার দুই বছর পর, এখনও উত্তর ছিল না অথবা এই সম্পর্কে কিছুই জানত না। সমস্ত ধর্মসম্প্রদায়ের প্রধানদের কাছে এর উত্তর ছিল না।

45 তাই এটা সানহেড্রিনকে বিরক্ত করেছিল আর তারা লেখকদের পাঠ করার জন্য আহ্বান করেছিল। আর তারা মীখার কাহিনী পাঠ করে, সেই ভাববাদী যিনি বলেছিলেন, “তুমি বৈৎলেহম, তুমি কি

যিহূদার সমস্ত অধ্যক্ষদের মধ্যে ক্ষুদ্র নও (সর্বনিম্ন), কিন্তু তোমার মধ্য হইতে একজন শাসনকর্তা উৎপন্ন হইবেন, যিনি আমার প্রজা ইস্রায়েলকে শাসন করিবেন।" আর শাস্ত্র পাঠ করার পরে (আর এখনও তাদের চোখের সামনে প্রমাণিত হচ্ছে), তারা তবুও এটা গ্রহণ করেনি, যদিও শাস্ত্র তাই বলেছে। আমি খুব সন্দেহ করি যে তারা আজ করবে, যদি এই দিনের জন্য প্রতিশ্রুত শাস্ত্র প্রকাশিত হতো। আমি হয়তো আর কখনো আপনাদের কাছে প্রচার করবো না, কিন্তু আমি চাই আপনারা এটা বুঝুন। তবুও তারা বিশ্বাস করবে না!

46 পিতার মহান জ্ঞান মানুষের জ্ঞানকে এতটাই মূর্খ করে তোলে যে তিনি মানুষকে ছোট করেন। তিনি আসলে সেই স্থানে আসেন যেখানে এটি মানুষকে নিজের জন্য এত লজ্জিত বোধ করায়, এবং সে স্বীকার করার জন্য যথেষ্ট বড় নয় যে সে "ভুল"। সে এখনও তার গল্পের সাথে থাকে, পিতা যতই প্রমাণ করেন যে তার বাক্য সত্য আর তিনি যা করার প্রতিশ্রুতি দিয়েছিলেন ঠিক তাই করছেন। মানুষ মনে করে তার প্রজ্ঞা ঈশ্বরের চেয়ে অনেক উচ্চতর, যদি এটি তার প্রজ্ঞা অনুসারে না আসে, "কেন, এটা এমন নয়।" এটা প্রতিটি যুগে সত্য, এখনও এটা তাই। দেখুন পুরো বিষয়টি কতটা মানানসই ছিল, এখন?

47 সেই পশুপালকদের জন্য কী অনুপ্রেরণা! দূতেরা পশুপালকদের সঙ্গে কথা বলতে আসছেন, ঈশ্বরের দূতরা একদল রাখালের সঙ্গে কথা বলতে আসছেন।

48 আমি ভাবছি আপনার কি কখনো—একজন রাখালের সঙ্গে কথা বলার অথবা একজনের সঙ্গে কিছুক্ষণ থাকার সৌভাগ্য পেয়েছেন? আপনি যদি চান, আমি—আমি এটা বলতে চাই না কারণ আমার মন্তব্যের জন্য আমি কিছুক্ষণ পরে বলতে যাচ্ছি, কিন্তু মেষপালক ভেড়ার সঙ্গে এতটাই থাকে যতক্ষণ না সে ভেড়ার মতো হাসে (হাসতে থাকে), সে ভেড়ার মতো কথা বলেন, আর সে ভেড়ার মত গন্ধযুক্ত হয়। সেটা ঠিক, কারণ সে ভেড়ার সঙ্গে আছে। তিনি শুধু এইটুকুই জানেন, তার ভেড়া।

49 এখন, সত্যের প্রমাণিত বাক্য। যখন এই মেষপালকেরা, নম্র, অশিক্ষিত মানুষ...কত সম্মানের বিষয়, একজন মেষপালকের জন্য একটি নবজাত মেষের বার্তা পাওয়া কতটা উপযুক্ত। এটা একজন মেষপালক ছাড়া আর কিছুই হতে পারে না। এই কারণেই তিনি আস্তাবলে জন্মগ্রহণ করেছিলেন, বাড়িতে নয়। মেষের জন্ম বাড়িতে

হয় না, অথবা গোলাপী সজ্জিত হাসপাতালের ঘরে। দেখুন ? তারা শস্যাগারে এবং ক্ষেতে জন্মগ্রহণ করে।

50 এই কারণেই তাঁকে কালভেরীতে *নিয়ে যাওয়া* হয়েছিল। আপনি একটি মেষকে বধ করার জন্য চলাচলের পথ দিয়ে হাঁটতে বাধ্য করতে পারবেন না। আপনি কি সেটা জানেন ? বধ্যভূমিতে, তাদের একটি ছাগল আছে যা ভেড়াদের নিয়ে যায়। আর যখন সে বধ করার স্থানটিতে যায়, তখন সে লাফিয়ে বেরিয়ে যায় এবং ভেড়াদের যেতে দেয়। একটি ভেড়াকে পরিচালনা করতে হয়, সে নিজেকে পরিচালনা করতে পারে না। তাই, তাই, মেষপালককে... তার মেষদের জন্য আসতে হয়েছিল। যখন তারা ঈশ্বর-শিশুকে খুঁজে পেয়েছিলেন ঠিক যেখানে দূত বলেছিলেন তিনি হবেন, এবং যখন তারা সেই বার্তাবাহকের এই বার্তাটি যাবপাত্রের মধ্যে খুঁজে পায়, ঠিক যেখানে স্বর্গদূত বলেছিলেন এটি হবে।

51 এখন, আমি লোকদের বলতে শুনেছি, "একজন স্বর্গদূত আমার সাথে কথা বলেছিলেন, তিনি বলেছিলেন, '*এইরকম* এবং *এইরকম।*'" কতটা হাস্যকর কখনও কখনও; আর আমি লোকদের বলতে শুনেছি যে একজন স্বর্গদূত তাদের সাথে কথা বলেছেন, এবং তাদের বলেছেন "*এইরকম* এবং *এইরকম*" যা বাক্যের সাথে সম্পূর্ণ বিপরীত ছিল। এখন, কিভাবে একজন স্বর্গদূত এটা করতে পারেন ? এটা হতে পারে না। আর যদি ঈশ্বর আপনাকে বলেন একটি *নির্দিষ্ট-নির্দিষ্ট* বিষয় ঘটবে (আপনি *বলেন* তিনি আপনাকে সেটা বলেছেন), আর এটা ঘটে না, তাহলে ঈশ্বর আপনার সাথে কথা বলছিলেন না। শুধু মনে রাখবেন, সেটা ঠিক। ঈশ্বর মিথ্যা বলেন না। তাকে মিথ্যার মধ্যে পাওয়া যায়নি।

52 যখন তারা শিশুটিকে খুঁজে পেয়েছিল, তখন তাদের জন্য এটি কত আনন্দময় হয়েছিল। কারণ যে স্বর্গদূত তাদের বার্তা দিয়েছিলেন, তারা ঠিক সেইভাবে এটি খুঁজে পেয়েছিল যেভাবে স্বর্গদূত বলেছিলেন, এবং ঠিক সেই স্থানে যেখানে স্বর্গদূত বলেছিলেন যে এটি হবে। সেটা নিশ্চয়ই তাদের কাছে এক অসাধারণ ব্যাপার ছিল !

53 একটি যাবপাত্রে, কেন ? দেখুন এই পশুপালকরা আস্তাবলে কতটা স্বস্তিতে ছিলেন ? আপনি কি মনে করেন একজন ধর্মতত্ত্ববিদ সেখানে থাকতেন ? সে তার নাকে একটি পিন লাগিয়ে বলত, "আমাকে এই স্থান থেকে বের করে নেও।" দেখুন ? সে এর থেকে বাইরে থাকত, সে দুঃখে থাকত।

54 কিন্তু, আপনারা দেখুন, এটা মেষপালকের কাছে "ঠিক যেমন

বাড়িতে” ছিল। ঈশ্বর জানেন কোথায় তাঁর বার্তা পাঠাতে হবে। দেখুন? একদম ঠিক। এই অবস্থায় মেষপালকেরা তখন, তাদের আস্তানায় তাদের মেষশাবকের সঙ্গে, একটি প্রমাণিত বার্তা যা তারা শুনেছিল। কত সুন্দর! মশীহের উপস্থিতিতে, তাদের বার্তার প্রমাণিত বাক্য। যখন মেষপালকেরা শুনল যে মশীহ পৃথিবীতে আছেন এবং তাঁর উপস্থিতিতে এসেছেন, ঠিক তাদের নিজস্ব পরিবেশে, এবং বার্তাটিকে সত্য বলে খুঁজে পান, সেখানে প্রমাণিত হয়েছিল, এটি অবশ্যই সেই ব্যক্তিদের কেমন অনুভব করিয়েছিল খুঁজে পাওয়ার জন্য যে ঈশ্বর তাদের জন্য এই মহান কাজটি করেছেন!

55 কেন, পণ্ডিতরা সেখানে স্থানের বাইরে থাকতেন, এইরকম পরিস্থিতিতে, তারা দ্রুত চলে যেতেন। কেন? বার্তাবাহক সাধারণ পশুপালকদের কাছে আসছেন। হয়তো তারা পারে নি...এই... এই পশুপালকদের মধ্যে কিছু হয়তো তাদের নিজের নামে স্বাক্ষর করতেও সক্ষম হয়নি, খুব সন্দেহজনক। আপনারা জানেন যে যীশু যখন পৃথিবীতে ছিলেন, তাঁর মেষ পালন করার জন্য যে পশুপালকদের বেছে নিয়েছিলেন, “পিতর, তুমি কি আমাকে ইহাদের চেয়েও অধিক প্রেম কর?”

56 “হ্যাঁ, প্রভু, আপনি জানেন আমি আপনাকে ভালবাসি।”

57 “আমার মেষগণকে চরাও।” আর বাইবেল বলে যে পিতর একজন অজ্ঞ এবং অশিক্ষিত মানুষ ছিলেন। এখনও মেষপালক বেছে নিচ্ছেন।

58 সেই অতীত দিনের মণ্ডলীর সদস্যরা এবং যাজকরা, আর সেই সময়ে সুপ্রশিক্ষিত সমাজ একটি গোয়ালঘরে স্থিতিশীলতার স্থানের বাইরে ছিল। এখন, আমি নিশ্চিত নই যে আপনারা অনেকেই বুঝতে পারেন (হয়তো, আপনারা শহরের মানুষ) একটি যিহূদার গোয়ালঘরের গন্ধ কেমন ছিল, দেখতে কেমন ছিল, সেই গোয়ালঘরের পশুদের মতো, আর এটি কেমন ছিল। কেন, আজকের এই ক্লাসিকগুলির মধ্যে কিছু এমন স্থানের বাইরে থাকবে, তারা—তারা এমনকি দরজা দিয়েও প্রবেশ করবে না। কিন্তু এটা ঈশ্বরকে সন্তুষ্ট করেছিলেন, তাঁর অসীম জ্ঞান দ্বারা, যারা এটি গ্রহণ করে তাদের কাছে এটি প্রকাশ করতে। সেই সময়ের পণ্ডিত এবং জ্ঞানী ব্যক্তিরা অবশ্যই এটি গ্রহণ করতেন না। এমন জায়গায় এসে তারা এত অপমানিত মনে করতো।

59 কেন, প্রথম স্থানে, যদি তারা তাদের গির্জায় ফিরে যেত, এবং

প্রত্যক্ষ করতো যে তারা এমন একটি সভায় যোগ দিয়েছে, এবং বিশ্বাস করতো একদল অশিক্ষিত মেষপালক এমন একটি ঘটনা নিয়ে আসছে, তাদের গির্জা থেকে বহিষ্কার করা হতো। তারা বেথলেহেমের সমাজ থেকে বের করে দেওয়া হতো, যদি তারা এই মেষপালকদের মতো অশিক্ষিত লোকদের কথা শুনে ধরা পড়ে যেত। অপমানিত, তারা অবশ্যই হতো। যদি তারা এমন সাধারণ মানুষের সাথে যুক্ত হতো, আর...এই ধরনের ধর্মবিরোধীদের গ্রহণ করে বিশ্বাস করা যে ঈশ্বর তাঁর বার্তা একটি অশিক্ষিত মেষপালকদের কাছে নিয়ে আসবেন, যখন তারা এর জন্য সবকিছু প্রস্তুত করেছিল। তারা তাদের অধিভুক্ততা হারিয়ে ফেলত, তাদের সেই কাগজপত্র দিয়ে দিতে হবে, এবং সেই দিনে তাদের গোষ্ঠীর সমাজের মধ্যে স্বীকৃত হতে সক্ষম হবে না; কারণ তারা এমন একটি বিষয়ের সাথে যুক্ত হয়েছিল, এবং একটি উন্নত মনের সাথে নয়।

60 "তোমার সাহস কত!" যাজক হয়তো বলতেন। "তুমি এখানে এমন ধর্মদ্রোহিতার সঙ্গে আমার মন্দিরে এসেছ, এতটা মূর্খতার সাথে, যে সেখানে কিছু অশিক্ষিত বন্য মানুষ যারা প্রাথমিক পাঠের মাধ্যমে...যায়নি...যায়নি। আর এই ধরনের বার্তা বিশ্বাস করবে, যে, 'একজন স্বর্গদূত নেমে এসে তাদের সঙ্গে কথা বলেছেন'?"

61 কিন্তু যদি সেই ব্যক্তি বলেন, "আমি তার বার্তা প্রমাণিত হতে দেখেছি"?

62 তিনি বলবেন, "আমাকে তাড়াতাড়ি তোমার কাগজপত্র দিতে দাও। আর এই সমাজ থেকে বেরিয়ে যাও!" সময় বদলায়, কিন্তু মানুষ বদলায় না। এটা সম্ভবত আজ আবার ঘটত, তাদের গীর্জা থেকে বের করে দেওয়া হতো।

63 কিন্তু মেষপালকেরা ঈশ্বরের মেষশাবকের সঙ্গে সেই স্থানে সম্পূর্ণ স্বস্তি বোধ করেছিল। আর যে কোন ভালো মেষপালকও একই কাজ করেন। যখন মেষের উপর একজন ভালো মেষপালক ঈশ্বরের বাক্যকে স্পষ্ট এবং প্রমাণিত দেখতে পায়, তিনি যা করার প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেই মেষপালকেরা ঠিক বাড়িতে। অন্য কেউ কি বলে তাতে আমার কিছু যায় আসে না, সেখানে "ঈশ্বর এটা প্রতিশ্রুতি দিয়েছেন, আর ঈশ্বর এটা করেছেন।"

64 তারা বলে, "অলৌকিক কার্যের দিন শেষ। আত্মার বাপ্তিস্ম বলে কিছু নেই। পবিত্র আত্মার বাপ্তিস্ম বলে কিছু নেই, সেটি প্রেরিতদের জন্য ছিল।"

65 কিন্তু বাক্যের একজন প্রকৃত মেষপালক পুনরুত্থানের শক্তিতে

এটি প্রচার করুন, যে যীশু খ্রীষ্ট কাল, আজ এবং অনন্ত কাল একই! পিতর পঞ্চাশত্তমীর দিনে বলেছিলেন, "এই প্রতিশ্রুতি তোমাদের জন্য, তোমাদের সন্তানদের জন্য এবং দূরবর্তী লোকদের জন্য, আমাদের ঈশ্বর সদাপ্রভু যাহাদিগকে আহ্বান করিবেন।" তিনি যেখানেই আহ্বান করেন, সেই প্রতিশ্রুতি এবং একই আশীর্বাদ সত্য। আর একজন প্রকৃত বাক্য ভোজন করানো মেষপালককে এটি প্রমাণিত দেখতে দিন, বিশ্বের সমস্ত ধর্মতত্ত্ববিদ তার কাছ থেকে এটি কেড়ে নিতে পারে না; কারণ তিনি জানেন ঈশ্বর তাই বলেছেন, আর এটা হয়ে থাকে। এটাই সব। এটা সবসময় ঈশ্বরের বাক্য। তাঁর বাক্য দেহধারণ করেছিলেন এবং তাদের মধ্যে বাস করছিলেন, আর তারা এটা জানত না।

66 এই দিনেও তিনি একই প্রতিশ্রুতি দিয়েছেন। আমি ভাবছি আমরা এটা চিনতে পারব কিনা? গর্বিত এবং জ্ঞানী ব্যক্তিরা কখনও এমন কিছু গ্রহণ করেনি। আর তারা বিশ্বাস করতো যদি পৃথিবীতে মশীহের মতো কেউ থাকেন, এটি অবশ্যই তাদের ধর্মসম্প্রদায়ে আসতে হবে। এটি তাদের গোষ্ঠী তাকে গ্রহণ করবে, নতুবা "এটি ঠিক নয়।" এখন, শুধু সঠিকভাবে চিন্তা করুন। যদি এটি তাদের দলে না থাকে, তাহলে...আপনি কি লক্ষ্য করেছেন, তাহলে? ঈশ্বর কখনই তাদের গোষ্ঠীর মধ্য থেকে কাউকে বেছে নেননি, কিন্তু তিনি তাদের বেছে নিয়েছিলেন যারা এর কোনটির সাথে যুক্ত ছিলেন না। কারণ একটি গোষ্ঠী বলত, "আপনি দেখুন আমরা কি করেছি?" আর তারা আজও তাই করবে। কিন্তু ঈশ্বর নগণ্যকে বেছে নেন, এই কারণেই তিনি মেষপালককে বেছে নিয়েছিলেন। মেষপালকেরা, ঈশ্বর-মেষশাবককে তাদের মধ্যে নিয়ে সম্পূর্ণরূপে গৃহে ছিল, তাঁর বাক্য তাদের মধ্যে দেহধারণ করেছিল। গর্বিত এবং জ্ঞানী ব্যক্তিরা কখনই এটি গ্রহণ করেনি, তাদের পাশ দিয়ে চলে যায়।

67 আর আমরা আজকের জন্য, অথবা যে কোন যুগে বলতে পারি। মার্টিন লুথারের সময়েও একই বিষয় ছিল। জন ওয়েসলির সময়ে একই জিনিস। পেন্টিকোস্টালদের সময়েও একই বিষয় ছিল। কিন্তু ঈশ্বর কোন মানুষের সংগঠনের জন্য থেমে যান না! তিনি তাঁর বাক্যকে প্রমাণ করার জন্য তাঁর আত্মাকে সরাসরি চালনা করেন! এটা হতে হবে এবং তাদের নিজস্ব কাউন্সিলের ক্লাসে আসতে হবে নতুবা তারা এটা গ্রহণ করবে না। যেহেতু তারা আজ খুব শক্তিশালী, সমস্ত মণ্ডলী, যে তারা "*অমুক-অমুক* কাজ করবে, এবং সমস্ত মণ্ডলীকে একত্রিত করবে।" যদি তারা এখন একজন বার্তাবাহকের সন্ধান করে, যিনি সমস্ত প্রোটেস্ট্যান্ট, ক্যাথলিক এবং অর্থোডক্সকে

একত্রিত করতে পারে, সবকিছু একসাথে, একটি বৃহৎ গির্জা তৈরি করা।

68 এখন, ভাইয়েরা, আমি শত শত বিভিন্ন ধর্মের কাছে প্রচার করার সৌভাগ্য পেয়েছি, আর তাদের সবার মধ্যেই ভালো মানুষ আছে। কিন্তু এখন, আপনাদের মনে আছে, আমি ভবিষ্যদ্বাণী করছি, "প্রত্যেক সংগঠনকে এটা মেনে নিতে হবে, নতুবা সংগঠন হবে না। এটা আপনাকে বাধ্য করছে।" আপনি কি আজ টুকসনের কাগজ পড়েছেন যেখানে ক্যাথলিক যাজকরা অভিষিক্ত করতে সহায়তা করেছেন, কাগজে...অভিষিক্ত করতে, মিসৌরিতে, একজন প্রোটেস্ট্যান্ট পাদ্রী? আর কে এটা চিনতে পেরেছিল? প্রেসবিটেরিয়ান, ব্যাপটিস্ট, লুথারেন, এবং এসেম্বলিজ অফ গড। এটা আজ টুকসন কাগজে আছে।

69 ওহ, এটা হতবাক করার বিষয়! এটা সেখানের লোক নয়, এটা তারা ধর্মযাজক, সরকারী প্রধান যারা সেখানে জিনিসটিকে মোচড় দেয়, সিস্টেম যা আপনাকে এতে নিক্ষেপ করে, আপনি চান বা না চান। আপনি আর একটি সংগঠন হতে পারবেন না এবং পৃথিবীতে আসন্ন এই ক্রোধ থেকে বাঁচতে পারবেন, আর আপনারা দেখুন এটা ঠিক কি না। যখন এটা ঘটবে আমি হয়তো চলে যাব, এই টেপের একটির দিকে ফিরে দেখুন। আর যদি এটা না হয়, আমি একজন মিথ্যা সাক্ষী। যদি এটা হয়ে থাকে, আমি সত্য বলেছি।

70 তারা এটাকে তাদের ইতিবাচক চিন্তার বিরুদ্ধে "এক প্রকার মন্দ আত্মার কাজ" বলত। আপনি আজ ইতিবাচক চিন্তাভাবনা সম্পর্কে অনেক কিছু শুনেছেন: আপনি যে কোনও বিষয়ে আপনার মন রাখুন, এবং এটির উপর ইতিবাচক চিন্তা করুন। শয়তান সেটা করতে পারে! শুধুমাত্র একটি বিষয় আছে যা সকলের উপর শাসন করে, আর সেটা হল ঈশ্বরের বাক্য। আপনি যদি বাক্যের বিপরীত চিন্তা করেন, আপনার চিন্তাভাবনা ভুলে যান। বাক্য নিয়ে চিন্তা করুন।

71 "মশীহ," তারা ভেবেছিল, "এমন জায়গায় পাওয়া যাবে না, ঠিক ওইরকম একটা বিশৃঙ্খলা।"

72 আপনি কি একজন ভালো, মহান মহাযাজক, অথবা যাজক কল্পনা করতে পারেন, সকল ধর্মতত্ত্বে পালিশ করা, গোবর ভরা গোয়ালঘরে নেমে আসবে? এবং একজন দরিদ্র, নম্র মেষপালকের বার্তা গ্রহণ করবে যার কোন শিক্ষা ছিল না, আর এসে বলবে "দেখুন, আমি আপনার কাছে এটা প্রমাণ করতে পারি, ইনি সেই শিশু, ইনি সেই বার্তাবাহক"?

73 আর আপনি জানেন যে লোকেরা তাদের কি বলতো? "লোকটি সৎ, তিনি যা বলছেন তাতে তিনি খুব আন্তরিক, কিন্তু তিনি সম্পূর্ণভাবে ভুল!"

74 আমি এমন লোকদের দেখেছি যারা এত ভালো জীবনযাপন করে, যতক্ষণ না অন্যরা তা বিশ্বাস করতে পারে, তাদের সম্পর্কে খারাপ কিছুই বলতে পারে না, কিন্তু তারা বলে "তিনি আন্তরিকভাবে ভুল। তিনি জানেন না তিনি কি বিষয়ে কথা বলছেন। ঈশ্বর, তিনি এমন কাজ করবেন না।"

75 কিন্তু এখানে তাদের কাছে প্রমাণ ছিল! আর প্রমাণের পরে, "সেখানে গোয়ালঘরে যাও আর দেখো যে শিশুটি সেখানে শুয়ে আছে কিনা।"

76 তারা বলবে, "আপনি কোন মন্দ আত্মা দ্বারা জাদু করেছেন, যে কারণে আপনি এইরকম কথা বলেছেন।" তবুও এটা ঈশ্বরের বাক্য অনুসারে হয়েছিল! আর তারা এটা দেখতে খুব অন্ধ ছিল, কারণ তাদের ধর্মতত্ত্ব তাদের অন্ধ করেছিল। কি একটি মর্মান্তিক ঘটনা!

77 "এমন জায়গায় আটকে পড়া? এরকম একটা বিশৃঙ্খল অবস্থার মধ্যে? একটি গোয়ালঘরে?" যখন তাদের কাছে তাঁর আসার জন্য একটি সুন্দর স্থান ছিল, তখন তাঁর আসার জন্য তাদের সবকিছু ঠিক করা ছিল, আর তারপরে মনে করা যে তিনি নেমে আসবেন (আর যাবেন) এবং তাদের শিক্ষকদের কাছে বার্তা নিয়ে আসবেন না। "আর এটি একদল অশিক্ষিত মেষপালককে দেবেন? আর তারপর তাঁর নিজের পুত্রকে নিয়ে আসেন, আর তাকে একটি—একটি গোয়ালঘরে জন্মগ্রহণ দেন? একটি সাধারণ গোয়ালঘরে? আচ্ছা, একটি—একটি খড়ের যাবপাত্রে? কেন, এটা এমন হতে পারে না!" তারা এটা বিশ্বাস করবে না, কারণ এটা খুবই নম্র ছিল।

78 আর এটা এত সহজ, জ্ঞানীরা সবসময় এটাকে উপেক্ষা করে। এটা এত সহজ, এটা তাদের বিভ্রান্ত করে। তারা সেখানে ঈশ্বরের পথ খুঁজছিল, যখন তিনি ঠিক এখানে ছিলেন। দেখুন? তারা অন্য কিছু খুঁজছে, যখন এটি এখন তাদের সাথে ছিল: খ্রীষ্ট, মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত, কাল, আজ এবং অনন্ত কাল একই।

79 তাদের সমস্ত বৃহৎ বিষয় উপেক্ষা করা হয়েছিল। কিন্তু এটা নিশ্চিত সত্য ছিল, যে "সেখানে মশীহ্ ছিলেন।" আমরা আজ এটা জানি। আমরা আজ এটা বিশ্বাস করি। আমরা আজ এটা গ্রহণ করি।

80 কিন্তু তারপর যদি ঈশ্বর এই ক্রিসমাসের জন্য কিছু প্রতিশ্রুতি দেন, এই দিনের জন্য কিছু প্রতিশ্রুতি দেন, এবং প্রমাণ করেন যে

এটি তাই, আর আমরা তবুও এটি থেকে দূরে চলে যাই, আমরা ঠিক একই শ্রেণীতে যেমন তারা সেই দিন ছিল, সেখানে যখন এটিকে উপেক্ষা করা হয়েছিল; কারণ এটা—আমাদের ধর্মসম্প্রদায়ের স্বাদে আসে না। এই কারণেই আমরা এই ক্রিসমাসে এমন বিশৃঙ্খলার মধ্যে রয়েছি।

81 যীশু খ্রীষ্ট মৃত নন, তিনি জীবিত আছেন। তিনি আজ এখানে আছেন! বাইবেল বলে, "তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই।" তিনি বলেছেন, যোহন লিখিত সুসমাচারে ১৪:১২ পদে, "যে আমাতে বিশ্বাস করে..." (যে বিশ্বাস করার ভান করে নয়, যে *বলে* যে সে বিশ্বাস করে) "যে আমাতে বিশ্বাস করে, আমি যে সকল কার্য্য করিতেছি, সেও করিবে। আর ইহার চেয়েও অধিক সে করিবে, কারণ আমি পিতার নিকটে যাইতেছি।" আর আমি তাঁকে দেখেছি, আমার নিজের জীবনে, একই কাজ বেশি করে করতে (যা তিনি তখন করেছিলেন) যা এই বাইবেলের পাতায় লেখা আছে। আর এটা আজ জ্ঞানীদের মাথার উপরে চলে যায়, এবং শিশুদের কাছে প্রকাশিত হয় যারা শিখবে; যেমন যীশু প্রার্থনা করেছিলেন। এটা সত্য, তিনি তার চেয়ে বেশি করেছেন...আমি আমার দিনে, আমার তেত্রিশ বছরের সেবাকার্যের সময় দেখেছি, আমি বাইবেলে তাঁর সম্পর্কে যতটা পড়েছি তার চেয়ে বেশি তাকে করতে দেখেছি; একই জিনিস অধিক।

82 কিন্তু তখন তিনি যাই করে থাকেন না কেন, আপনি কি মনে করেন যে মহাসভা তাঁকে বিশ্বাস করেছিল? "ঠিক আছে," তারা বলেছিল, "তুমি জাদুগ্রস্ত।" কিন্তু, খুঁজে বের করুন, তারা কোথায় ভুল করেছে তা খুঁজে বের করতে...খুঁজে বের করাতে, তাদের ধর্মমত কি বলে তা নয়, কিন্তু বাক্য কি বলেছে, মশীহ্ তাদের দিনে কি করবেন। আর সেখানেই আজ আমরা ভুল করি, শাস্ত্র অনুসন্ধান না করে। যীশু তাদের বলেছিলেন, "তোমরা শাস্ত্র অনুসন্ধান কর, তোমরা মনে কর, তাতে তোমাদের অনন্ত জীবন আছে, আর তারাই আমার বিষয়ে সাক্ষ্য দেয়। তারা তোমাদের বলে আমি কে।"

83 লক্ষ্য করুন, ঈশ্বর আগে থেকেই জানতেন যে তারা এটা করবে, এটাই সেই *কেন* যে কারণে তাঁকে এটা মেষপালকদের কাছে নিয়ে যেতে হয়েছিল। তিনি জানতেন যে তারা এটা করবে না, তারা এটা গ্রহণ করবে না। এখন আপনি কি দেখতে পাচ্ছেন কেন এটি মেষপালক হতে হয়েছিল? কেন মেষপালক? ধর্মতত্ত্ববিদরা এটা গ্রহণ করবেন না। কেন আবার মেষপালকরা? এটা কি তাঁর বাক্যের বিপরীতে আসবে? না! তারা মেষপালক ছিল, তারা মেষকে

জানত; আর এটাই তিনি জন্মগ্রহণ করেছিলেন, একটি মেষ, একটি মেষশাবক। লক্ষ্য করুন, তিনি মেষশাবক ছিলেন। তারা ছিল—তারা একমাত্র ধরন ছিল, যারা তাঁকে গ্রহণ করবে। একজন মেষপালকই একমাত্র একটি মেষশাবককে গ্রহণ করবে। তারা জানত কিভাবে এর যত্ন নিতে হবে, আর আজও যখন আমরা মেষশাবকের বার্তা পাচ্ছি।

84 এখন লক্ষণীয়! সবচেয়ে নম্র, অশিক্ষিত লোক গোয়ালঘরে ইম্মানুয়েলকে উপাসনা করছে। সবচেয়ে...আর সেখানে লোকেরা সেখানে ছিল, একই সময়ে, তাদের ধর্মতত্ত্ব শিক্ষা দিচ্ছিল। বড় ভিড়, সর্বত্র, সমস্ত দেশ থেকে আসছে, তারা বলিদান করতে আসে যাকে যিহোবা বলেছিলেন "তাঁহার নাকের দুর্গন্ধ।" আর এখানে নম্র মেষপালকেরা ছিলেন, একটি গোয়ালঘরে, ইম্মানূয়েলকে উপাসনা করতে; ঈশ্বর নিজে দেহধারণ করেন, আর একটি গোয়ালঘরে শুয়ে আছেন। দেখুন, কিভাবে আমরা আমাদের বড় শিক্ষা নিয়ে, এবং আমাদের মাথা পিছনে করে যেন আমরা কিছু জানি, আর ঈশ্বর পুরো বিষয়টি এড়িয়ে যান। দেখুন? তিনি যা করার প্রতিশ্রুতি দেন তা করেন এবং তিনি সর্বদা তা করেন। কিন্তু সেখানে এই নিচু মেষপালকদের কথা ভাবুন যারা এখন ইম্মান-...ইম্মানুয়েলকে গোয়ালঘরে উপাসনা করছেন। এটা সবচেয়ে আকর্ষণীয়। নিশ্চয়ই!

85 তারপর বাইরে...তারা তাঁকে উপাসনা করার পরে, এবং বুঝতে পেরেছিলেন যে তারা যে বার্তা প্রচার করেছিলেন তা প্রমাণিত হয়েছিল, সেখানে তারা...একজন স্বর্গদূতের সবচেয়ে অবিশ্বাস্য বার্তা দিয়ে ঈশ্বরের প্রশংসা করছিল। এখন আজকের সঙ্গে এটি তুলনা করুন। শুধু এক মিনিট দাঁড়িয়ে চিন্তা করুন। মানুষ ঈশ্বরকে উপাসনা করছে, এবং তারা যা দেখেছিল, তারা যা শুনেছিল, তারা যা জানত সেটি সত্য তার জন্য তাঁর প্রশংসা করছে, সেই বার্তা নিয়ে যা বুদ্ধিজীবী মনের কাছে অবিশ্বাস্য ছিল। এটা সমস্ত ধর্মীয় চিন্তাধারার বিপরীত ছিল, আর তবুও এটি সত্য ছিল! এটি সত্য! তারা এটি বিশ্বাস করেছিল। আর এখন, মানুষের জ্ঞান কতটা মূর্খ হতে পারে! তারপর বলে যে একজন স্বর্গদূত গায়ক তাদের কাছে প্রথম স্তবগান গাইলেন। আপনি কি এটা কল্পনা করতে পারেন? যে একজন মেষপালক যে তার নাম লিখতে পারে না, মেষের যাবপাত্রের মতো গন্ধ নিয়ে, রাস্তায় হাঁটছিল, চিৎকার করে, "সর্বোচ্চ ঈশ্বরের মহিমা! আমরা জানি যে তিনি পৃথিবীতে আছেন!"

86 যাজক বললেন, "সেই লোকটি তার মস্তিষ্কের বাইরে। বইগুলো দেখুন আর দেখুন সে আমাদের মণ্ডলীর একজন সদস্য কিনা। সে

অবশ্যই তার অনৈতিক শিক্ষার দ্বারা আমাদের বিব্রত করে। তাকে আমাদের কাছ থেকে দূরে সরিয়ে দেও। আমরা লোকদের মধ্যে লজ্জিত হব না।"

87 ঠিক আছে, আপনি লোকদের মধ্যে লজ্জিত হতে পারেন এবং ঈশ্বরের সামনে মহিমান্বিত হতে পারেন; অথবা আপনার পছন্দ গ্রহণ করুন, কারণ, মনে রাখবেন, সেই সময়ের ধর্মীয় স্বাদ ঈশ্বরের বাক্যের সাথে মেল খায় নি। এতে নয়শ ঊনসত্তর ভিন্ন স্বাদ নেই। এটা এক স্বাদ, এক বাক্য, এক ঈশ্বর। এটাই সব।

88 এই বলে যে স্বর্গদূতেরা তাদের কাছে প্রথম স্তবগান গেয়েছিল, এবং এটাও বলে যে তারা "একজন স্বর্গদূতের কাছ থেকে একটি বার্তা পেয়েছে।" একজন স্বর্গদূত তাদের কাছে আবির্ভূত হলেন, তাদের একটি বার্তা দিয়েছেন, আর তারা গিয়ে জানতে পারলেন যে বার্তাটি সত্য। আর বললেন, "এটি ছাড়াও, সেই দূত আমাদের জন্য প্রথম স্তবগান গাইলেন।"

89 "আপনি কি কল্পনা করতে পারেন ?" তারা বলে, "সেই দরিদ্র লোকটি।" তাদের মধ্যে এমন কিছু ঘটতে পারেনি, আপনারা জানেন, তাই এটি তাদের কাছে এক অদ্ভুত মতবাদ ছিল। আর এই কারণেই তারা শাস্ত্রে এটি খুঁজে পায়নি, এটি খুঁজে পাওয়া তাদের জন্য ছিল না। জ্ঞানীদের কাছে অবিশ্বাস্য, তাদের সাথে এই ধরনের কোন অভিজ্ঞতা কখনও ঘটেনি। অবিশ্বাস্য, কিন্তু তবুও এটি সত্য ছিল। এটা সত্য, আমরা জানি এটা সত্য। ভাবুন! খ্রীষ্টের প্রথম ধর্মান্তরিত এবং প্রথম মণ্ডলী ছিল মেষপালকরা, যাজক নয়; মেষপালকরা, পশুপালকরা। কেন মেষপালকরা ?

90 লক্ষ্য করুন! তারা যা দেখেছে এবং শুনেছে তার জন্য ঈশ্বরের প্রশংসা ও গৌরব করছে, স্বর্গদূতদের প্রথমবার একজন মানুষের জন্য গান গাইতে শুনেছেন। স্বর্গদূতরা এর আগে কখনও একজন মানুষের জন্য গান করেননি। আর গায়ক দলের দিকে দেখুন, কিভাবে তারা দাঁড়িয়েছিল এবং সেই রবগুলিকে প্রশিক্ষণ দিয়েছিল, "তারা মশীহের জন্মের সময় গান গাইবে," আর তাদের সকলকেই উপেক্ষা করা হয়েছিল! আর স্বর্গদূতরা নেমে এসে সাধারণ মেষপালকের কাছে গান গেয়েছিলেন, যাজকদের পোশাক পরিধান করে নয়, কিন্তু মেষপালকদের পোশাক পরিধান করে। আর দেখুন কে প্রথম বার্তা পেয়েছে, এটা অবিশ্বাস্য।

91 আর যেখানে এটি দেওয়া হয়েছিল, ক্যাথিড্রালগুলিতে নয়, কিন্তু প্রান্তরে, প্রান্তরে যেখানে প্রভুর দূত এসেছিলেন। গির্জায় নয়,

প্রান্তরে। এমনকি তাঁকে মণ্ডলীতেও স্বাগত জানানো হয়নি। তারা ভেবেছিল যে তিনি ছিলেন, আর তারা ভেবেছিল যে তাদের কাছে এটি আছে, কিন্তু ঈশ্বর প্রমাণ করেছিলেন যে এটি ভুল ছিল। "তিনি এই প্রস্তরগুলি হইতে অব্রাহামের জন্য সন্তান উৎপন্ন করিতে সক্ষম।" সেটা ঠিক।

92 প্রথমবার যখন স্বর্গদূতরা একটি উদযাপনে গান গেয়েছিলেন, এটি স্বর্গে ছিল। আপনি যদি ইয়োব ৩৮:৭ দেখেন, (যেমন আমি আপনাদের মধ্যে কয়েকজনকে নোট করতে দেখি), যখন ঈশ্বর প্রথম তার প্রথম সৃষ্টি, পৃথিবী তৈরি করার পরিকল্পনা করেছিলেন। ইয়োব একজন মহান, বুদ্ধিমান ব্যক্তি ছিলেন এবং তার কাছে সব ধরনের প্রজ্ঞা ছিল। তিনি বলেছিলেন, "যখন আমি বাজারে যাই, যুবরাজরা, তারা সবাই আমার সামনে মাথা নত করে, আর আমার জ্ঞানের একটি মুহূর্ত চায়।" আর তিনি বুঝতে পারেননি কেন তার সাথে এইরকম আচরণ করা হয়ে থাকে।

93 আর তাই ঈশ্বর তাকে জিজ্ঞাসা করলেন, বললেন, "মানুষের মতো নিজেকে সাজিয়ে নাও, কারণ আমি তোমার সঙ্গে কথা বলতে আসছি।" আর যখন ঈশ্বর ঘূর্ণিবায়ুতে নেমে আসেন, তিনি বলেছিলেন, "ইয়োব, আমি পৃথিবীর ভিত্তি স্থাপন করার আগে তুমি কোথায় ছিলে ? যখন প্রভাতীয় নক্ষত্রগণ একত্রে আনন্দরব করিল, আর ঈশ্বরের পুত্রগণ আনন্দে চিৎকার করিল, তখন, ইয়োব, তুমি কোথায় ছিলে ?" আর সেই সময় তিনি নিস্তেজ হয়েছিলেন। "তুমি কোথায় ছিলে ?"

94 দেখুন, প্রথমবার স্বর্গদূতরা একটি উদযাপনে গান গেয়েছিলেন, সেটি স্বর্গে ছিল। কিন্তু প্রথমবার যখন তারা পৃথিবীতে গান গেয়েছিল, ঈশ্বরের জন্মের সময় মেষপালকদের জন্য, ইম্মানূয়েল পৃথিবীতে; প্রথম মানুষ যিনি একজন স্বর্গদূতকে গান গাইতে শুনেছেন, সেটি ছিল নম্র মেষপালকরা।

95 যখন আমরা আমাদের রং-মুখযুক্ত, বব চুল, হাফপ্যান্ট পরিহিত মহিলাদের নিই, এবং তাদের চারপাশে এক ধরণের গির্জার পোশাক দোলানো, এবং তাদের দাঁড় করিয়ে কিছু গান করা, আর তখন আমরা ভাবি যে ঈশ্বরকে সেটা শুনতে হবে ? তাঁর কাছে স্বর্গদূতরা আছে যারা তাঁকে বিনোদন দিতে পারে...তিনি একজন মানুষ সৃষ্টি করার আগে থেকে। আহ-হাহ। বাইরে বের হন এবং জীবনযাপন করেন, এবং এমন পোশাক পরিধান করেন যা ঈশ্বরের কাছে ঘৃণ্য, আর আপনি কীভাবে এটি ঈশ্বরের কাছ থেকে আশা করতে পারেন ? আপনি বলেন, "ঠিক আছে, আমি..."

96 "আমি যখন পৃথিবীর ভিত্তি স্থাপন করি তখন তুমি কোথায় ছিলে ? আমাকে বলো আমি তাদের কোথায় বেঁধে রেখেছি। তারা যে অক্ষটি পরিক্রমা করে তার অক্ষদণ্ড কোথায় ? তখন তুমি কোথায় ছিলে ?" আপনি মনে করেন যে ঈশ্বরকে আমাদের কাছে আমাদের কিছু বুদ্ধি চাইতে হবে। আমাদের জ্ঞান শুধুমাত্র তাঁর কাছে মূর্খতাপূর্ণ। তিনি যা বলেন তিনি তাই করেন।

97 এখন লক্ষ্য করুন, ঈশ্বর আরেকটি সৃষ্টি তৈরি করার জন্য ঠিক করছেন। তিনি নশ্বর পৃথিবী, নশ্বর জীবন সৃষ্টি করেছেন। স্বর্গে স্বর্গদূতেরা গান করছে। কিন্তু এখানে তিনি একটি নতুন জীবন সৃষ্টি করছেন, মানুষের জন্য অনন্ত জীবন, এবং তিনি স্বর্গদূতদের মাধ্যমে তাঁর প্রজাদের জন্য গান গাইছেন; পৃথিবীতে, স্বর্গে নয়। স্বর্গের অনন্ত জীবন ছিল। দেখুন ? আর তিনি গেয়েছিলেন...তারা স্বর্গের জন্য গান গেয়েছিল, যখন নশ্বর সৃষ্টি আসে; আর এখানে অবিনশ্বর সৃষ্টি আসছে, আর এখন তারা পার্থিব মানুষের জন্য গান করছে। প্রথমবার, মেষপালকদের কাছে। আকর্ষণীয়, তাই না ?

98 তিনি একটি নতুন সৃষ্টি শুরু করেছিলেন। এটা কি ছিল ? নিজের একটি সৃষ্টি। ঈশ্বর দেহধারন করেছিলেন এবং আমাদের মধ্যে বাস করেছিলেন। সেটি...বাইবেল বলে, "ঈশ্বরের সৃষ্টির আদিতে।" ঈশ্বরকে মানুষের আকারে সৃষ্টি করা হয়েছিল; যীশু খ্রীষ্টের মধ্যে, তাঁর পুত্র, ঈশ্বর বাস করেছিলেন। তিনি মাংস ও হাড় দিয়ে তাঁর আবাস তৈরি করেছিলেন, এবং সেই তাঁবুতে বাস করেছিলেন; ঈশ্বর, *ইম্মানূয়েল*, "ঈশ্বর আমাদের সঙ্গে।" তিনি নিজের জন্য একটি ঘর তৈরি করেছিলেন, এতে বসবাস করার জন্য, যাতে তিনি এর মাধ্যমে তাঁর প্রজাদের কাছে তাঁর বাক্য প্রতিফলিত করতে পারেন। আপনি জানেন ঈশ্বর কি, যখন আপনি খ্রীষ্টকে দেখেন।

99 মনে রাখবেন, রাজার জন্মের সময় সর্বদা গান করা হয়। এটা কতজন জানতেন ? অবশ্যই, আপনারা জানেন। ঠিক আছে, এখন, আপনি কি মনে করেন যদি এই রাজা সেখানে জন্মগ্রহণ করতেন, একজন মহিলা কোথাও দৌড়ে ক্যাথিড্রালে এসে বলতেন, "শীঘ্র একটি বিছানা প্রস্তুত করুন, আর ডাক্তারদের নিয়ে আসুন, কারণ আমি ইম্মানূয়েলকে পৃথিবীতে আনতে যাচ্ছি" ? নাসরত থেকে একজন দরিদ্র মহিলা, সর্বনিম্ন শহর, সেই...টুকসন বা তাদের বাকিদের থেকেও নিকৃষ্ট, আর সেই ছোট্ট মহিলাটি দৌড়ে সেখানে মহান মহাযাজকের কাছে এসে বলতেন, "আমি—আমি ইম্মানূয়েলকে জন্ম দেবার জন্য প্রস্তুত।" তারা তাকে কারাগারে নিক্ষেপ করতো। তারা নিশ্চয় করতো। তারা অবশ্যই করবে। তার

লোকদের মধ্যে আনার জন্য এমন একটি ধর্মদ্রোহিতা বিষয়ে, তিনি এর পক্ষে দাঁড়াতেন না। তিনি আজও করবেন না। কিন্তু ঠিক একইভাবে এটি ঘটছে, ঠিক একই।

100 লক্ষ্য করুন, সেখানে গান গাইতে হবে। রাজারা ছিলেন... তাকে গান শোনানো হতো না। লোকেরা তাঁর কাছে গান গাইত না, কারণ তারা তাঁকে বিশ্বাস করেনি। আর সেই কারণেই, এখানে এটি আসে, আপনি এটি বুঝতে পারেন, এই কারণেই আজ লোকেরা ঈশ্বরের প্রশংসা করতে লজ্জিত, তারা খ্রীষ্টের জন্য লজ্জিত! বড় ক্যাথিড্রালগুলি পবিত্র আত্মার বাপ্তিস্ম গ্রহণ করবে না, তারা তাদের ধর্মীয় পথে এতটাই প্রতিষ্ঠিত যে তারা এটি গ্রহণ করবে না। ঈশ্বর এমন কাউকে খুঁজে নিতে চলেছেন যার মাধ্যমে তিনি প্রশংসা পেতে পারেন। "তিনি প্রস্তর হইতে অব্রাহামের সন্তান উৎপন্ন করিতে সক্ষম," যেমন আমি যোহনকে আবার উদ্ধৃত করি।

101 লক্ষ্য করুন, তাঁর প্রজাদের অবশ্যই তাঁর জন্য গান গাইতে হবে। আর তখন তাঁর প্রজারা তাঁর দূতগণ ছিলেন, এবং তারা তাঁর মেষপালকদের কাছে গান গেয়েছিলেন যারা তাঁর বার্তা গ্রহণ করার জন্য ছিল।

102 কার এটা প্রথম শোনা উচিত? অবশ্যই, তাঁর প্রজাদের। যারা প্রথমে রাজার গান শুনবে, তারাই হবে তার প্রজা। এবং তাঁর প্রজা কি ছিল? একরকম আকর্ষণীয়, তাই না, ভাইয়েরা? এটা তার পাদরিরা ছিল না। এটা ধর্মতত্ত্ববিদরা ছিল না। সেটা ঠিক। এটা ধর্মসম্প্রদায়ের লোকেরা ছিল না। না, এটা মেষপালকরা ছিল। কেন? সেখানে একটি মেষের জন্ম হয়েছিল, সেই কারণেই। দেখুন? তার প্রজারা এটা শুনেছিল, ঈশ্বর যাদের জানতেন বিশ্বাস করবে। যারা বিশ্বাস করবে তাদের কাছে ঈশ্বর তাঁর বার্তা পাঠিয়েছিলেন। তিনি সমস্ত প্রজ্ঞা; তিনি জানেন কোথায় তাঁর বার্তা পাঠাতে হবে, কে এটা বিশ্বাস করবে। স্বর্গের সর্বোচ্চ ঈশ্বর পৃথিবীর সর্বনিম্ন লোকদের কাছে পাঠিয়েছেন।

103 যীশু বলেছেন, মথি ৫ এ, "ধন্য যাহারা আত্মায় দরিদ্র, কেননা স্বর্গ-রাজ্য তাহাদেরই।" মরিয়ম, মধ্যে...আপনি যদি সেই শাস্ত্র লিখে রাখেন, সেটা মথি ৫। আর যদি আপনি শাস্ত্র লিখে রাখেন... আমি এখানে যা লিখেছি, তা হল শাস্ত্র।

104 মরিয়ম বলেছিলেন, লূক ১:৫২ পদে, যখন তিনি আত্মা দিয়ে অভিষিক্ত হয়েছিলেন, পবিত্র আত্মা তার উপর, তিনি বলেছিলেন, "তিনি নীচদিগকে উন্নত করিয়াছেন।" মরিয়ম বলেছিলেন যে,

যীশুর মা, বলেছিলেন, “তিনি নীচদিগকে উন্নত করিয়াছেন।”

105 লূক আরও বলেছেন, “সাধারণ লোকেরা আনন্দ সহকারে তাঁহার কথা শুনিল।” নয়—অভিজাত ব্যক্তিরা নয়, সেই—ধর্মতত্ত্ববিদরা, নিয়ম ও ডিভিনিটির ডক্টররা নয়; কিন্তু সাধারণ লোকেরা তাকে সানন্দে শুনেছিল, নিম্ন স্তরের লোকেরা।

106 সমস্ত পবিত্র শাস্ত্র জুড়ে, মেষপালকদের দ্বারা এবং মেষের মাধ্যমে মুক্তির বার্তা দেওয়া হয়েছে।

107 এখন আমাকে শেষ করতে হবে, কারণ আমরা বন্ধ করার সময়ের কাছে যাচ্ছি। আমি অনেক শাস্ত্রকে এড়িয়ে যাচ্ছি যাতে আমি আপনাকে এই ভাবনায় আনতে পারি।

108 সমস্ত শাস্ত্র জুড়ে, মেষপালক এবং মেষের মাধ্যমে মুক্তির প্রতিনিধিত্ব করা হয়েছে। সেটা ঠিক। আমরা সবাই এতে একমত। কেন? এটা ছায়া এবং নমুনায় ছিল। আর যা কিছু...যদি আমি কখনও আমার হাত না দেখতাম, আর আমি এখানে আমার হাতের ছায়ার দিকে তাকাতাম, আর আমি দেখতে পাই আমার পাঁচটি আঙুল আছে, আমি জানব যে এটি প্রতিফলিত হচ্ছে; নেতিবাচক একটি ইতিবাচকের প্রতিফলন করছিল। আর এই কারণেই বার্তা সর্বদা...মেষের দ্বারা মুক্তির জন্য এসেছিল, কারণ আদি থেকেই... আর এটি মেষের মাধ্যমে, এবং মেষপালকদের দ্বারা, তিনি নিজেকে প্রকাশ করেছিলেন। সব ছায়া এবং প্রকারে ছিল।

109 এখন আদিতে দেখা যাক। আদম এবং হবা, তাদের কাছে তাঁর বার্তা শোনার জন্য ঈশ্বরের উপস্থিতিতে সেখানে দাঁড়িয়ে, তারা তাদের কটিদেশে মেষের চামড়া বেঁধেছিল। প্রথম বার্তাটি কখনও শোনা হয়েছিল, একটি মৃত মেষের চামড়ার উপরে দেওয়া হয়েছিল, ঈশ্বর হত্যা করেছিলেন এবং আদম ও হবাকে তাতে আবৃত করেছিলেন। তারা ডুমুরের পাতা দিয়ে তাদের নিজস্ব ধর্ম তৈরী করার চেষ্টা করার পরে, এটা কাজ করবে না। মেষ বলিদান প্রায়শ্চিত্তের জন্য প্রথম থেকেই চালু করা হয়েছিল, মেষ বলিদান।

110 এখন, আমরা এখন এটি বন্ধ করতে যাচ্ছি, এবং আপনাকে দেখাব কেন এটিকে মেষপালক হতে হয়েছিল; এবং কেন এটা হতে হয়েছিল, তাকে একটি মেষ হতে হয়েছিল।

111 এখন, পুরাতন নিয়মের ভাববাদীরা নিজেদের মেষের চামড়া দিয়ে আবৃত করেছিলেন (আমরা জানি সেটি, আহ্-হাহ), আসন্ন সিদ্ধ মেষশাবকের বাক্যতে তাদের বিশ্বাসকে নির্দেশ করে। সেজন্য ভাববাদীরা।

112 এখন, ঈশ্বরের বাক্য একজন ধর্মতাত্ত্বিকের কাছে আসে না, সেখানে নেই...তিনি—তিনিই সেই জন যিনি এটা গণ্ডগোল করেন। সেটা ঠিক। সেখানে কখনও বলার মতো কিছু নেই...আপনি বলছেন, “ঠিক আছে, এই লোকটি একজন ধর্মতত্ত্ববিদ।” আমি যা জানি তার চেয়ে এটি তাকে বাক্য থেকে আরও দূরে রাখে। দেখুন? প্রভু ঈশ্বরের বাক্য, অপরিবর্তনীয় ঈশ্বর, কখনও পরিবর্তন হন না। বাইবেলের যে কোন স্থানে, ঈশ্বরের বাক্য সর্বদা ভাববাদীদের কাছে এসেছে। ধর্মতত্ত্ববিদ বা ডাক্তারদের কাছে নয়, ভাববাদীদের কাছে! আর তারা সর্বদা, প্রতিবার, প্রত্যাখ্যান এবং প্রত্যাখ্যাত হয়েছিল।

113 ভাববাদীরাও সাধারণত পশুপালক ছিলেন। ভাববাদীরা নিজেদেরকে মেষের চামড়া দিয়ে আবৃত করতেন, কারণ তারা মেষের চামড়া পরতেন যা তারা পালন করত। এবং প্রথম বার্তা, একটি—একটি—একটি দোষী প্রজন্মের কাছে, মেষের চামড়ার উপরে ছিল। ভাববাদীরা, আমি আবারও বলছি, নিজেদের চারপাশে মেষের চামড়া বেঁধে রাখতেন, কারণ তারা এর দ্বারা সাক্ষ্য দিচ্ছিল, যে তারা বিশ্বাস করেছিল যে সেই বলিদানের জন্য একজন সিদ্ধ মেষশাবক আসছেন। আর ঈশ্বরের বাক্য তাদের কাছে মেষের চামড়ার উপরে এসেছিল। এই পশুপালকরা...অথবা এই ভাববাদীরা সাধারণত পশুপালক ছিলেন। অব্রাহাম একজন পশুপালক ছিলেন। ইস্‌হাক একজন পশুপালক ছিলেন। যাকোব একজন পশুপালক ছিলেন। মোশি একজন পশুপালক ছিলেন। দায়ূদ একজন পশুপালক ছিলেন। ঈশ্বরের সমস্ত প্রতিনিধিরা সাধারণত পশুপালক ছিলেন।

114 এখন আমরা খুঁজে বের করতে যাচ্ছি কেন এটা মেষপালকদের কাছে আসে। তারা জানত যে মেষরা তাদের পথপ্রদর্শন করার জন্য মেষপালক ছাড়া অসহায়। তারা...একটি মেষ সম্পূর্ণ অসহায়, সে একা যেতে পারে না। এই কারণেই ঈশ্বর তাঁর বিশ্বাসী সন্তানদের মেষের সঙ্গে তুলনা করেছেন। তাদের পথপ্রদর্শন করতে হবে। কিন্তু দেখুন কে আপনাকে পথপ্রদর্শন করছে! একটি ছাগল নিবেন না, সে আপনাকে কসাইখানায় নিয়ে যাবে। ঈশ্বর আমাদের কখনই একটি ছাগল দেননি, তিনি আমাদেরকে পথ দেখানোর জন্য তাঁর পুত্র (পবিত্র আত্মা) দিয়েছেন। তিনি আমাদের পথপ্রদর্শক, কিছু মনুষ্যসৃষ্ট পশুপালক নন, কিন্তু একজন ঈশ্বর প্রদত্ত পশুপালক যিনি মেষের খাদ্যের উপর মেষ চরান।

115 এখন, আপনি একটি শূকর নিন, আর আপনি এই শূকরকে বলুন, “আমি তোমাকে মেষ বানাতে যাচ্ছি।” আর আপনি তাকে

ধুয়ে ফেলুন। আর আপনি তার পায়ের নখ রং করুন, আর—আর ইত্যাদি। আর তাকে মেষের মতো খাবার দিন, তাকে এক ধরনের—এক ধরনের খাদ্য দিন। আর তাকে মেঝেতে অথবা বাইরে... যেখানে—যেখানে মেষের পাল থাকে রাখুন, আলফালফা ক্ষেত্র অথবা অন্য কিছুতে। আর যদি কোথাও একটি মাটির গর্ত থাকে, সেই শূকরটি ঠিক ততটাই সোজা সেই কাদার গর্তে যাবে যতটা সে যেতে পারে। দেখুন ? কেন ? কারণ তার স্বভাব এখনও একটি শূকর।

116 আর এই কারণেই মণ্ডলীর সদস্যরা, আজ, জগতের বিষয়গুলিতে লিপ্ত হয়, দেখুন, কারণ তাদের স্বভাব পরিবর্তন করা হয়নি। তারা যে কোন ধর্মীয়, ধর্মতাত্ত্বিক উচ্ছিষ্ট খাদ্যের পঙ্ক খাবে, কিন্তু ঈশ্বরের বাক্য তারা এটা সহ্য করতে পারে না। তারা ভিতরে যাবে এবং বাক্য শুনবে...

117 আপনারা জানেন, পৃথিবীর সবচেয়ে বড় ভণ্ড, একটি বৃদ্ধ কাক। বাইবেলে, জাহাজ থেকে দুজনকে ছেড়ে দেওয়া হয়েছিল। বৃদ্ধ কাকটি বেরিয়ে গেল এবং সে আর ফিরে আসেনি, কারণ সে একটি শকুন, একটি আবর্জনাভুক প্রাণী। সে মৃতদেহের উপর নামে এবং মৃত শব দিয়ে তার পেট ভরে। কিন্তু যখন তিনি কপোতকে ছেড়ে দিলেন, তখন কপোত সেই দুর্গন্ধ সহ্য করতে পারল না, তাই সে পিতার বাড়িতে এবং নোহের কাছে ফিরে আসে, এবং নোহ তাকে প্রবেশ করতে না দেওয়া পর্যন্ত দরজায় প্রহার করতে থাকে।

118 এখন, একটি কাক এখানে বসে একটি মৃত ঘোড়ার উপর বসে সারাদিন খেতে পারে, এবং সেখানে মাঠে উড়ে যায় এবং কপোতের সাথে শস্য খায়। কিন্তু একটি কপোত সেখানে উড়ে গিয়ে মৃত ঘোড়ায় চড়ে খাবার খেতে পারে না; এটা তাকে মেরে ফেলবে। দেখুন, কপোতের পিত্ত নেই, আর সে তা হজম করতে পারে না।

119 আর যখন ঈশ্বরের কোন কপোত, কোন বাক্য খাওয়া কপোত বা মেষ, একটি শুচি পশু, আপনি যখন তাদের জগতের বিষয়গুলি দিতে যান, তারা জানে তাদের প্রভু বলেছেন, "যে জগৎ অথবা জগতের বিষয়কে ভালবাসে, ঈশ্বরের প্রেমও তাহার মধ্যে নাই।" আপনি তাকে ঈশ্বরের বাক্যের বিপরীতে কিছু দেন, সে এটা সহ্য করতে পারে না। কিন্তু শয়তান সেটা এবং জগৎকেও নিতে পারে, আর এটাকে ঈশ্বর বলতে পারে। আপনি তেল এবং জল মেশাতে পারবেন না, এটি মিশ্রিত হবে না।

120 তারা, এই সমস্ত মেষপালক, তারা জানত যে মেষ মেষপালক ছাড়া অসহায়। আর তারা মেষপালক ছিল, এবং জানত যে তাকে

অবশ্যই পরিচালিত হতে হবে।

121 আজ এটা দেখে কত দুঃখের বিষয় যে তারা মেষকে খাওয়ানোর চেষ্টা করে, উচ্ছিষ্ট খাদ্যের পঙ্ক। কিন্তু মেষ তা খাবে না। না, মহাশয়! দেখুন, তারা মেষকে খাওয়ানোর চেষ্টা করছিল, পিছনে সেখানে, উচ্ছিষ্ট খাদ্যের পঙ্ক। আর যখন বাক্য আসে, তারা উচ্ছিষ্ট খাদ্যের পঙ্কে এতটাই অভ্যস্ত ছিল যে তারা বাক্য জানত না। আর এটাই আজ, যখন একই জিনিস প্রমাণিত হয় এবং প্রমাণিত হয় যে ঈশ্বর একটি নির্দিষ্ট কাজ করবেন। তারপর তারা এমনভাবে উচ্ছিষ্ট খাদ্যের পঙ্কে অভ্যাস্ত হয়ে পড়ে, এবং পঙ্ক খাওয়াতে, যতক্ষণ না আপনি... ঠিক আছে, তাদের সাথে কোন কথা বলা হয় না, তারা এটা শুনবে না, এটাই সব। কুকুর...বাইবেল বলে, "কুকুর যেমন তার বমিতে ফিরে যায়, এবং শূকর তার পঙ্কে, তারাও তেমনি করে।"

122 বাক্য শুনুন, আর ঠিক সেই পুরানো পঙ্কে ফিরে যান! আর বলেন, "আহ, এটা ধর্মান্ধতা। এইরকম কিছু বিশ্বাস করবেন না।"

123 ঈশ্বর...মেষরাও আজ একই কাজ করে, তাদের অবশ্যই বাক্য খাদ্যের উপর নির্ভর করতে হবে। তারা অন্য কোন খাদ্য গ্রহণ করবে না। আপনি তাদের একটি ধর্মীয় খাদ্য দিতে পারবেন না, একটি আসল মেষ। না! না! আপনি তাদের বলুন, "এখন দেখুন, আমরা সবাই একসাথে থাকব। এখন, যীশু প্রার্থনা করেছিলেন যেন আমরা সবাই 'এক' হই।" আপনি কিছুদিন আগে, কয়েকদিন আগে টুকসনে একই কথা শুনেছিলেন, কিন্তু এটা মিথ্যা! যীশু কখনও প্রার্থনা করেননি...তিনি কিভাবে...আপনি কিভাবে বাক্যকে নিজেকে দোষী করতে পারেন, নিজের উপর বিপরীতমুখী? তাহলে ঈশ্বর অন্য মানুষের চেয়ে বেশি নন।

124 যীশু বলেছিলেন, "যদি তারা একমত না হয় তবে কীভাবে দুজন একসাথে চলতে পারে?" আপনি কিভাবে মেথডিস্ট, ব্যাপটিস্ট, প্রেসবিটেরিয়ান এবং ক্যাথলিককে নিতে যাচ্ছেন, এবং সব একসাথে ফেলে দিয়ে এক হতে যাচ্ছেন? আপনারা হয়তো মানুষের মাথার নিচে এক হতে পারেন, কিন্তু যীশু বলেছেন, "যেন তারা এক হয়—যেমন *আমি* ও *তুমি* এক।" এখন, তিনি চান যেন আমরা সবাই তাঁর মধ্যে এক হই, যিনি বাক্য! আমেন! সেখানে এটি, "পিতার সঙ্গে এক।" আর পিতা হলেন পুত্র, একই। আর এটি একই বাক্য, বাক্য প্রকাশিত হয়েছে, অন্য দিনের মতো এই দিনেও নিজেকে প্রদর্শন করছে, যাতে আপনারা এক হতে পারেন।

125 লক্ষ্য করুন, তিনি বলেছেন, "পিতা যেমন আমাকে প্রেরণ

করিয়াছেন, তদ্রূপ আমিও তোমাদিগকে প্রেরণ করি।” পিতা যিনি তাঁকে পাঠিয়েছেন, তিনি বাক্যকে নিশ্চিত করার জন্য তাঁর মধ্যে গিয়েছিলেন। আর সেই যীশু যিনি তাঁর লোকদের পাঠান, তিনি যে লোকদের পাঠান তাদের মধ্যে যান; আর বলেন, “আমি যে সকল কার্য্য করিতেছি, তোমরাও করিবে।” অবশ্যই, তিনি প্রার্থনা করেছিলেন যেন আমরা এক হতে পারি; তাঁর সঙ্গে এক, একটি সংগঠনের সঙ্গে নয়। একটি ব্যবস্থার সঙ্গে নয়, কিন্তু ঈশ্বরের সঙ্গে এক। কারণ ঈশ্বর তাঁর বাক্যে এক, এবং যীশু এবং ঈশ্বর এক ছিলেন, এবং আপনি এবং আমি এবং বাক্য অবশ্যই এক হতে হবে। সেটা ঠিক। আমাদের অবশ্যই বাক্যের সাথে একমত হতে হবে। অন্য কেউ যা বলে তা নয়, এটি কোন ব্যক্তিগত ব্যাখ্যা নয়। এটা গ্রহণ করুন, এটা যা বলে, এবং এটা বিশ্বাস করুন; এবং ঈশ্বর এটি প্রমাণ করবেন, এবং প্রমাণ করবেন যে এটি সঠিক। আপনি মনে করেন এটি শুধুমাত্র শিষ্যদের জন্য, এর জন্য তাঁর বাক্য গ্রহণ করুন, একবার চেষ্টা করে দেখুন। আপনি খুঁজে পাবেন যে এটি আপনার জন্য ঠিক একইভাবে কাজ করবে যেমন তিনি প্রতিশ্রুতি দিয়েছেন। হ্যাঁ, মহাশয়!

126 তারা উচ্ছিষ্ট খাদ্যের পঙ্ক খাবে না, তাদের মেষের খাবার খেতে হবে। যোহন লিখিত সুসমাচার ১০ ঘোষণা করে যে, “আমার মেষরা আমার রব জানে।” আর যদি তিনি বাক্য হন, তাহলে তাঁর কি ধরনের রব আছে? “আমার মেষরা আমার রব জানে, অপরিচিত লোকদের অনুসরণ করবে না।” দেখুন? যীশু বলেছেন, “এক অপরিচিত রব তাহারা অনুসরণ করিবে না।” সুতরাং, তার মেষরা অপরিচিত ব্যক্তির রব অনুসরণ করে না। তারা তাদের অনুসরণ করবে না।

127 ভাববাদীরা, মেষপালকরা এবং মেষরা, সকলেই আগমনের সাক্ষ্য দেয়।

128 এখন দেখুন অপরিবর্তনীয় ঈশ্বরকে আজ তাঁর বাক্যের অপরিবর্তনীয় পরিকল্পনায়। এখন শুধু কয়েক মিনিট চিন্তা করুন: সেই অপরিবর্তনীয় বাক্য।

129 এখন দেখুন! যদি—যদি মোশি নোহের বার্তা নিয়ে আসতেন, তাহলে এটা কাজ করত না। যদি যোহন বাপ্তিস্মদাতা মোশির বার্তা নিয়ে আসতেন তবে এটি কাজ করত না। যদি যীশু মোশির বা নোহের বার্তা নিয়ে আসতেন, তবে এটি কাজ করত না। আর ওয়েসলি লুথারের বার্তা নিয়ে আসেন, এটা কাজ করবে না। যদি পেন্টিকোস্ট ওয়েসলিয়ান বার্তা নিয়ে আসে, তবে এটি কাজ করবে

না; আমরা শুধু সেই সাক্ষ্য শুনেছি। এখন, ঈশ্বর শুধু চলতে থাকেন। শুধু বাক্য দেখুন, আপনি দেখতে পাবেন আমরা কোথায় আছি।

130 তাহলে কেন মেষপালকদের কাছে প্রথম ঘোষণা করা উচিত নয়...যদি এই সমস্ত ভাববাদীরা, এই সমস্ত মহান ব্যক্তিরা মেষপালক ছিলেন, তাহলে কেন ঈশ্বর (অপরিবর্তনশীল যিনি) এখানে তাঁর পদ্ধতি পরিবর্তন করবেন, এবং এটি ধর্মতত্ত্ববিদদের কাছে নিয়ে আসবেন ? এটি মেষপালক ছিল। সিদ্ধ মেষশাবকের আগমন, পাপ-বলিদান, মেষপালকদের কাছে আসা উচিত।

131 মেষপালক তার মেষদের অন্য সবার চেয়ে ভালো জানে। মেষপালকের মতো মেষকে কেউ জানে না, তিনি এর জন্য প্রশিক্ষিত। তারা কি ধরনের খাবার খাবে তাও জানেন। তারা... তিনি জানতেন মেষ কি খাবে, আর তিনি জানতেন তার মেষ কি খায়। সেটি...আপনি দেখতে পাবেন একটি মেষ একটি উচ্ছিষ্ট খাদ্যের গামলার কাছে গিয়ে উচ্ছিষ্ট খাদ্যের পঙ্ক খেতে শুরু করে, আপনি বলবেন, "ওই মেথরকে দূরে সরিয়ে দিন।" দেখুন ? তাই ঈশ্বর জানতেন তাদের কোথায় পাঠাতে হবে।

132 এখন আসুন আমরা যিহোবার মহান মেষপালক-ভাববাদীদের একজনকে আহ্বান করি, নিশ্চিত করার জন্য যে ঈশ্বর মেষের চামড়ার নীচে এই ভাববাদীদের মধ্যে ছিলেন। এখন দেখুন। আমরা প্রথমে ডাকব, মোশিকে। আসুন তার দিকে তাকাই। তার সেবাকার্য আমাদেরকে যিহোবাকে তাঁর মেষপালক-ভবিষ্যদ্বক্তার মধ্যে দেখাবে। এখন, আমরা হয়তো একটি নিব, যদি আমাদের সময় থাকে, পরবর্তী দশ মিনিটের জন্য, আমরা তাদের দুটি নিব, কিন্তু সম্ভবত এই একটি ঠিক হবে।

133 মোশি; যিহোবা নিজেকে এখানে প্রদর্শন করেন, এই মেষপালক-ভবিষ্যদ্বক্তার মধ্যে। তাকে তার সেবাকার্য প্রমাণ করার জন্য এবং ইস্রায়েলের প্রাচীনদের এবং ফরৌণের কাছে আহ্বান জানানোর জন্য তিনটি দান দেওয়া হয়েছিল। এখন এই মেষপালক-ভাববাদীকে লক্ষ্য করুন। তিনি সর্বদা, তাঁর ভাববাদীদের, অতিপ্রাকৃত চিহ্ন দেন, প্রমাণ করার জন্য যে এটি তাদের মধ্যে ঈশ্বর ছিলেন; কারণ অতিপ্রাকৃত ঘটনা ঘটলে, ঈশ্বরের উপস্থিতি ছাড়া হতে পারে না। অলৌকিক অনুসরণ না করে যিহোবা কখনও আবির্ভূত হননি। এটা হতে হবে। তাই তিনি সর্বদা নিজেকে প্রমাণ করেছেন যে তিনি এই ভাববাদীদের সঙ্গে ছিলেন, তারা যা ভবিষ্যদ্বাণী করছিল তা নিশ্চিত করে, যদি এটি তাঁর বাক্য অনুসারে হয়।

134 এখন, প্রথম—প্রথম চিহ্নটি যা তিনি...এই ভাববাদী-মেষপালককে দিয়েছিলেন (দেখুন), তার লাঠিকে সাপে পরিণত করেছিলেন।

135 দ্বিতীয়ত, তার হাত কুষ্ঠরোগে পরিণত হয়েছিল।

136 তৃতীয়ত, মিশরের নীলনদ থেকে জল বের করে রক্তে পরিণত করা।

137 এখন, তিনি তাকে তিনটি চিহ্ন দেন মিশরের কাছে প্রমাণ করার জন্য, এবং ইস্রায়েলের কাছেও, যে তিনি ঈশ্বরের কথিত বাক্য ছিলেন।

138 এখন, মনে রাখবেন, মোশি সৃষ্টির আহ্বান করেছিলেন! সেটা ঠিক। বালি তুলে বাতাসে নিক্ষেপ করলেন, আর বললেন, "মাছিরা আসুক," আর মাছিরা এসেছিল। বললেন, "মাছিরা আসুক," আর মাছিরা এসেছিল। "ব্যাঙ আসুক," আর ব্যাঙ এসেছিল। তিনি সৃষ্টি করেছিলেন! এখন, একজন মানুষ সৃষ্টি করতে পারেন না, কিন্তু এটি শুরু করার জন্য মানুষ ছিল না। এটা যিহোবা ছিলেন তাঁর ভাববাদী-মেষপালকের মধ্যে! আমেন!

139 দেখুন! তিনি তাকে যে তৃতীয় চিহ্নটি দিয়েছেন তা তার পেশার সাথে সম্পর্কিত ছিল না, অথবা এটা তার ব্যক্তির সাথে সম্পর্কিত ছিল না; তার তৃতীয় চিহ্ন। লক্ষ্য করুন, প্রথম দুটি চিহ্ন তার সাথে সম্পর্কিত ছিল, নিজের সঙ্গে এবং তার পেশার সঙ্গে। আর তারাই কেবল দুটি চিহ্ন যা বাইবেল বলে যে "একটি রব ছিল।" অন্য চিহ্নটির রব ছিল না। কিন্তু দুটি চিহ্ন যা তার নিজের ব্যক্তি থেকে এবং তাঁর লোকদের দেওয়া হয়েছিল, তাদের রব ছিল। কিন্তু তৃতীয় চিহ্ন, এখন লক্ষ্য করুন, এটা দেওয়া হয়েছিল...সেই চিহ্ন, তৃতীয় চিহ্ন, ছিল মৃত্যুর চিহ্ন: জল রক্তে পরিণত হওয়া। যদি আপনার—যদি আপনার—যদি আপনার রক্ত, জলে পরিণত হয়, তাহলে আপনি মারা যাবেন। আর যেখানে রক্ত, রক্তপাত, মৃত্যুর চিহ্ন; তাই এটি ফরৌণের কাছে ছিল। তৃতীয়টি ছিল নীল নদের জলকে রক্তে পরিণত করা, ফরৌণের কাছে তার বার্তা দেখাতে—দেখাতে যে আমাদের ঈশ্বর হলেন নীল নদের উপরে, নীল নদের দেবতার উপরে। তিনি সবকিছুর উপর ঈশ্বর, এবং তিনি সেই জাতির জন্য মৃত্যু আনতে যাচ্ছেন। আর এটাই রক্তের চিহ্ন ছিল। ওহ, আমার! মৃত্যুর প্রত্যক্ষ চিহ্ন: রক্ত!

140 কিন্তু অন্য দুটির ভবিষ্যদ্বাণীর রব ছিল। (আমি—আমি—আমি আশা করি আপনি এখন পড়ছেন, লাইনের মধ্যে, আমি যা

বলছি।) কিন্তু অন্য দুটি চিহ্নে ইস্রায়েলের কাছে তাদের ভবিষ্যত সম্বন্ধে ভবিষ্যদ্বাণীর রব ছিল। (এখন আপনাদের কাছে যারা খুব বেশি দিন আগে নয় পাহাড়ের উপরে ছিলেন, যখন পাথরটি উপরে পড়েছিল।)

141 এখন, আর যাচ্ছিল...তিনি প্রকৃতি পরিবর্তন করতে যাচ্ছিলেন, এটি তাদের জন্য কার্যকর করার জন্য। সেই লাঠিটি দেখুন, সাপটি দেখুন, লোহিত সাগরকে দেখুন, আর তিনি যা কিছু করেছিলেন, এখন। সেই মেষপালকের উদ্দীপনার দিকে দেখুন যা তাদের যাওয়ার জন্য পথ তৈরি করছে। সেই লাঠিটি মেষপালকের হাতে ছিল, যা ধর্মতত্ত্বের প্রতিটি বিন্দু এবং যাজকেরা যা বলেছিল তা উপেক্ষা করেছিল, আর সেই মেষপালকের লাঠি তাদের প্রতিটি অসম্ভব বিষয়ের মধ্য দিয়ে মানুষের কাছে নিয়ে যেত। যখন ফরৌণ মনে করার চেষ্টা করেছিল যে পাহাড়ে ছানি ফুটেছে এবং জল নিক্ষেপ করে সেটি রক্তে পরিণত করলেন, তারপর ঈশ্বর স্বর্গ থেকে আগুন বর্ষণ করলেন, আর তিনি স্বর্গ থেকে শিলাবৃষ্টি বর্ষাইলেন, আর তিনি—আর তিনি পৃথিবী এবং সবকিছুর উপর উকুন বর্ষণ করলেন।

142 তিনি কি করেছিলেন? সেই মেষপালকের লাঠি দ্বারা, একটি—একটি পাঠ্যপুস্তক নয়, একজন ধর্মতত্ত্ববিদদের ধারণা নয়, কিন্তু একটি মেষপালকের লাঠি! আমরা এক মিনিটের মধ্যে এটিতে আসছি; একটি মেষপালকের লাঠি, তিনি এটা করেছিলেন। একটি—একটি ধর্মসম্প্রদায়ের প্রার্থনা পুস্তক নয়, কিন্তু একটি মেষপালকের লাঠি। মেষপালকের লাঠি তার মেষদের পথ দেখায়, পথ পরিষ্কার করে যখন তারা প্রতিশ্রুত বাক্যের দিকে দেশে যাচ্ছিল। কি সুন্দর বিষয় আজ যে মেষপালকের লাঠি, আজ, তার মেষদের প্রতিশ্রুত দেশে পথপ্রদর্শন করছে; সমস্ত ধর্মতত্ত্ব এবং এই বিশ্বের অন্য সবকিছু, এবং জগতের বিষয়গুলি এবং ধর্মসম্প্রদায়কে উপেক্ষা করে, সবকিছু; পথ খুলে দিয়ে, এবং তাঁর বাক্যকে সত্য বলে প্রমাণিত করে; মেষপালকের লাঠি এগিয়ে যাচ্ছে।

143 আর লক্ষ্য করুন, সেই মেষপালকের লাঠি যে মেষদের পথ দেখাচ্ছিল...আপনারা কি এটা বিশ্বাস করেন? তিনি অবশ্যই মেষদের পথপ্রদর্শন করেছিলেন, তিনি তার হাতে সেই লাঠি দিয়ে তাদের মিশর থেকে উদ্ধার করেছিলেন। আমরা এই বিষয়ে আরও অনেক কিছু বলতে পারি। কিন্তু প্রধান বৈশিষ্ট্য আঘাত করার জন্য, তিনি মেষদের পথপ্রদর্শন করেছিলেন এবং এটিকে প্রত্যাখ্যান করাতে বিচার পাঠিয়েছিলেন! একই লাঠি যা একজনের জন্য

আশীর্বাদ হয়ে ওঠে, অন্যদের জন্য অভিশাপ হয়ে যায়। নোহের প্রচারের একই জল যা তাকে রক্ষা করেছিল, জগৎকে দোষী করেছিল। সেই একই লাঠি যা ইস্রায়েলকে প্রতিশ্রুত দেশে নিয়ে যায়, যারা ভবিষ্যদ্বক্তা-মেষপালককে অনুসরণ করতে অস্বীকার করেছিল তাদের দোষী করেছিল। এটা ঠিক, বিচারের লাঠি হয়ে উঠে।

প্রকৃতি; লক্ষ্য করুন কিভাবে ঈশ্বর তাঁর প্রকৃতিতে কথা বলেন। যদি আমাদের সময় থাকত। আমি সেখানে একটি মন্তব্য লিখেছিলাম: ঈশ্বর তাঁর প্রকৃতিতে কথা বলছেন। এটা প্রমাণ করার সময় আমাদের কাছে নেই।

144 কিন্তু পরে প্রমাণিত করেন, মেষপালকের লাঠির উপর পিতলের সাপের দ্বারা (যে তিনি এই সাপটিকে চারপাশে আবৃত করেছিলেন, প্রান্তরে), এটি অসুস্থতা এবং পাপের জন্য সত্যিকারের প্রায়শ্চিত্তের কথা বলে।

145 সেই লাঠিটি নিজেই ফরৌণের সামনে একটি সাপে পরিণত হয়েছিল, এবং একই ফরৌণ জাদুকরদের দ্বারা অনুকরণ করার চেষ্টা করেছিল। আর আজকের আধুনিক ফরৌণরাও তাই করে, এবং ভণ্ড-বিশ্বাসীরা, বার্তার দৈহিক ছদ্মবেশী, কোথা থেকে আসছে তা না জেনে একই জিনিস অনুকরণ করার চেষ্টা করে; এবং এটিকে কিছু ধর্মসম্প্রদায়ের মধ্যে ফেলে দেয়, যখন এটি মুক্ত যেমন বাতাস বদ্ধ করা থেকে মুক্ত। নিশ্চিত! কিন্তু নকল করার চেষ্টা করে, একটি নকল করে।

146 কিন্তু, লক্ষ্য করুন, এই একই মেষপালকের লাঠি অন্যান্য সাপকে খেয়ে ফেলে। কোথায় সেই সাপগুলি ছিল? তারা মেঝেতে লাঠি ছিল, আর সেখানে শুধুমাত্র একটি লাঠি ছিল। "আকাশ ও পৃথিবী লোপ হইবে," যীশু বলেছেন, "কিন্তু আমার বাক্য লোপ হইবে না।" পাপের জন্য সত্য প্রায়শ্চিত্ত আসার কথা বলে।

147 এছাড়াও, ইস্রায়েলের ভবিষ্যত প্রস্তাব...আর সেখানে আমি ইস্রায়েলের কথা বলেছি, এখন ভবিষ্যতে...সেখানে তাদের একজন ভাববাদী-মেষপালকের দ্বারা মৃত্যুর দাসত্ব থেকে মুক্তি দেওয়া হয়েছিল। তাদের দাসত্ব থেকে একজন ভাববাদী-মেষপালক একটি লাঠিসহ বের করে এনেছিলেন। দেখুন? এটি ইস্রায়েলের ভবিষ্যত ত্রাণকর্তার কথা বলছিল, মৃত্যু এবং নরক থেকে, একজন মেষপালক-ভবিষ্যদ্বক্তা দ্বারা যার কথা আমরা বলব।

148 এখন, সেই সব...আমরা ইস্রায়েলকে জানি, ভাববাদী-

মেষপালকের বাক্য গ্রহণ করেনি, সমস্ত ইস্রায়েল এটি গ্রহণ করেনি। এখন, লক্ষ্য করুন, তারা অভিযোগ করছিল। "ওহ," যখন তিনি অলৌকিক কাজগুলি করছিলেন, "তিনি একজন মহান ব্যক্তি ছিলেন," কিন্তু যখন তার বার্তার কথা আসে, "সেটা ভিন্ন ছিল।" সমস্ত মহান চিহ্নকে একটি নতুন বার্তা অনুসরণ করে। আমরা সেটা জানি। প্রান্তরে তারা অভিযোগ করেছিল, প্রান্তরে, এবং হাজার হাজার লোক মারা গিয়েছিল। সত্যি বলতে, তাদের মধ্যে কেবল দুজনই ছিলেন না যারা পরিত্রাণের মধ্য দিয়ে গিয়েছিলেন আড়াই মিলিয়নের মধ্যে, আড়াই মিলিয়নের মধ্যে দুজন।

149 আপনি বলেন, "সেটি...তাদের কি হয়েছিল?" তারা অনন্তকালের জন্য চলে গেছে।

150 "তাদের সবাই, ভাই ব্রানহাম?" যীশু তাই বলেছেন।

151 তারা বলেছিল, "আমাদের পিতৃপুরুষেরা প্রান্তরে মান্না ভোজন করেছিলেন, আর তারা শৈল থেকে পান করেছিলেন।"

152 আর তিনি...যীশু বলেছেন, "আর তারা, প্রত্যেকেই, মারা গেছে," অনন্তকালের জন্য পৃথক, দেখুন, প্রত্যেকে।

153 লক্ষ্য করুন তারা ঈশ্বরের প্রদত্ত পথ সম্পর্কে অভিযোগ করেছিল, যে কারণে তারা মারা গিয়েছিল। (এখন, মনোযোগ দিয়ে, এই শেষ কয়েকটি মন্তব্য হারিয়ে ফেলবেন না।) তারা অভিযোগ করেছিল! যা তাদের প্রান্তরে মেরে ফেলে, তারা ঈশ্বরের প্রদত্ত পথ সম্পর্কে অভিযোগ করেছিল: এক-পুরুষের বার্তা, একজন ভাববাদী, একজন ব্যক্তির নেতৃত্বের দ্বারা। আমাকে বলুন ঈশ্বর কখন একটি দলকে নেতৃত্ব দেওয়ার জন্য ব্যবহার করেছিলেন। আপনি এটা বাইবেলে পাবেন না। একজন ব্যক্তি, তারা...বাক্য মোশির কাছে এসেছিল!

154 কোরহ; আমরা সবাই জানি যে সে—সে নিজেকে একত্রিত করেছিল এবং ঈশ্বরের বিরুদ্ধে অভিযোগ করেছিল ন্যায্য না হওয়ায়, এমন একটি কাজ করার জন্য, বার্তা দিয়ে একজন মানুষকে তৈরি করার জন্য। সে বলেছিল, "আমরা সবাই পবিত্র। কেন আমরা একটি ধর্মসম্প্রদায় রাখতে পারি না? আর কেন আমরা পারি না... *এটা* স্থাপন করতে, এবং *সেটা* করতে, এবং *সেটা* করতে?"

155 ঈশ্বর মোশিকে বলেছিলেন, "তার থেকে নিজেকে আলাদা কর, আমি যথেষ্ট পেয়েছি।" আর মনে রাখবেন, যিহূদা শেষ সময়েও একই কথা বলেছে। সেটা ঠিক, "তারা কোরহের প্রতিবাদে বিনষ্ট হয়েছে।" আমরা এও জানি কোরহ এবং—এবং বাকিদের কী

হয়েছিল যারা ঈশ্বরের বাক্য এবং সেই এক-পুরুষ নেতৃত্বের ঈশ্বরের জ্ঞানকে প্রশ্নবিদ্ধ করেছিল: তাদের প্রত্যেকেই মারা গিয়েছিল।

156 এখন, আমরা মেষপালক-ভবিষ্যদ্বক্তার মধ্যে ঈশ্বরকে লক্ষ্য করব, পরবর্তী চিহ্ন রবে তাঁর ভবিষ্যৎ পরিকল্পনাগুলি দেখিয়ে। এখন, দেখুন। আমরা *সেখানে* এটি দেখতে পাচ্ছি, এখন আসুন এটি পরবর্তী চিহ্নে দেখি।

157 এখন, লক্ষ্য করুন, তাকে দাসত্বে, দাসত্বের অধীনে তার ভাইদের কাছে পাঠানো হয়েছিল, একটি পরিত্রাণের বার্তা নিয়ে, তাঁর দাবি প্রমাণ করার জন্য একটি ঈশ্বর প্রদত্ত চিহ্ন দিয়ে। ইস্রায়েল তার বার্তার জন্য গিয়েছিল, তারা এটা বিশ্বাস করেছিল, তাদের প্রত্যেকে, কিন্তু সন্ধ্যার সময়...তারা তার অলৌকিক কাজের জন্য গিয়েছিল, কিন্তু সন্ধ্যার সময় যখন তারা...তিনি তার বার্তা দিয়েছিলেন, "এটা ভিন্ন ছিল।" যারা সেই বার্তা বিশ্বাস করেনি, তারা মারা গিয়েছিল। সেটা ঠিক। বার্তাটি কি ছিল? বার্তাটি আসন্ন বিচারের ছিল। সন্ধ্যায়, সন্ধ্যার সময়, ঈশ্বর লোকদের খুঁজে বের করার জন্য ইস্রায়েলের শিবিরের মধ্য দিয়ে বেরিয়ে গেলেন যারা তাঁর মেষপালক-ভাববাদীর বার্তা বিশ্বাস করেছিল; আর সকলে যারা বিশ্বাস করেনি, মারা গিয়েছিল।

158 এখন লক্ষ্য করুন, আমরা এটিকে কয়েক মুহূর্তের মধ্যে মহান মেষপালকের কাছে নিয়ে আসতে যাচ্ছি। দেখুন? মহান মেষপালক-ভাববাদীর সেবাকার্য লক্ষ্য করুন। তাঁর অলৌকিক কাজগুলির জন্য, প্রতিটি মণ্ডলী খুলেছিল এবং তাঁকে গ্রহণ করেছিল। তারা তাদের অসুস্থদের আরোগ্য করতে চেয়েছিল। তারা মহান কাজ করতে চেয়েছিল। তাঁর জনপ্রিয়তা অনেক ছিল। কিন্তু যখন সন্ধ্যার সময় আসে, একদিন পরে যখন তিনি জলকে দ্রাক্ষারসে পরিণত করলেন, এবং হাজার হাজার লোককে রুটি খাওয়ালেন, এবং অলৌকিক কাজ করলেন, তিনি তাদের সাথে কথা বলতে শুরু করেন। আর তিনি তাদের বললেন, "আমি ও আমার পিতা এক। কেন বলছ, 'আমাদের পিতাকে দেখাও'?"

159 "ওহ, ভাই! এই ব্যক্তি নিজেকে ঈশ্বরের সমতুল্য করে তোলেন?" এটা তাদের ধর্মীয় চিন্তার জন্য খুব বেশি ছিল। কিন্তু এটা সত্য ছিল, তিনি ছিলেন! দেখুন? কিন্তু যখন তারা তা করেছিল, তখন অনেকেই তাঁকে অনুসরণ করেনি।

160 তারপর তিনি ঘুরে বললেন, "তোমরা যদি মনুষ্যপুত্রের মাংস না খাও, আর তাঁর রক্ত পান না কর, তোমাদের মধ্যে জীবন নেই।"

161 এখন, আপনি কি মনে করেন একজন বুদ্ধিমান, বুদ্ধিজীবী ব্যক্তি কি ভাববেন? আমি কল্পনা করি যে যাজকেরা যারা তাঁকে মন্দিরে এনেছিল তারা খুব—খুব লজ্জিত হয়েছিলেন—তারা তাকে সেখানে রেখে। "মনে করে যে একজন ব্যক্তি দাঁড়িয়ে এইরকম কথা বলবেন, 'তোমরা যদি আমার মাংস না খাও, এবং আমার রক্ত পান না কর।'" বলেছিল, "এটি একটি মানব রক্তচোষা, দেখুন, 'আমার মাংস খাও এবং পান কর...' কেন, সে একজন নরখাদক। আপনারা ভালো চিন্তার লোকেরা...আপনি এমন উন্মাদের কাছ থেকে দূরে চলে যাবেন।"

162 তিনি কখনো এটা ব্যাখ্যা করেননি, তিনি শুধু এটা বলেছেন! তিনি তাদের হোঁচট খাওয়ার জন্য, তাঁর মেষদের ছাগল থেকে আলাদা করার জন্য এটি করেছিলেন। তিনি তাদের ফেলে দেওয়ার জন্য এটি করেছিলেন। আর তখন কেউ তাঁকে সহযোগিতা করতে চায়নি। এরপর থেকে তাদের কোনো সহযোগিতা ছিল না। দেখুন?

163 লক্ষ্য করুন, সন্ধ্যার সময়, ঈশ্বর শিবিরের মধ্য দিয়ে বেরিয়ে গেলেন এবং দেখলেন কে বিশ্বাস করেছে। আর তিনি মহান মেষপালকের সময়েও একই কাজ করেছিলেন। লক্ষ্য করুন মহান মেষপালক-ভাববাদীর সেবাকার্য, কিন্তু এটি লক্ষ্য করুন, তাঁর বার্তা বিশ্বাসীদের জন্য, কিন্তু নয়...এই সন্ধ্যার বার্তা, তারা এটা বিশ্বাস করবে না। তারা বিশ্বাস করবে না যে তিনি ঈশ্বর। তারা তাঁকে একজন ভালো মানুষ বানাতে চেয়েছিল। তারা তাঁকে ভাববাদী বানাতে চেয়েছিল। তিনি একজন ভালো মানুষ ছিলেন, এবং তিনি একজন ভাববাদী ছিলেন, কিন্তু তিনি তার চেয়েও বেশি ছিলেন। এটাই আজ সাধারণ শিক্ষা, যে "তিনি একজন ভালো মানুষ, তিনি একজন ভাববাদী ছিলেন।" তিনি ইম্মানুয়েলের চেয়ে কম ছিলেন না! তিনি ঈশ্বর ছিলেন তাঁর পুত্র যীশু খ্রীষ্টের মধ্যে প্রকাশিত, তাঁকে এবং পিতাকে এক করে। তিনি এতটাই হতে পারেন।

164 সখরিয় ১৪:৭, আমি এটা বলতে পারি, শেষ সময়ে আবার সন্ধ্যার আলো এবং বার্তার বিষয়ে কথা বলে। আপনি কি এটা লক্ষ্য করেছেন? যারা মোশিকে অনুসরণ করেছিল, তারা সীনয় পর্বতে আগুনের স্তম্ভ দেখেছিল যা তাকে চিহ্নিত করেছিল। তিনি সাক্ষ্য দিয়েছিলেন, এবং এই আগুনের স্তম্ভটি একটি ঝোপের মধ্যে থাকার কথা বলেছিলেন এবং তাকে এই বার্তা বলেছিলেন, তাদের মধ্যে অনেকেই বিশ্বাস করতেন না। কিন্তু যত লোক মিশর থেকে তাকে অনুসরণ করেছিল, তারা জগৎ থেকে বেরিয়ে এসে বিচ্ছিন্নতার সমুদ্র পার হয়েছিল, এবং প্রান্তরে গিয়ে, সেই আগুনের স্তম্ভটি

দেখতে পেয়েছিল যার কথা তিনি বলেছিলেন সেই মেষপালক-ভাববাদীকে মেষের মেষপালক প্রমাণ করে, তারা এটা দেখেছিল, এবং তাদের অনেকে এটা দেখার পরেও বিশ্বাস করেনি।

165 লক্ষ্য করুন কিভাবে, আবার, সেই অপরিবর্তনশীল ঈশ্বর, সেই মহান মেষপালক-ভাববাদী, যারা তাঁর সঙ্গে ছিলেন এবং তাঁর সেবাকার্যের সঙ্গে জৈতুন পর্ব্বতে গিয়েছিলেন; সেই মহান মেষপালক-ভাববাদী, যাঁর কথা আমরা বলছি, যীশু। [টেপের খালি অংশ—সম্পাদকীয়।]... ?...এবং পিতাকে, একই আগুনের স্তম্ভকে, তাঁকে প্রমাণিত করতে শুনেছেন, যিনি মোশিকে প্রমাণিত করেছিলেন।

166 একই ঈশ্বর যার কথা মোশি বলেছিলেন, মোশির উপরে আসেন এবং আগুনের স্তম্ভ দ্বারা প্রমাণিত করেছিলেন যে তিনি যিহোবা যিনি মোশিকে নেতৃত্ব দিয়েছিলেন। ঈশ্বর তাঁর মেষপালক-ভাববাদীর মধ্যে ছিলেন।

167 এখানে তিনি অন্য মেষপালক-ভাববাদীকে নেন, মহান ভাববাদী, প্রকৃত মেষ, যীশুকে নেন, এবং তিনজনকে বেছে নেন, এবং তাদের জৈতুন পর্বতের চূড়ায় নিয়ে যান, আর সেখানে যীশুকে প্রমাণিত করেন। এমনকি নিজেকে অন্য সকল লোকদের থেকে সরিয়ে নিয়ে, বলেছিলেন, "ইনি আমার প্রিয় পুত্র, তোমরা ইহাঁর কথা শুন!" আর যখন তারা উপরে তাকালেন, তারা কেবল যীশু ছাড়া আর কাউকে দেখতে পেলেন না। সেটা ঠিক। তিনিই ছিলেন সেই এক। এখন, এটি এটির নিষ্পত্তি করে, যতদূর আমি সম্পর্কিত। দেখুন?

168 [টেপের খালি অংশ—সম্পাদকীয়।]... ?...[টেপের খালি অংশ।]... ?...মুখ। মোশি সীনয় পর্বতে শেকিনাহ্ এর উপস্থিতিতে ছিলেন। এটা তার মুখমণ্ডলের পরিবর্তন করে। যখন তিনি নেমে আসেন, তাকে—তার মুখের উপর আবরণ দিতে হয়, মেষপালক-ভাববাদী মোশি; যার মধ্যে যিহোবা ছিলেন, একটি অংশে, শুধু একটি অংশে, তার মুখ। তার মুখে বাক্য ছিল।

169 কিন্তু লক্ষ্য করুন যখন মহান মেষপালক শেকিনাহের উপস্থিতিতে ছিলেন। এটা কি করেছিল? এটা তার সম্পূর্ণ মুখমণ্ডলের পরিবর্তন করেছিল। তিনি কেবল ঈশ্বরের অংশ ছিলেন না, তিনি ঈশ্বরের সমস্ত ছিলেন! তিনি ছিলেন ইম্মানূয়েল।

কেন এটা মেষপালক হতে হবে?

170 দেখুন! দেখুন, এখন, সর্বশক্তিমান ঈশ্বর টহল দিচ্ছেন... নিজেকে চিত্রিত করছেন, বরং, মেষপালক-ভাববাদী মোশিতে। দেখুন কিভাবে ঈশ্বর নিজেকে প্রকাশ করেছেন। (এটাই আমার শেষ মন্তব্য।) তাকে দেখুন, আগুনের স্তম্ভের সামনে অভিষিক্ত হয়ে দাঁড়িয়ে! মোশি এবং যিহোবা ছাড়া পাহাড়ে আর কেউ নেই। আমেন! *আমেন* মানে "তাই হোক।"

171 দেখুন! "তুমি তোমার হস্ত বক্ষঃস্থলে দেও!" কিন্তু, এখন এই দ্বিতীয় চিহ্নটিকে একটি রব দিয়ে দেখুন। "তোমার হস্ত বক্ষঃস্থলে দেও।" আমাদের বিশ্বাস করার কোন কারণ নেই যে মোশি বামহাতি ছিলেন, তাই তিনি অবশ্যই তার ডান হাত তার বক্ষঃস্থলে রেখেছিলেন, কারণ অধিকাংশ মানুষ ডানহাতি। তিনি তার ডান হাত রাখলেন...এখন দেখুন! আমরা এখানে কি একটি ছবি দেখতে পাচ্ছি, মোশির মধ্যে যিহোবার, সেই মেষপালক-ভাববাদী! মোশি ঈশ্বরের প্রতিনিধিত্ব করছেন, কারণ ঈশ্বর মোশির মধ্যে ছিলেন। তাকে রাখতে দেখুন..."তোমার হস্ত বক্ষঃস্থলে দেও।" কি একটি চিহ্ন!

172 এখন, সেখানে তিনি দাঁড়িয়ে আছেন, তার ডান হাত তার হৃদয়ের উপর ধরে (*এইভাবে* দাঁড়িয়ে) যেখানে পৃথিবীর ভিত্তির সময় থেকে মুক্তির গোপন রহস্য লুকিয়ে ছিল। এখানে কেন মেষপালকরা। যীশু ঈশ্বরের ডান হাত, আমরা সবাই জানি। সেখানে মোশি তাকে ঠিক চিত্রিত করেছেন। তিনি পিতার গোপনীয়তা ধারণ করেছেন, এবং আমাদেরকে তা দেখিয়েছেন। লক্ষ্য করুন, তাকে তার বক্ষ থেকে টেনে বের করতে দেখুন তার ডান হাত মারাত্মক কুষ্ঠ রোগে আক্রান্ত হয়ে। দেখিয়ে ছিলেন ঈশ্বর তার ডান হাত দিয়ে কি করবেন। লক্ষ্য করুন, কুষ্ঠ রোগের কোন নিরাময় নেই। লক্ষ্য করুন, আবার, এটি কেবল সাধারণ কুষ্ঠ রোগ ছিল না, এটি তার শেষ পর্যায়ে ছিল, তুষারপাতের মতো সাদা; তার হাত একটি ভয়ঙ্কর জিনিস দিয়ে আঘাত করা হয়েছিল। মোশি কেমন অনুভব করেছিলেন যখন তিনি তার ডান হাত তার হৃদয়ের উপর থেকে, তার বক্ষ থেকে বের করে আনেন, আর তার হাত কুষ্ঠ রোগে আক্রান্ত হয়েছিল! কুষ্ঠ রোগ পাপের প্রতীক, অনিরাময়যোগ্য, এবং বিশেষ করে এটি তার শেষ পর্যায়ে।

173 আর, ভাইয়েরা, সেখানেই পৃথিবী ছিল যখন ঈশ্বর তাঁর ডান হাত তাঁর বক্ষঃস্থল থেকে টেনে বের করেছিলেন! পৃথিবী মারাত্মক কুষ্ঠ রোগে আক্রান্ত হয়েছিল, আর এর জন্য কোন নিরাময় ছিল না। আজ রাতেও তাই, কারণ তারা প্রতিকার পাবে না। প্রতিকারটি

কালভেরীতে করা হয়েছিল, কিন্তু লোকেরা পাপের জন্য ঈশ্বরের প্রেসক্রিপশনের পরিবর্তে কিছু মনুষ্যসৃষ্ট ব্যবস্থা গ্রহণ করতে চায়।

174 লক্ষ্য করুন এটি কখনই ধীরে ধীরে আসে না, যেমন কুষ্ঠ রোগ হয়, কিন্তু একবারে আসে! যখন তিনি তার হাত বের করলেন, তখন তা আঘাতপ্রাপ্ত হয়েছিল, এটি কুষ্ঠরোগে পূর্ণ ছিল। লক্ষ্য করুন ঈশ্বর কি বলেছেন, "এখন, তোমরা ধীরে ধীরে পাপে প্রবাহিত হবে না; কিন্তু যেদিন তোমরা তা খাবে, সেদিনই তোমরা মারা যাবে।" আর সেটা ঠিক, "যেদিন তোমরা এটা খাবে।"

175 লক্ষ্য করুন, ভাববাদী-মেষপালক নিজেকে আঘাত করেছিলেন। তিনি, ঈশ্বরের আজ্ঞা দ্বারা, তার নিজের হাত তার বক্ষঃস্থল রাখলেন, এবং কুষ্ঠ রোগে আক্রান্ত হয়ে তা বের করলেন। ভাববাদী-মেষপালক নিজেই এটা করেছিলেন। আর মহান ভাববাদী-মেষপালক, যীশু, এটি নিজেই করেছিলেন, "আমি আমার প্রাণ সমর্পণ করি, কেউ আমার কাছ থেকে তা কেড়ে নিতে পারে না।" তিনি ছিলেন মহান মেষপালক, মহান ভাববাদী-মেষপালক, "কেহ আমার নিকট হইতে তা নিতে পারে না, আমি স্বয়ং এটি করিতেছি।□□ লক্ষ্য করুন এটি ধীরে ধীরে আসেনি, এটি এক মিনিটের মধ্যে আসে। মহান মেষপালক, স্বয়ং, আমাদের অপরাধ গ্রহণ করেছিলেন এবং নিজেকে আঘাত করেছিলেন, আমাদের পাপ গ্রহণ করে নিজের উপর চাপিয়েছেন। আশ্চর্যের কিছু নেই যে কবি লিখেছেন:

মধ্য ক্ষয়কারী প্রস্তর এবং অন্ধকারাচ্ছন্ন আকাশ,
আমার ত্রাণকর্তা তার মাথা নত করে মারা যান;
উন্মুক্ত পর্দা পথ প্রকাশ করে
স্বর্গের আনন্দ এবং অন্তহীন দিনের জন্য।

176 সেই রহস্য এত বছর ধরে ঈশ্বরের বক্ষঃস্থলে ছিল, তাঁর ডান হাত, যীশু দ্বারা আবৃত। মহান মেষপালক আমাদের জন্য আমাদের দোষ নিজের উপর নিয়েছিলেন। যিশাইয় ৫৩:৬, বলে, "তিনি আমাদের অধর্ম্মের নিমিত্ত বিদ্ধ হইলেন। আমাদের অপরাধের নিমিত্ত চূর্ণ হইলেন। আমাদের শান্তিজনক শাস্তি তাঁহার উপরে বর্ত্তিল। এবং তাঁহার ক্ষত সকল দ্বারা আমাদের আরোগ্য হইল।" ঈশ্বরের আরোগ্যকরণের রহস্য যীশু খ্রীষ্টের বক্ষঃস্থলে ছিল, অথবা ঈশ্বর, তিনি ঈশ্বরের ডানদিকে ছিলেন, এটাই একমাত্র মেষ যা তার বুকে গোপন ছিল। এই কারণেই এর পূর্বাভাসকে সর্বদা একটি মেষ হতে হয়েছিল! প্রথমটি একটি মেষ ছিল, শেষটি একটি মেষ ছিল। এই কারণেই তাকে একজন মেষপালকের কাছে আসতে হয়েছিল,

কীভাবে তাঁর মেষদের যত্ন নিতে হবে তা জানতে। আপনারা এটি বুঝতে পেরেছেন ? লক্ষ্য করুন, “তিনি আমাদের অধর্ম্মের নিমিত্ত ক্ষতবিক্ষত হইয়াছিলেন, আমাদের অধর্মের নিমিত্ত চূর্ণ হইয়াছিলেন, তাঁহার উপরে আমাদের শান্তিজনক শাস্তি বর্ত্তিল।”

177 লক্ষ্য করুন, এটা দ্রুত এসেছিল; আর তা দ্রুত চলে যায়, দ্বিতীয়বার বক্ষঃস্থল থেকে ডান হাত বের হওয়ার সঙ্গে সঙ্গে। মারাত্মক রোগ চলে গিয়েছিল, যখন তিনি দ্বিতীয়বার এটি বের করেন। আর যখন মহান মেষপালক, মেষ-ভাববাদী, যখন তিনি বলেছিলেন...কালভেরির ক্রুশে, যখন তিনি আমাদের সকলের পাপের দণ্ড পরিশোধ করেছিলেন, তিনি বলেছিলেন, “সমাপ্ত হইল।” পাপ শেষ হয়েছিল, দণ্ড পরিশোধ করা হয়েছিল, ঋণ নিষ্পত্তি হয়েছিল ! এটি এক বছরও নেয়নি, অথবা শেষ পর্যন্ত এটি অন্য কোন সংস্কারকের বা অন্য কিছুর সময়ে আসে, এটি ঠিক তখনই শেষ হয়েছিল !

178 পাপ এক মুহূর্তের মধ্যে এসেছিল, ঈশ্বরের ব্যবস্থা লঙ্ঘন করে, একটি বাক্য ভঙ্গ করে। আজ রাতে, আমার ভাইয়েরা, আপনার প্রাণ একটি শিকলের উপর নরকে আছে। আর সেই শিকলটি কোন ধর্মতাত্ত্বিক সেমিনারির শিক্ষা নয়, সেই শিকলটি কোন ধর্মসম্প্রদায় বা কোন ধর্ম নয় যার দ্বারা আপনি বসবাস করছেন, সেই শিকলটি ঈশ্বরের বাক্য ! যীশু মানব জাতিকে তার বাক্য দিয়েছিলেন তার দ্বারা বেঁচে থাকার জন্য, এবং হবা এটির একটি ছোট্ট সংযোগ ভেঙেছিল। আর...যে কোন শিকল তার দুর্বলতম সংযোগের চেয়ে শক্তিশালী নয়। যখন আপনি একটি বাক্য বের করে দেন...সেটি ছিল পুস্তকের প্রথম বাক্য।

যীশু পুস্তকের মাঝখানে আসেন, এবং বলেন, “মানুষ কেবল রুটি দ্বারা বাঁচিবে না, কিন্তু প্রত্যেক বাক্য দ্বারা বাঁচিবে যাহা ঈশ্বরের মুখ হইতে নির্গত হয়।” এটা পুস্তকের মাঝামাঝি ছিল।

পুস্তকের শেষ, তিনি বলেছেন, “যে কেহ একটি বাক্য হরণ করে (একটি বাক্য ভুল অনুবাদ করে), এখান থেকে একটি বাক্য হরণ করে, আমি জীবন-পুস্তক থেকে তার অংশ হরণ করিব।” আপনি নরকের উপর দিয়ে যাচ্ছেন, ঈশ্বরের বাক্যে ঝুলে। আপনি কাউকে আপনার মধ্যে এমন কিছু প্রবেশ করাতে দেবেন না যা **সদাপ্রভু এই কথা কহেন** নয় !

179 ওহ, আমি দেখতে পাচ্ছি...ঠিক আছে, তারা বলে, “নিশ্চয়ই, আমরা সব করেছি। আমরা সব করেছি !” মহান মেষপালকের সময়ে

হয়তো মহাযাজকেরা এবং তারা এটাই ভেবেছিল। হবা সেটাই ভেবেছিল। এটাই শয়তান তাকে বলেছিল, "নিশ্চয়ই ঈশ্বর করবেন না।" কিন্তু তিনি করেছিলেন, কারণ তিনি বলেছিলেন যে তিনি করবেন। আর সেই কারণেই তিনি আজ আবার এটি করবেন।

180 আশ্চর্যের কিছু নেই, যেমন তিনি বলেছেন, "যেমন নোহের সময়ে হয়েছিল, যেখানে আটটি প্রাণ জল দ্বারা উদ্ধার পেয়েছিল, মনুষ্যপুত্রের আগমনকালেও সেইরূপ হইবে।" দেখুন, খুব কম, "কেননা জীবনে যাইবার দ্বার সঙ্কীর্ণ ও পথ দুর্গম, আর অল্প লোকেই এটা খুঁজে পাবে।" সেটা ঠিক। "কেননা সর্ব্বনাশে যাইবার পথ প্রশস্ত, অনেকে সেই পথে প্রবেশ করিবে।"

181 যখন মহান মেষপালককে আঘাত করা হয়েছিল, মহান মেষ-ভাববাদী, যখন তাকে সেখানে আঘাত করা হয়েছিল, তিনি বলেছিলেন, "এটি শেষ হইয়াছে!" আর সেই মুহূর্তে, এই মেষপালককে আঘাত করার সাথে সাথেই শেষ হয়ে যায়। পাপের নিষ্পত্তি হয়েছে, সেখানে আর কোন পাপ ছিল না। তাদের পরিষ্কার করা হয়েছিল, মূল্য পরিষোধ করা হয়েছিল। সেই বিশ্বাসীদের যাদের নাম জীবন-পুস্তকে লেখা আছে, জগৎপত্তনের সময় থেকেই পূর্বনির্ধারিত, এটা শেষ হয়েছিল ঠিক সেই মুহূর্তে যখন যীশু বলেছিলেন এটা শেষ হয়ে গেছে। তিনি, সেই মহান মেষপালক, তার মেষদের জন্য এসেছিলেন। এটা শেষ হয়েছিল, ঈশ্বরের ডান হাত তার বক্ষঃস্থল থেকে টেনে নেওয়া হয়েছিল, আঘাত করা হয়েছিল। তারপর ইস্টারে তিনি এটি ফিরিয়ে দেন (আমেন), এটিকে আবার তাঁর বুকে তুলে নেন, এবং এটিকে আপনার এবং আমার দিকে প্রসারিত করেন, তাঁর বাক্যের আকারে, আমাদেরকে সেই আদি উদ্যানে ফিরিয়ে আনার জন্য, যেখান থেকে পাপ আমাদের নিয়ে গিয়েছিল। তাঁর মহান হৃদয়ের গোপন রহস্য একজন ভাববাদী-মেষপালক দ্বারা প্রকাশিত হয়েছিল। এটি একজন মেষপালক, ভাববাদী-মেষপালক দ্বারা প্রকাশিত হয়েছিল।

182 আশ্চর্যের কিছু নেই যে সেই দিন পাহাড় লাফিয়ে উঠে চিৎকার করেছিল। এতে অবাক হওয়ার কিছু নেই যে সূর্য তার মুখ লুকিয়ে আনন্দে চিৎকার করেছিল। আশ্চর্যের কিছু নেই যে সমস্ত প্রকৃতি শিথিল হয়ে যায়; বাতাস গাছগুলিকে নাড়া দিত থাকে যতক্ষণ না তারা কাঁপতে থাকে এবং কাঁপতে থাকে, এবং আনন্দিত হয়ে লাফিয়ে ওঠে। তারা পাহাড়ে ভাববাদী-মেষপালককে দেখেছিল, জীবন পুস্তকের প্রতিটি নাম মুক্ত করতে। আর তারা দেখেছিল যে তাদের নিজস্ব প্রকৃতি মুক্তি পেয়েছে! তারা চিৎকার করেছিল, আর

লাফিয়েছিল। আর পৃথিবী ভূমিকম্পে চলে যায়। আর পাহাড়গুলি ফেটে যায়, আর পাথরগুলি পতিত হয়। আর সূর্য ডুবে যায়। আর—আর সবকিছু ঘটেছিল। যে কোনো সভার মতো, যখন মেষপালক আপনার কাছে প্রকাশ করেন যে "এটি শেষ হয়েছে!" সেখানে...

183 আমি লাফানোর মুহূর্ত এবং আনন্দের মুহূর্ত দেখেছি, কিন্তু কেউ আহত হয়নি। পাহাড় বেজে উঠে, আর তারা...সূর্য অস্ত যায়, আর সবকিছু ঘটে যায়, কিন্তু কেউ আহত হয়নি। আর আমি এমন সভা দেখেছি যেখানে ঈশ্বরের শক্তি মানুষের কাছে প্রকাশিত হয়েছিল যে তারা "জগৎ ও জগতের বিষয় হইতে মুক্ত হইল," আর প্রভুর আনন্দে মণ্ডলী পূর্ণ হয়েছিল। তারা দাঁড়িয়ে চিৎকার করেছিল, এবং ক্রন্দন করেছিল, এবং ঈশ্বরের মহিমার জন্য তাদের কণ্ঠস্বরের শীর্ষে চিৎকার করেছিল। আমি কখনই উচ্ছৃঙ্খল কিছু দেখিনি, তারা সবসময় নিয়মানুযায়ী ছিল; কারণ তারা চিনতে পেরেছিল যে, তাদের নাম যা জগৎপত্তনের পূর্বে মেষশাবকের জীবন-পুস্তকে লেখা ছিল। মহান ভাববাদী-মেষপালক তাদের কাছে বার্তা নিয়ে এসেছিলেন, এবং তাদের মুক্ত করা হয়েছিল, সেই ভাববাদী-মেষপালক। অন্যান্য ধর্মীয় জগৎসমূহ এই বিষয়ে যাই বলুক না কেন, তারা জানত কি ঘটেছে। ঠিক যেমন তাদের মেষপালকেরা সেখানে করেছিল, তারা জানত কি ঘটেছে।

184 বাক্য প্রচার করার জন্য পবিত্র বেদীতে প্রবেশ করার অধিকার কোন ব্যক্তির নেই যতক্ষণ না তিনি মোশির মতো করেন, ঈশ্বরের সাথে দেখা করেন, স্বয়ং, এই ভিত্তিতে যেখানে কোন ধর্মতত্ত্ববিদ এটি ব্যাখ্যা করতে পারেন না। মোশি সেখানে ছিলেন! ইস্রায়েলের বার্তাবাহকরা যেভাবেই বলে থাকুন না কেন, "ওহ, এটা একটি আজেবাজে কথা, আপনি শুধু কল্পনা করেছিলেন যে আপনি এটা দেখেছেন; এটা আজেবাজে কথা," আপনি তার কাছ থেকে এটা কেড়ে নিতে পারবেন না, তিনি জানতেন! তিনি সেখানে ছিলেন! তিনি সেই একজন ছিলেন যার সাথে এটি ঘটেছিল! আর কোন—একটি ধর্মতাত্ত্বিক ডিগ্রি অথবা কোন ডাক্তারের ডিগ্রিধারী কোন ব্যক্তির বেদীর পিছনে থাকার অধিকার নেই, যীশু খ্রীষ্টের বার্তা দাবি করার জন্য, যতক্ষণ না তিনি প্রথম আগুনের স্তম্ভে ঈশ্বরের মুখোমুখি হন। নিজেকে বার্তাবাহক বলার অধিকার তার নেই, কারণ পৃথিবীর সমস্ত ধর্মতাত্ত্বিকরা এটি ব্যাখ্যা করে আপনার থেকে দূরে করতে পারেনি। এটি আপনার সাথে ঘটেছে! আপনি সেখানে ছিলেন, আপনি এই সম্পর্কে জানেন। অন্য কেউ কি বলে, অথবা তারা কতটা বলতে পারে, "দিন চলে গেছে, এটা এমন নয়," আপনি...

এটা আপনার সাথে ঘটেছে, এবং এটা বাক্য অনুযায়ী হয়েছে।

185 হ্যাঁ, এই কারণেই মোশি জানতেন যে এই রব তার সাথে কথা বলেছিল, এটি একটি বাক্য রব। তিনি জানতেন যে ঈশ্বর অব্রাহামকে বলেছিলেন, "তোমার বংশ চারশো বৎসর প্রবাস করিবে, কিন্তু আমি তাহাদিগকে উদ্ধার করিব।" আর তিনি জানতেন যে চারশ বছর শেষ হয়ে গেছে এবং তাকে এটি করার জন্য ডাকা হয়েছিল।

186 পুরুষ এবং মহিলা, ঈশ্বর এই শেষ সময়ে প্রতিশ্রুতি দিয়েছেন যে তিনি সমস্ত মানুষের উপর তাঁর আত্মা ঢেলে দেবেন। তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে তিনি পবিত্র আত্মার বাপ্তিস্ম পাঠাবেন, এবং তিনি দাগ বা কলঙ্ক ছাড়া একজন বধূকে আহ্বান করবেন। তিনি এটা করার প্রতিশ্রুতি দিয়েছেন, তিনি এটা করবেন। এই ভাড়াটে মেষপালকদের কথা শুনবেন না, তারা আপনাকে বিপথে নিয়ে যাবে। পবিত্র আত্মা এই বাক্য থেকে আপনাকে মেষের খাদ্য খাওয়ানোর জন্য মেষপালক। এটা সবসময় মেষপালকের দ্বারা আসে। তিনি আমাদের মেষপালক। তাঁর কথা শুনুন, আপনারা তাঁর পালের মেষ; যদি আপনি হন, আপনি তাঁর রব শুনতে পান। অন্য কেউ যা বলে তা নয়, তিনি যা বলেন আপনি তা শোনেন। একটি অদ্ভুত রব, আপনি এই সম্পর্কে কিছুই জানেন না।

187 ওহ, আমার, শক্তিশালী মেষপালক-ভাববাদীর কথা আবার শুনুন, তাদের ব্যাখ্যা ও পরিচয় করিয়ে দিচ্ছেন, যোহন, যখন তিনি যর্দন নদীতে দাঁড়িয়েছিলেন, দেখুন তিনি কি বলেছিলেন, সেখানে দাঁড়িয়ে প্রচার করছিলেন, তিনি বলেছিলেন, "সেই সময় আসছে..."

188 লক্ষ্য করুন, যোহন একজন যাজকের পুত্র ছিলেন। তারা সর্বদা—তাদের পিতার বংশ অনুসরণ করত, এইভাবে আমরা আমাদের নাম পেয়েছি, তারা যা কিছু করেছিল, তারা তাদের সেটা বলে থাকে। আর যোহনের তার পিতার মতো একজন যাজক হওয়ার কথা ছিল।

189 আর, আপনারা জানেন, তার মা, যখন সে গর্ভবতী হয়েছিল, প্রভুর দূত তার পিতা সখরিয়ের সাথে দেখা করার পর, আর ইলীশাবেতের বাড়িতে চলে যান, আর তিনি ইতিমধ্যে ছয় মাসের ছিলেন, মা হওয়ার জন্য, কিন্তু তার তখনও কোন জীবন ছিল না, সে ভয় পেয়ে গিয়েছিল কারণ শিশুটি নড়াচড়া করেনি। এটা স্বাভাবিকের চেয়ে কম।

190 আর পবিত্র আত্মা, প্রভুর দূত মরিয়মের কাছে দেখা দিয়েছিলেন, এবং তাকে বলেন যে সে "একটি সন্তানের জন্ম দিতে চলেছে, কোন পুরুষকে না জেনে," এবং তাকে ইলীশাবেতের অবস্থা সম্পর্কে বলে।

191 সে ইলীশাবেতকে বলার জন্য যিহূদিয়ার পাহাড়ে গিয়েছিল। আর যখন সে ইলীশাবেথের সাথে দেখা করে, তখন সে তাকে বলেছিল যে সে "মা হতে চলেছে।" আর সে এটা বুঝতে পারেনি, "কোন পুরুষকে না জেনে।" কিন্তু সে বলল, "পবিত্র আত্মা আমাকে ছায়া করেছে, এবং বলেছেন যে এই পবিত্র জিনিসটি আমার দ্বারা জন্মগ্রহণ করবে 'ঈশ্বরের পুত্র' বলা হবে, আর আমি তাঁর নাম রাখব 'যীশু।'" আর প্রথমবার যখন যীশু নামটি মানুষের ঠোঁটে উচ্চারিত হয়েছিল, একটি ছোট্ট মৃত শিশু, তার মায়ের গর্ভে, আনন্দে লাফিয়ে উঠে এবং চিৎকার করে; এবং মায়ের গর্ভে ঝাঁপিয়ে উঠে, আর এটি এখনও জীবন পায়নি।

192 যীশু খ্রীষ্টের নাম একটি মৃত শিশুর মধ্যে জীবনের বাক্য বলেছিল। একটি গির্জায় কি করা উচিত যারা দাবি করে যে নতুন জন্ম হয়েছে ?

193 আর আমরা আচারের উপর ফোঁটার মতো টক হয়ে বসে থাকি, আর এই ধরনের বিষয়গুলি চলতে দিই। এবং আপনার প্রত্যয়কে উত্থাপন করতে এবং সাক্ষ্য দিতে ভয় পাই, এবং এই সমস্ত বাজে কথার নিন্দা করতে, যীশু খ্রীষ্টকে কাল, আজ এবং অনন্ত কাল একই করুন। এটা ক্রিসমাসের সময়, এই সান্তা ক্লজ এবং জিনিসগুলি বের করুন, বাণিজ্যিকীকরণের সেই অর্থহীনতা থেকে দূরে থাকুন। আপনি বাইবেলে যেখানেই সান্তা ক্লজের সম্পর্কে শুনেছেন ? এটি একটি রোমান পৌরাণিক কাহিনী, এতে কিছুই নেই, এমন কিছু নেই। আপনার সন্তানদের এমন বাজে কথা শেখাবেন না। যখন একদিন আপনাকে তাকে বলতে হবে যে এটি একটি অন্ধ গল্প ছিল, তখন আপনি আপনার সন্তানের সাথে মিথ্যা বলেছেন। আর এটা যীশু খ্রীষ্টের সম্পর্কে আপনার সাক্ষ্যকে আঘাত করবে, তিনি বলবেন, "হয়তো এটা একই বিষয়।" মহান মেষপালক-ভাববাদী যীশু খ্রীষ্টকে ক্রিসমাসের মধ্যে ফিরিয়ে দিন যেখানে এটি অন্তর্গত।

194 লক্ষ্য করুন, এই ভাববাদীর কথা শুনুন, যোহন, যখন তিনি সেখানে দাঁড়িয়ে আছেন। আমরা সকলেই জানি যে তিনি একজন মহান মেষপালক-ভাববাদী ছিলেন। এখন, তার কাছে একটি বার্তা

ছিল, স্বর্গদূত জানতেন যে তিনি যীশুকে পরিচয় করিয়ে দিতে যাচ্ছেন।

195 এখন, তিনি কোনো সেমিনারিতে যেতে পারেন না। তারা বলবে, "এখন, আপনি জানেন যে ডাক্তার *অমুক-অমুক* লোকটি এখন স্থান নেবেন। আপনাকে তার সাথে পরিচয় করিয়ে দিতে হবে। আর আপনারা জানেন যে সেটি শুধু..." দেখুন, তিনি মানুষের সঙ্গে মিশতে পারেননি।

196 নয় বছর বয়সে, আমাদের বলা হয়েছে, তিনি ঈশ্বরের সামনে প্রস্তুত হওয়ার জন্য প্রান্তরে গিয়েছিলেন। সেখান থেকেই মেষপালকেরা আসে। লক্ষ্য করুন তার বার্তাটি একজন ধর্মতাত্ত্বিকের মতো ছিল না, কিছু বড়, বড় ফুলে যাওয়া কথার সঙ্গে কোন ডিগ্রির। তিনি বলেছিলেন, "ওহ্, তোমরা সাপের প্রজন্ম।" ধার্মিক লোকদের বলছেন, "হে সাপের দল।" সেটাই তিনি প্রান্তরে দেখেছিলেন, তিনি সাপকে দেখেছিলেন। সর্বনিম্ন জিনিসটি তিনি খুঁজে পেতেন তা হল একটি সাপ, এবং তিনি তাদের সেই সময়ের পুরোহিত এবং যাজক এবং ধর্মতাত্ত্বিকদের বলেছিলেন, "একটি সাপের দল!" বলেছিলেন, "কে তোমাকে আসন্ন ক্রোধ হইতে সাবধান করিয়াছে? বলা শুরু করবেন না, 'আমরা *এটির* অন্তর্গত, আর আমরা *সেটির* অন্তর্গত,' কারণ আমি তোমাদের বলিতেছি যে, ঈশ্বর এই প্রস্তর হইতে অব্রাহামের জন্য সন্তান উৎপন্ন করিতে পারেন।" পাথর, তিনি প্রান্তরে যা দেখেছিলেন। "এছাড়াও, গাছের গোড়ায় কুড়াল রাখা হয়েছে।" এটাই তিনি দেখেছিলেন: সাপ, গাছ, প্রান্তর। আর, দেখুন, এটাই ছিল তার বার্তা। তিনি ডক্টর অফ ডিভিনিটির কিছু বড় ফোলানো বাক্য জানতেন না, এটি সব ব্যাখ্যা করতে পারে, তিনি ঠিক প্রকৃতির রেখায় প্রচার করেছিলেন।

197 সেটাই আমরা এখানে দেখাচ্ছি: মেষপালকের লাঠি, মেষপালক, মেষ, প্রকৃতির রেখা।

198 তিনি কি করেছিলেন? তার কাছে একটি মহান বিষয় ছিল, তিনিই সেই ব্যক্তি যিনি মশীহকে জানতেন। তিনি বলেছিলেন, "আমি বলি, 'তিনি এখন তোমাদের মাঝে দাঁড়িয়ে আছেন। আর তোমরা তাঁকে জানো না, কারণ তোমাদের ধর্মতত্ত্ব তোমাদেরকে এতটাই বেঁধে রেখেছে, তোমরা জানো না তোমরা কোথায় আছো।'"

199 একদিন যীশু হেঁটে বেরিয়ে আসেন, তিনি বলেছিলেন, "দেখো, সেখানে ঈশ্বরের মেষশাবক আসছেন যিনি জগতের পাপ

নিয়ে যান।” মেষশাবক! হালেলুইয়া! প্রকৃত প্রায়শ্চিত্ত! সেখানে আসে যা এদন উদ্যানের থেকে প্রতিটি মেষ ছায়া করেছে, একজন সাধারণ মানুষ নদীর দিকে হাঁটছেন।

200 তারা বলেছিল, “যোহন, তুমি এটা কিভাবে জানলে? আমি কোন বিষয় আলাদা দেখিনা।”

201 “কিন্তু আমি সাক্ষ্য দিচ্ছি, আমি ঈশ্বরের আত্মাকে কপোতের ন্যায় নেমে আসতে দেখেছি, এবং একটি রব বলেছিল, ‘ইনিই আমার প্রিয় পুত্র, ইহাঁতেই আমি বাস করিতে প্রীত।’”

202 কপোত এবং মেষশাবক দেখুন। দেখুন? হ্যাঁ। যদি এটা হতো... কি হতো যদি এটা অন্য কিছু হতো...এটা যদি সেখানে দাঁড়িয়ে থাকা একটি নেকড়ে হতো? ঠিক আছে, সেই মেষশাবক যেতে পারত না...অথবা সেই কপোত...ঈশ্বর নিজেকে একটি কপোত দিয়ে প্রতীক করেছিলেন, আকাশের সমস্ত পাখিদের মধ্যে সবচেয়ে নম্র; একটি মেষ দ্বারা তাঁর পুত্র, পৃথিবীর সমস্ত প্রাণীদের মধ্যে সবচেয়ে নম্র। দেখুন, আকাশের পরিষ্কার পাখি, একটি কাক নয়; একটি শকুন নয়, কিন্তু একটি কপোত। একটি শূকর নয়, কিন্তু একটি মেষশাবক। অন্য কোন প্রকৃতি একসাথে মিশ্রিত হত না।

203 আর লক্ষ্য করুন যখন কপোত মেষশাবকের উপর আসে, এটি তাকে পরিচালিত করেছিল। তিনি যেভাবে চান সেভাবে নয়, কিন্তু পিতা তাঁকে যেভাবে পরিচালনা করবেন। আজকে একজন সত্যিকারের মেষশাবক এমনই হয়। হে ক্রিসমাস-সময়ের মেষ, আপনারা কি জানেন না যে ঈশ্বর কেবল তাঁর বাক্য দ্বারা পরিচালিত হন? এটা তার লাঠি।

204 লক্ষ্য করুন কিছুই ঘটত না, কিন্তু যোহন বলেছিলেন, “বাকীরা এটা দেখেনি, কিন্তু আমি সাক্ষ্য বহন করি, ‘আমি এটা দেখেছি।’” উপস্থাপন করছেন: “দেখো, ঈশ্বরের মেষশাবক যিনি জগতের পাপভার লইয়া যান।”

205 আমি কি এখন আমার ক্রিসমাসের বার্তা প্রবর্তন করতে পারি, যখন আমি এখন বন্ধ করছি: “যীশু খ্রীষ্ট, কাল, আজ এবং অনন্ত কাল একই।” এটি সেই একই মেষশাবক। তিনি আজ সেই মেষশাবকের মতোই আছেন যতটা তিনি তখন ছিলেন। তিনি এখানে ঠিক ততটাই আছেন যতটা তিনি সেখানে ছিলেন, কারণ তাঁর বাক্য একই। “যেখানে দুই অথবা তিনজন আমার নামে একত্রিত হয়, সেখানে আমি তাহাদের মধ্যে আছি।” তিনি ঠিক তাই বলেছেন। তিনি কখনও পরিবর্তন হন না, তিনি ঈশ্বরের বাক্য।

তিনি কখনও পরিবর্তন হন না; এখনও তাঁর মেষদের দিচ্ছেন, এবং তাঁর মেষপালক-ভাববাদীদের দ্বারা তাদের খাওয়াচ্ছেন, প্রথমে তাঁর মেষের খাদ্য। ধর্মতত্ত্ববিদের কাছে নয়; তার মেষের কাছে।

206 তারা করবে না...কিভাবে অন্যরা এটা খেতে পারে। কিন্তু জ্ঞানী...এটা লক্ষ্য করুন! কিন্তু জ্ঞানী এবং বুদ্ধিজীবী, বিশ্বের সু-প্রশিক্ষিত, এখনও বলতে চান সেখানে একজন সান্তা ক্লজ আছে। আর সেখানে সব ধরনের কল্পকাহিনী এবং জিনিস আছে যা তারা উপাসনা করে, কারণ তারা তাঁকে গ্রহণ করবে না, বাক্য; কারণ তাদের ধর্মসম্প্রদায়ের মধ্যে, এটা তাদের রুচির সাথে খাপ খায় না, সেই সময়ের ভাড়াটে মেষপালকরা। ধর্মমতের থেকে ভাড়াটেরা, যারা আপনাকে এক ছাগলের অধীনে একত্রিত করতে চাইবে, আপনারা এটা বিশ্বাস করবেন না! তারা আপনাকে বধ করার স্থানে নিয়ে যাবে। মহান মেষপালকের কথা শুনুন যিনি উনিশশো বছর আগে এই মাসে জন্মগ্রহণ করেছিলেন। কিছু সময় বাইরে, তাঁর বার্তায়, সত্যিকারের মেষপালকেরা আসেন যারা মেষের যত্ন নিতে জানতেন।

207 লক্ষ্য করে, তারা এখনও এটি আকাঙ্ক্ষা করে। তারা আজ এটি গ্রহণ করবে না, ঠিক যেমন তারা তখন গ্রহণ করেনি, কারণ এটি তাদের ধর্মীয় স্বাদের সাথে খাপ খায় না। তারা সেই বাক্যটিকে ঘুরিয়ে দেয় এবং এটিকে তাদের সংগঠনের জন্য উপযুক্ত করে তোলে, এবং তারা বাক্য প্রচার করবে না। তারা করবে না! তারা বলে, "ঠিক আছে, এটা প্রেরিতদের সময়ের জন্য ছিল। এর মানে *এই* নয়।" এর অর্থ ঠিক সেটি যা এটি বলে, এটির কারও প্রয়োজন নেই... ?... তাদের জন্য এটি ব্যাখ্যা করা।

208 এখন আসুন এই মুহূর্তে আমরা পৃথিবীর ধুলোর দিকে আমাদের মাথা এবং হৃদয় নত করি, এবং দ্রুত একটি যাবপাত্রের কাছে যাই, এই বাক্য মেষপালক দ্বারা যে আলো নিয়ে আসে তা দেখতে এবং গ্রহণ করার জন্য: মহান ভাববাদী-মেষপালক, যীশু খ্রীষ্ট ঈশ্বরের পুত্র। আমি আপনার সাথে দীর্ঘ কথা বলেছি। আমি হয়তো আমার কথা ঠিক মতো বলিনি যেমন একজন পাদরি করেন, আমি সেটা করার চেষ্টা করি না। আমি এটা বলার চেষ্টা করি ঠিক যেমন তিনি আমাকে এটি দেন।

209 কিন্তু, আপনি কি দেখতে পাচ্ছেন কেন এটি মেষপালক হতে হয়েছিল? অন্যরা অন্যরকম চিন্তাধারায় এতটাই প্রশিক্ষিত ছিল যে তারা এটি গ্রহণ করে নি। আর আজ আমাদের কাছে সব ধরণের অধ্যক্ষ, জেলার ব্যক্তি, বিশপ, যাজক, কার্ডিনাল, পোপ রয়েছে,

বিশ্বের সবকিছু, আমাদের নেতৃত্ব দেওয়ার চেষ্টা করার জন্য। কিন্তু ঈশ্বর আমাদের একজন মেষপালক দেন, আর সেই মেষপালক হলেন পবিত্র আত্মা।

210 এখন আমার কথা শুনুন। "যখন তিনি..." (একটি চিন্তা নয়, *তিনি* একটি ব্যক্তিগত সর্বনাম) "যখন তিনি পবিত্র আত্মা (সত্যের আত্মা) আসেন, আমি তোমাদিগকে যাহা বলিয়াছি, তিনি তোমাদের কাছে এই সকল বিষয় প্রকাশ করিবেন, এবং ভবিষ্যত বিষয়গুলি তোমাদিগকে দেখাইবেন।" এটিই সেই মহান মেষপালক, সেটিই সেই মেষপালক যীশু ছেড়ে গেছেন। আর পবিত্র আত্মা বাইবেল লিখেছিলেন, বাইবেল তাই বলে, "প্রাচীন পুরুষরা, পবিত্র আত্মার দ্বারা চালিত হয়ে বাক্য লিখে ছিলেন।" এখন, পবিত্র আত্মা কি আপনাকে একটি ধর্মমতের কাছে টানতে পারেন ? এটা কি আপনাকে এমন কিছুতে টানতে—টানতে পারে, যা এই বাক্য বলে না ? কেন, এটা সম্পূর্ণ অসম্ভব হবে। পবিত্র আত্মা মিথ্যাবাদী হবেন যদি তিনি বলেন যে "*এটাই* আপনার করা উচিত," আর তারপর ঘুরে দাঁড়ান এবং বলেন, "না, এটা একটা ভুল ছিল, আর মণ্ডলী যা বলে তা তুমি করো।"

211 এখন, আপনি যদি কিছু শুনছেন, অন্য একজন আপনাকে বাস্তব থেকে দূরে সরিয়ে নিয়েছে, প্রকৃত মেষপালক যিনি আপনাকে বাক্য, পবিত্র আত্মার দিকে নিয়ে যাবেন, আপনার কাছে সেই অভিজ্ঞতা নেই, আর আপনার জীবনে পবিত্র আত্মার সাক্ষ্য নেই, যা ছাড়া...

212 ঈশ্বর এক। ঈশ্বরই একমাত্র যার অনন্ত জীবন আছে, আর তিনিই অনন্ত জীবন। আর যা কিছুর আদি আছে তার অন্ত আছে। আর আপনি যদি একটি গির্জার সদস্য হন, তবে এর একটি আদি ছিল। কিন্তু ঈশ্বরের বাক্যের কোন আদি নেই, ঈশ্বরের কোন আদি নেই...আর যখন আপনি ঈশ্বর থেকে জন্মগ্রহণ করেন, আপনি বাক্য থেকে জন্মগ্রহণ করেন, তখন আপনি ঈশ্বরের পুত্র হয়ে যান, আর জগৎপত্তনের আগে আপনার নাম মেষশাবকের জীবন-পুস্তকে রাখা হয়েছিল। আর আপনি, আপনার চুলের রঙ যা আপনার আছে, আপনার যে চোখের রঙ আছে, আপনি যে গুণাবলীতে আছেন, ঈশ্বর আপনাকে জগৎপত্তনের আগে দেখেছিলেন। আর তিনি আপনাকে দেখেছেন, একজন মানুষ, আপনার মতো। আর যদিও এখনও দশ লক্ষ বছর চলে এসেছে, সেখানে আপনাকে সেই সিদ্ধতাতে ফিরে আসতে কেউ বাধা দিতে পারে না সেই সাদৃশ যা ঈশ্বর আদিতে আপনার জন্য নির্ধারণ করেছিলেন, "আমার মেষেরা

আমার রব শুনিবে, তাহারা অপরিচিত লোকের অনুসরণ করিবে না।”

213 আর যদি আপনি সেই অনন্ত জীবনকে গ্রহণ না করে থাকেন, আজ রাতে, আর আপনি একটি—একটি—একটি ছোট শিশুর একটি—একটি—একটি পাত্রে শুয়ে থাকা একটি কল্পিত গল্প দেখছেন, আর আশেপাশে একদল জ্ঞানী লোক, আপনারা এইরকম কিছু বিশ্বাস করবেন না। আর ভাবার চেষ্টা করেন, “ঠিক আছে, আমি ভালো থাকব। আর আমি *এটা* করব। আর আমি গির্জায় যোগদান করব। আর আমাকে এটাই করতে হবে।” আপনি হারিয়ে গেছেন। যদি আপনার কাছে অনন্ত জীবন না থাকে, তাহলে আপনি কিভাবে চিরকাল বেঁচে থাকতে পারেন ?

214 আপনি একটি ভুট্টার দানা নিতে পারেন, এটা দেখতে কতটা নিখুঁত তা আমি চিন্তা করি না, আপনি তৈ-...বিজ্ঞান একটি তৈরি করেছে, যাকে আপনি এটিকে কেটে খুলতে পারেন: এতে একই ধরণের আর্দ্রতা রয়েছে, একই ধরণের হৃদয়, একই উপাদান যা ক্ষেত থেকে জন্মানো শস্যের মধ্যে রয়েছে, একই জিনিস রয়েছে। আপনি তাদের পরীক্ষাগারে রাখতে পারেন, এবং আপনি একটি থেকে অন্যটির পার্থক্য বলতে পারবেন না: একটি অন্যটির মতো ঠিক একই রকম ভুট্টার রুটি তৈরি করবে, একটি একই ধরনের ভুট্টার ফ্লেক্স তৈরী করবে। কিন্তু একমাত্র উপায়ে আপনি তাদের বলতে পারেন, তাদের মাটির নিচে রাখুন। মানুষ যা তৈরি করেছে, সেখানে থেকে যাবে, এটি পচে যাবে এবং এটি কখনও উঠে আসবে না। কিন্তু ঈশ্বর যেটি তৈরি করেছেন, তার একটি জীবনের জীবাণু আছে, সে আবার জীবিত হয়।

215 আপনি একজন খ্রিস্টানকে অনুকরণ করতে পারেন, আপনি একজন খ্রিস্টানের মতো একটি গির্জায় যেতে পারেন, আপনি একজন খ্রিস্টানের মতো বইয়ে আপনার নাম লিখতে পারেন, আপনি একজন খ্রিস্টানের মতো ধর্মসম্প্রদায়ে যোগ দিতে পারেন; সেটা ঠিক হবে, কিন্তু যদি না সেই অনন্ত জীবন আপনার মধ্যে থাকে যার জন্য সেই উত্তম মেষপালক তাঁর জীবন দিয়েছেন, আলাদা করার জন্য...যখন ঈশ্বর পঞ্চাশত্তমীর দিনে নেমে আসেন, তিনি সীনয় পর্বতের মতো আগুনের গোলাতে নেমে আসেন, যেমন তিনি প্রথম মেষপালক মোশির প্রতি করেছিলেন। আর যখন তিনি নেমে আসেন, তখন তিনি নিজেকে বিভাজিত করলেন সেই অগ্নিবৎ জিহ্বা যা তাদের প্রত্যেকের উপর স্থাপন হয়েছিল, ঈশ্বর নিজেকে তাঁর লোকেদের মধ্যে বিভাজিত করছেন। আর যদি আপনি তা না

পান যা...পিতর বলেছেন যে "এটা আপনার জন্য, এবং আপনার সন্তানদের জন্য, দূরবর্ত্তী সকলের জন্য।"

216 বন্ধুরা, আপনারা কোন ধর্মতাত্ত্বিক পৌরাণিক কাহিনী শুনবেন না, আপনার নতুন জন্ম হোক। আর যখন আপনি করেন, আপনার মধ্যে থাকা আত্মা ঈশ্বরের অংশ, এবং ঈশ্বরের প্রতিটি বাক্য "সত্য" হওয়ার সাক্ষী। যদি আপনার কাছে সেই অভিজ্ঞতা না থাকে, তাহলে আসুন যাবপাত্রে এখন ছুটে যাই, বাক্যে। আসুন বাইবেলে ছুটে যাই, এই সুসজ্জিত ধর্মতাত্ত্বিক-মণ্ডলী থেকে দূরে, একটি সত্যিকারের যাবপাত্রের কাছে, ঈশ্বরের বাক্যে যেখানে মশীহকে প্রকাশ করা হয়।

আমাদের মাথা নত করে, আসুন আমরা প্রার্থনা করি।

217 প্রিয় ঈশ্বর, এই সময়ে আমি এটাই বলতে জানি। আমরা ক্রিসমাসের দিকে এগিয়ে যাচ্ছি, রাস্তায় পুরুষ এবং মহিলা, ছেলে এবং মেয়েরা ভিড় করছে, ধাক্কা দিচ্ছে, ঠেলাঠেলি করছে, এমন একজনকে ফিরিয়ে দেওয়ার জন্য একটি উপহার কেনার চেষ্টা করছে, যিনি তাদের একইরকম কিছু দেবেন। অনেক লোক যারা নিজেদের খ্রিস্টান বলে, ক্রিসমাসের উপহারের জন্য রাস্তায় বেরিয়ে সিগারেট, মদ কিনেছে। ঈশ্বর, দেখে মনে হচ্ছে তারা এটি আপনার মুখে ছুঁড়ে মারছে, তাদের সন্তানদের কিছু কল্পকাহিনী, রোমান, একজন সন্ত নিকোলাসের পৌত্তলিক ধর্মতত্ত্ব শেখাচ্ছে, কিছু পৌরাণিক কাহিনী যা বিশ্ব দ্বারা সহজে গৃহীত হয়, এবং তারা ক্রিসমাসের প্রকৃত খ্রীষ্ট, আসল মেষশাবককে প্রত্যাখ্যান করে।

218 ঈশ্বর, আমি প্রার্থনা করি, আজ রাতে, যেন আমরা আমাদের মাথা ধুলোর দিকে নিচু করে যেটা থেকে আপনি আমাদের নিয়ে এসেছেন,...আপনি একবার মহান ভাববাদী-মেষপালক অব্রাহামকে বলেছিলেন, "অব্রাহাম, বাইরে যাও, সমুদ্রতীরের বালি গণনা কর।"

219 আর তিনি বাক্যটি ফিরিয়ে দিলেন, "তারা অগণিত, আমি তাদের সংখ্যা করতে পারি না।"

220 তখন আপনি বলেছিলেন, "আকাশের দিকে তাকাও, নক্ষত্রগণকে গণনা কর।" আর তিনি জানতেন যে এটা অসম্ভব। আর আপনি তাকে বলেছিলেন, "তোমার বংশও সেইরূপ হইবে।" আমরা সেই মেষপালক-ভাববাদীর কাছে সেই বার্তার দিকে তাকাই, "পৃথিবীর ধূলিকণা হইতে আকাশের নক্ষত্রগণ পর্যন্ত," যে যদিও আমাদের নশ্বর দেহে মৃত্যু আছে যা আমাদেরকে মাটিতে নিয়ে

যায়, সেখানে একটি জীবন আছে যা আমাদেরকে তারকায় উঠাতে পারে।

221 যেমন আপনি আপনার মহান ভাববাদী দানিয়েলকে বলেছিলেন, "আর যারা তাদের ঈশ্বরকে জানে, শেষ সময়ে তারা বীরত্বপূর্ণ কাজ করবে। আর যাহারা অনেককে ধার্ম্মিকতার প্রতি ফিরায়, তাহারা তারাগণের ন্যায় অনন্তকাল দেদীপ্যমান হইবে।"

222 প্রভু ঈশ্বর, মহান সৃষ্টিকর্তা, যিনি যীশুর রূপে পৃথিবীতে আসতে ইচ্ছুক ছিলেন, মানুষকে জানাতে ঈশ্বর কী তা। আর আপনিই একমাত্র যিনি মৃত্যুদণ্ড নিতে পারেন, কোন স্বর্গদূত নয়, কোন বিকল্প এটি করতে পারে না। আপনিই সেই শাস্তিটি রেখেছিলেন, আর আপনি একাই ন্যায্যভাবে এটি নিতে পারেন। আর আত্মা হয়ে, আপনি মরতে পারেন না। কিন্তু আপনি দেহধারণ করেছিলেন যেন আপনি মরতে পারেন; এবং মেষশাবক হয়ে যান যাতে আপনি আপনার মুক্তিপ্রাপ্ত ব্যক্তির পাপ দূর করতে পারেন, যাদের আপনাকে আপনার নিজের রক্তের দ্বারা মুক্ত করতে হয়েছিল।

223 ওহ, গল্পটি খুব দুর্দান্ত, প্রভু, এটি অনেকের মাথার উপর দিয়ে যায়। চিন্তা করার জন্য: "ছোট যিহোবা, একটি পশুর যাবপাত্রে মধ্যে শুয়ে আছেন, তাকে শিশুর মতো জীবনযাপন করতে হয়েছিল। ছোট যিহোবা, একটি গোয়ালঘরে জন্মগ্রহণ করেন। ছোট যিহোবা, রাস্তায় শিশুদের সঙ্গে খেলছেন। ছোট যিহোবা, কিশোর। ছোট যিহোবা, স্কুলছাত্র। আর যিহোবা, পরাক্রমশালী।" আপনি এই সমস্ত স্থান নিয়েছেন। "আর তারপর, যিহোবা, মেষশাবক। যিহোবা, ভাববাদী।" আর আপনি এই সব হয়ে যান যাতে আপনি পাপের শাস্তি ভোগ করতে পারেন, এবং আমাদের অনন্ত জীবন দিতে পারেন।

224 আমাদের ক্ষমা করুন, হে ঈশ্বর, আমরা, এই বিশ্বের দরিদ্র, অযোগ্য প্রাণী। আমরা আজ রাতে অপমানিত, প্রভু, যখন আমরা পড়ি আপনি আমাদের জন্য কি করেছেন, আর বিনিময়ে আমরা খুব কম করেছি। আপনি কেমন করে মহান ধর্মীয় নেতাদের সময়ে এসেছিলেন! আপনি কিভাবে দাঁড়িয়ে পিতার বাক্য প্রতিফলিত করতে ইচ্ছুক ছিলেন! আপনি তাদের তত্ত্বের সঙ্গে আপস করেননি! আর আজ মনে হচ্ছে এমন কেউ নেই যে আলাদা হতে চায় এবং বাক্যকে এখনও "বাক্য" বলে, এবং আপস করে না। আমরা প্রার্থনা করি, ঈশ্বর, আপনি আমাদের ক্ষমা করুন এই বিষয়গুলির জন্য যা আমরা এত অবহেলা করেছি। আর আজ রাতে আমাদেরকে দিন,

আমাদের হৃদয়ে, যেমন আমরা আপনাকে একটি যাবপাত্র হিসাবে দিই। আর আমরা জানি যে প্রতিবার যখন ক্রুশবিদ্ধ খ্রীষ্টকে গ্রহণ করা হয়, সেখানে একটি নতুন জন্ম হয়, সেখানে একটি নবজাত মেষ হয়, স্বর্গে স্বর্গদূতেরা গান গায়। একজন পাপী যিনি অনুতপ্ত হন, স্বর্গদূতরা আবার গান করেন।

225 আমরা প্রার্থনা করি, ঈশ্বর, যদি আজ রাতে এখানে কেউ থাকে যারা আপনাকে ঈশ্বরের প্রকৃত দান হিসাবে জানে না, একজন ব্যক্তিগত ত্রাণকর্তা হিসাবে, শুধুমাত্র একটি মানসিক ধারণার দ্বারা নয়, আপনার আত্মা থেকে জন্মগ্রহণ করে একটি নতুন জন্মের দ্বারা, তারা যেন এখনই এটি গ্রহণ করে, প্রভু, আমাদের মাথা নত করে। আর যদি এমন একজন হন, প্রভু, যিনি এটা করেননি, তাদের হৃদয় এখন আনন্দ প্রাপ্ত হউক, এবং প্রাচীনকালের মেষপালকদের মতো খুঁজে পায়, তাদের হৃদয়ের যাবপাত্রের মধ্যে, বাক্য, মশীহকে; যা তাদের কাছে পবিত্র আত্মা হিসাবে প্রমাণিত করবে, সেই দিনের মহান মেষপালক। আমরা যীশুর নামে এই প্রার্থনা করি।

226 যখন আমরা আমাদের মাথা নত করেছি, এবং আমি বিশ্বাস করি আমাদের হৃদয় নত আছে, আপনারা কি—আপনারা কি, আমার প্রিয় ভাই, যদিও আপনি গির্জার সদস্য...আর আমি আশা করি যে আমি যা বলেছি সেটি বলে আমি আপনাকে আঘাত করিনি। আমি...চার্চের অন্তর্গত হওয়া ঠিক আছে, আমাদের এটা করা উচিত, কিন্তু, ওহ ভাই, শুধু এটা গ্রহণ করবেন না, আপনাকে নতুন জন্ম গ্রহণ করতে হবে। এটাই মহান ভবিষ্যদ্বক্তা-মেষপালক বলেছেন, "তোমাদের নূতন জন্ম হওয়া আবশ্যক।" তিনি একজন ধর্মতত্ত্ববিদকে বলেছিলেন, "তোমাকে নতুন করে জন্ম নিতে হবে।"

227 আর যখন আপনি নতুন জন্মগ্রহণ করেন, এটা শুধুমাত্র আপনি বিশ্বাস করার কারণে নয়। তারা বলে, "আপনার জন্ম হয়েছে যখন আপনি বিশ্বাস করেন।"

228 কিন্তু বাইবেল বলে, "শয়তানও বিশ্বাস করে।" এখন, লক্ষ্য করুন, এটা সেটা নয়, এটা একটা অভিজ্ঞতা।

229 আপনি বলেন, "ঠিক আছে, আমি একটি ভালো জীবনযাপন করেছি।"

230 প্রেরিতরাও তাই করেছিলেন, কিন্তু পবিত্র আত্মা না পাওয়া পর্যন্ত তারা নতুন জন্মগ্রহণ করেননি। এমনকি তারা পবিত্র আত্মা না পাওয়া পর্যন্ত ধর্মান্তরিতও হয়নি। আপনাদের মনে আছে বিশ্বাসঘাতকতার আগের রাত...অথবা বিশ্বাসঘাতকতার সময়,

বিশ্বাসঘাতকতা সংঘটিত হওয়ার ঠিক আগে? যীশু শিমোন পিতরকে বলেছিলেন, "তুমিও একবার ফিরিলে পর, তোমার ভ্রাতৃগণকে সুস্থির করিও।" আর পিতর সাড়ে তিন বছর ধরে তাঁকে অনুসরণ করেছিলেন, আর মন্দ আত্মা তাড়িয়েছিলেন এবং অসুস্থদের সুস্থ করেছিলেন, সুসমাচার প্রচার করেছিলেন, আর এখনও (বাক্য অনুসারে) এমনকি ধর্মান্তরিতও হননি।

231 এখন, আপনি কি আজ রাতে আপনার হৃদয়ে এই ধরনের একজন—একজন বার্তাবাহক চান? যদি—যদি আপনি সত্যিই এটি চান...অন্য কেউ কি বলে তাতে কোন পার্থক্য হয় না, এটা সত্য, ভাই, বোন। আমি জানি সেটি সত্য হতে হবে। আপনারা কি, যখন প্রতিটি মাথা নত এবং প্রতিটি চোখ বন্ধ, আমার কাছে নয়, আমি একজন মানুষ, আপনার ভাই, কিন্তু আপনি খ্রীষ্টের কাছে আপনার হাত উঠাবেন, বলুন, "আমি এটা বিশ্বাস করি। আর আমি সত্যিই সেই খ্রীষ্টকে আমার হৃদয়ে চাই, ক্রিসমাসের প্রকৃত খ্রীষ্ট"? আপনারা কি এখন আপনাদের হাত উপরে তুলবেন? ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন। সেটা ভালো। ঈশ্বর আপনাকেও আশীর্বাদ করুন। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন। আমার, সর্বত্র হাত।

232 এটা যেন ঘটে, ভাই; এটা যেন ঘটে, বোন; এটা যেন ঘটে, আমার বন্ধু; ঈশ্বরের আত্মায় পূর্ণ হন। অন্য কেউ কি বলে এটা কোন কি পার্থক্য করে? মনে রাখবেন, এটা আপনার জীবন। আমরা সকালে পৃথিবীতে নাও থাকতে পারি, এখন আমাদের নাকের ছিদ্রে যত শ্বাস আছে তার চেয়ে আমাদের আর জীবনের আর কোন আশ্বাস নেই। আমরা হয়তো আর কখনও শ্বাস নিতে নাও পারি, শুধুমাত্র ঈশ্বরের অনুগ্রহ। আর এটা কি ভালো কাজ করে, আপনি যতই ভালো জীবনযাপন করেছেন কিনা আর কি...? যীশু বলেছেন, "মানুষের নতুন জন্ম না হইলে, সে প্রবেশ করিবে না।"

233 এখন, আমি *পরিভাষা* জানি যে নতুন জন্ম কি সেই বিষয়ে, কিন্তু আসুন শুধু দেখি বাইবেলে কি ঘটেছিল যখন তাদের নতুন জন্ম হয়েছিল। পিতর একজন বিশ্বাসী ছিলেন, প্রেরিতরা বিশ্বাসী ছিলেন, কিন্তু পঞ্চাশত্তমীর দিনে পবিত্র আত্মা তাদের উপর না আসা পর্যন্ত তাদের পুনর্জন্ম হয়নি। এখন, তারা ভাবছিল কি হয়েছে, আর পিতর বললেন, তাদের বাকিদের সঙ্গে, "হে ইস্রায়েলের লোক, এটা তোমাদের জ্ঞাত হোক; নাসরতীয় যীশু, চিহ্ন, পরাক্রম কার্য্য এবং অলৌকিক কার্য্য দ্বারা তোমাদের মধ্যে ঈশ্বরের দ্বারা প্রমাণিত ব্যক্তি, যা ঈশ্বর তাঁর দ্বারা করেছিলেন; যিনি পূর্ব্বে নিরূপিত ছিলেন,

তোমরা তাঁহাকে নিরূপণ সভা দ্বারা অধর্ম্মীদের হস্তে ক্রুশে দিয়া বধ করিয়াছিলে যাকে ঈশ্বর পুনরুত্থিত করেছেন এবং আমরা তাঁর সাক্ষী। তিনি এটি করিয়াছেন যেন আপনারা এখন দেখতে পান ও শুনতে পান, আর তা শাস্ত্র অনুসারে।"

234 আর তারপর, যখন তারা এই কথা শুনেছিল, তাদের হৃদয় বিদ্ধ হয়ে যায়, আর বলেছিল, "ভাইয়েরা, পরিত্রাণ পাওয়ার জন্য আমরা কি করতে পারি ?"

235 পিতর তাদের বললেন, "মন ফিরাও !"

236 এখন, আমার ক্যাথলিক বন্ধু এখানে বসে আছেন, যাদের আমি জানি আপনারা চার অথবা পাঁচজন এখানে বসে আছেন। আমি আপনার যাজকের সাথে এই বিষয়ে আলোচনা করছিলাম, হয়তো *আপনার* যাজক নয়, কিন্তু একজন ক্যাথলিক যাজকের সাথে, তিনি বলেছিলেন, "যীশু মণ্ডলীকে পাপ ক্ষমা করার ক্ষমতা দিয়েছিলেন, 'তোমরা যাহার পাপ ক্ষমা করিবে, তাহাদের ক্ষমা করা হইবে; যাহার পাপ তোমরা রাখিয়া দিবে, তাহাদের তাহা রাখা যাইবে।'" সেটা সত্য। কিন্তু আসুন দেখি কিভাবে তিনি এটা করেছিলেন, কিভাবে প্রেরিতরা তাঁর আদেশ অনুসরণ করেছিল, আজ যাজক যেভাবে সেটি—সেটি করেন সেই অনুসারে নয়।

237 কিন্তু প্রথম যাজক কি করেছিলেন, যদি আপনি তাকে বলতে চান সেটি, পিতর, যার কাছে রাজ্যের চাবিগুলি ছিল, তিনি কিভাবে এটা করতে বলেছেন ? তিনি বলেছিলেন, "মন ফিরাও, তোমরা প্রত্যেকে, এবং পাপমোচনের জন্য যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজিত হও, আর তোমরা পবিত্র আত্মার দান পাইবে। কারণ এই প্রতিশ্রুতি তোমার এবং তোমার সন্তানদের জন্য এবং যারা দূরে আছেন তাদের জন্য, আমাদের ঈশ্বর সদাপ্রভু যাদের আহ্বান করবেন।" আর যদি ঈশ্বর এখনও আহ্বান করেন, একই অভিজ্ঞতা আপনার জন্য রয়েছে যদি আপনি একই প্রেসক্রিপশন অনুসরণ করেন। যদি এই মণ্ডলী বিশ্বাস করে যে, আপনার মাথা নত করে বলুন, "আমেন।" [মণ্ডলী বলে, "আমেন।"—সম্পাদকীয়।] তারপর, এই রকম কোন কিছু যা বাক্যের পরিপন্থী, এবং মেষপালকের অনুসারে নয়।

238 প্রভু যীশু, তারা এখন আপনার হাতে। আমি প্রার্থনা করি যে আজ রাতে প্রতিটি খোলা হৃদয় যারা খ্রীষ্টকে পায়নি, মশীহ (এবং খ্রীষ্ট বাক্য, অভিষিক্ত বাক্য প্রকাশিত হয়েছে), আর যদি আজ রাতে এখানে কোন খোলা হৃদয় থাকে যার কাছে সেই মশীহ নেই, সেই আসল ক্রিসমাস উপহার, সেখানে একমাত্র প্রকৃত

ক্রিসমাস উপহার, যা ঈশ্বর জগতকে দিয়েছেন, এবং মেষপালকদের দ্বারা জগতকে কাছে ঘোষণা করেছেন, তাঁর মেষশাবকের, পাপের প্রায়শ্চিত্ত, আর যদি সেই হৃদয় আজ রাতে উন্মুক্ত হয়, তবে এটিতে রাখুন, প্রভু, আজকের মশীহ্ বাক্য। আমরা তাদের আপনার পুত্র যীশু খ্রীষ্টের নামে আপনার কাছে সমর্পণ করি। আমেন।

239 আপনি কি তাকে ভালবাসেন? আপনি কি তাকে বিশ্বাস করেন? "তোমরা প্রথমে ঈশ্বরের রাজ্য ও তাঁহার ধার্ম্মিকতার অন্বেষণ করিও, তাহাতে অন্য সকল বিষয় তোমাদের জন্য যোগ করা হইবে।"

240 বন্ধুরা, আমরা শেষ করার আগে, আমি এটি বলতে চাই। অনেক সময়, আমাকে খুব ভুল বোঝা হয়। আমার কাছে ঈশ্বরের কাছ্ থেকে একটি বার্তা আছে, এবং নির্বিশেষে আমাকে সেই বার্তাটি ঘোষণা করতে হবে। আমি জানি এটা ভুল বোঝাবুঝি হয়েছে। যদি এটা না হতো, তাহলে এটা ঈশ্বরের বার্তা হবে না; এটা হতে পারে না। আজকাল এত বেশি দ্বিধাবোধ রয়েছে যে বিষয়টি ভুল বোঝা না যাওয়ার কোনো কারণ নেই। আমি বিশ্বাস করি যে পৃথিবীর প্রতিটি ধর্মসম্প্রদায় এবং সংগঠনে ঈশ্বরের লোক আছেন, আর এটা নয় যে আমি আমার ভাইদের বিরুদ্ধে। আমি এখানে টুকসনে এসেছিলাম, তিন বছর আগে, এবং ভাই গিলমোরের কাছে আপনারা সেবকদের সঙ্গে একটি সভা করেছিলাম, আর এটি জিজ্ঞাসা করা হয়েছিল, আমি কি "এখানে একটি গির্জা শুরু করতে এসেছি?"

241 আমি বললাম, "না, মহাশয়। আমি *আপনাকে* সাহায্য করতে এখানে এসেছি।" কিন্তু আমাকে এখনও জিজ্ঞাসা করা হয়নি, তিন বছরেও। কিন্তু ঠিক একই, আমি আপনাকে সাহায্য করতে এখানে আছি। আমি এখানে আপনার সাথে হাত মেলাতে এসেছি, আপনার সাথে সংগঠনে যোগদান করতে নয়, কিন্তু ঈশ্বরের বাক্য নিয়ে আপনার সঙ্গে হাত ও হৃদয় যোগ করা, প্রতিটি হারিয়ে যাওয়া প্রাণ এবং প্রতিটি অভাবী ব্যক্তির কাছে সুসমাচার প্রচার করার চেষ্টা করার জন্য যারা আমাদের কণ্ঠস্বরের অধীনে রয়েছে।

242 আমি নিজেকে ঈশ্বরের কাছে নিবেদন করছি, আজ রাতে, আমার সমস্ত হৃদয় দিয়ে, আমার মধ্যে যা কিছু আছে তা দিয়ে। আমার কাছে অনেক কিছু দেওয়ার নেই; আমি লোবান, গন্ধরস এবং সোনা আনতে পারি না, কারণ আমার কাছে কিছুই নেই। কিন্তু আমার নিজের মধ্যে যা আছে তা ঈশ্বর আমাকে দেন, এই জীবন, আমি আজ রাতে এটি নতুন করে তাঁর কাছে উৎসর্গ করছি, আমার হৃদয়ে তাঁর বাক্যের যাবপাত্রের উপর; এবং তাঁকে প্রতিশ্রুতি দিই,

সেই বাক্যের সাথে দাঁড়ানোর জন্য, যদি তিনি আমাকে আরও একটি বছর বাঁচতে দেন, আমি যতটা বিশ্বস্ত থাকতে পারি; এর প্রতিটি অংশ প্রচার করবো, এবং এর প্রতিটি অংশ বিশ্বাস করবো; তাই, আমাকে সাহায্য করুন, ঈশ্বর। আপনারা কি আমার সাথেও তাই করবেন ?

243 আমাদের গ্রহণ করুন, প্রভু। আমরা আপনার ক্রিসমাসের উপহার, মশীহ, অভিষিক্ত বাক্য গ্রহণ করি যা আপনার উপস্থিতি আমাদের সাথে প্রমাণিত করে, প্রভু, ধর্মমত বা ধর্মসম্প্রদায় নির্বিশেষে। আমরা আজ নিজেদেরকে দেখতে পাই, পৃথিবী ধ্বংস হয়ে যাচ্ছে, আর এখানে মহান মশীহ তাঁর হাত প্রসারিত করে দাঁড়িয়ে আছেন: যীশু খ্রীষ্ট কাল, আজ এবং অনন্ত কাল একই, যিনি প্রতিশ্রুতি দিয়েছেন, যে এই শেষ সময়ে, মণ্ডলী এতটা সংগঠিত হবে যতক্ষণ না এটি লায়দিকেয়ায় চলে যায়। আর আমরা আজ এটা দেখতে পাচ্ছি, প্রভু।

244 আমরা কি করতে পারি, প্রিয় ঈশ্বর ? আমি কি করতে পারি ? আমাকে এবং এই অন্যান্য মেষপালকদের সাহায্য করুন, প্রভু, বিশ্বজুড়ে, বাক্যের মেষপালক, এটা ঘোষণা করার জন্য, প্রভু, এই পরের বছরে। আমাদের সাহায্য করুন, প্রভু, আমরা প্রার্থনা করি। আমাদের আপনার প্রেম এবং আপনার আত্মা এবং আপনার আলো দিন। আমরা আজ রাতে আপনার বাক্য এবং আপনার আহ্বানে নিজেদেরকে উৎসর্গ করি। যীশু খ্রীষ্টের নামে, আমরা আপনার ক্রিসমাস উপহার গ্রহণ করি: ঈশ্বরের বাক্য আমাদের মধ্যে দেহধারণ করেন। আমেন।

245 আমি মণ্ডলীর গান ভালোবাসি। পৌল বলেছেন, বাইবেলে, "যখন আমি গান করি, আমি আত্মায় গান করি। আমি প্রচার করি, আমি আত্মায় প্রচার করি। যখন আমি...আমি যা কিছু করি, সবই যীশু খ্রীষ্টের নামে করি।" এখন, যেহেতু এটি আপনার পরিশ্রমসাধ্য হয়েছে, আর আমি—আমি আপনার প্রশংসা করি, আমি এই বার্তাটি নিয়ে এসেছি, কখনও কখনও মনে হয় আমি এটা বলতে ঘৃণা করি, কিন্তু তবুও আমি—আমি কর্তব্যবদ্ধ, ভাইয়েরা। যদি আমি এটা না করি, আমি একজন ভণ্ড। যদি আমি এটা না করি, আমি আমার নিজের বিবেকের কাছে বিশ্বাসঘাতক, এবং আমার নিজের—ঈশ্বরের বাক্যে নিজের বিশ্বাসের প্রতি বিশ্বাসঘাতক। আমাকে এটা করতে হবে, ভিন্ন হওয়ার জন্য নয়, কিন্তু আমার আহ্বানের প্রতি সত্য হওয়ার জন্য। আর আমি আপনাদের সবাইকে সাহায্য করতে চাই, আমি যা করতে পারি তা করতে চাই।

246 এখন আসুন সর্বকালের একটি শ্রেষ্ঠ স্তোত্র গাই, আমি এটা খুব ভালোবাসি, *আমি তাঁকে ভালোবাসি।* আপনারা জানেন, আমি বিশ্বাস করি যদি আমরা সবাই তাঁকে ভালবাসি, তবে তিনি আমাদের যা করতে বলেছেন আমরা তা করব। "তোমরা আমাকে কেমন করে ডাকো, 'প্রভু' বলে, কিন্তু আমি তোমাদিগকে যে সকল আজ্ঞা করি, তা করো না? তোমরা কিভাবে আমাকে 'প্রভু' বলো, আর আমি তোমাদের যা করতে বলি তা করো না?"

247 আপনি কি বরং একজন ভাড়াটে মেষপালকের কথা শুনবেন যিনি বলবেন "পুস্তকে আপনার নাম লিখুন এবং যোগদান করুন; এই সহভাগিতা নিন, *এটি* বলুন, আর এটি সব ঠিক আছে," যখন মহান মেষপালক নিজেই বলেছেন "মানুষের নতুন জন্ম না হলে সে স্বর্গের রাজ্যও দেখতে পায় না"?

248 আর সেই দিনের সেই প্রশিক্ষিত ধর্মতাত্ত্বিকদের দেখুন, প্রশিক্ষিত! পবিত্র? পরিচ্ছন্ন জীবনযাপন? তারা যেভাবে জীবনযাপন করেছিল তার সাথে আমাদের আজকের তুলনা করার কিছু নেই। আর মহান মেষপালক তাদের কি বলেছিলেন? বলেছিলেন, "তোমরা তোমাদের পিতা শয়তানের," কারণ তারা করেনি...তারা বাক্যকে চিনতে পেরেছিল, কিন্তু অন্য দিনের বাক্য, *সেই* দিনের বাক্যকে নয়।

249 যদি তারা নোহের সময়কে চিনতে পারে, সেটা ঠিক আছে, সেটা নোহের সময় ছিল; কিন্তু এটা মোশির সময়ে কাজ করবে না। আর মোশির সময় খ্রীষ্টের সময়ে কাজ করবে না। দেখুন? লুথারের সময় ওয়েসলির সময়ে কাজ করবে না। ওয়েসলির সময় পেন্টিকোস্টাল সময়ে কাজ করবে না। আর পেন্টিকোস্ট একই কাজ করেছেন যা তাদের বাকিরা করেছিল। এখন, গত দিনে কে আমাকে সাহায্য করেছে? আপনাকে জিজ্ঞাসা করেছি।

250 যখন ঘাসের ফলক উঠে আসে, এটা কি? কি...যখন গমের ফলক উঠে আসে। যীশু বলেছেন, "একটি গমের দানা পৃথিবীতে না পড়লে।" যখন গমের একটি দানা...অথবা একটি গম পৃথিবীতে পড়ে তখন কি হয়? প্রথম জিনিস যা আসে তা হল একটি ছোট ফলক। এটা—এটি শস্যের মতো নয় যা নিচে গেছে। প্রকৃতি দেখুন। এটা শস্যের মত নয় যেটা নিচে গেছে, কিন্তু এটা শস্যের জীবনের বাহক। কি এসেছে...

251 সেই অবিশ্বাসী যে এইমাত্র সেই বিখ্যাত বইটি লিখেছিল, *সেই নীরব ঈশ্বর*, এটা বলেছিল, "কেমন করে সেখানে ঈশ্বর হতে

পারেন যিনি লোহিত সাগরকে উন্মুক্ত করতে পারেন, এবং হাজার বছরের অন্ধকার যুগের মধ্য দিয়ে দাঁড়িয়ে থাকেন আর দেখেন ছোট বাচ্চাদের সিংহরা খাচ্ছে, আর লোকেরা ক্রুশে ঝুলছে, আর অঙ্গনে এবং ইত্যাদিতে হত্যা করা হয়েছিল, এমনকি কখনও মুখও খোলেন নি?” দেখুন, বাক্য একটি প্রকাশ।

252 সেই গম, যখন সেই প্রকৃত গম আদিতে শুরু করেছিল, এটি ঈশ্বরকে ব্যর্থ করেছিল। এবং অবশেষে সেখানে একটি গম আসে, ঈশ্বরের একটি বাস্তব প্রতিফলক, যিনি তাঁর সম্পূর্ণ বাক্যকে প্রতিফলিত করেন যে তিনি বাক্য ছিলেন। তারপর পঞ্চাশত্তমীর দিনে ঈশ্বর তাকে একটি নববধূ দিয়েছিলেন; কিন্তু সেই নববধূ অন্ধকার যুগের মধ্য দিয়ে মাটিতে পড়ে যায়, ঠিক যেমন প্রকৃত গম করেছিল, এটি নিচে পড়ে যায়। আর কেন এটি কাজ করতে পারেনি? কারণ এটি পৃথিবীর নীচে লুকিয়ে ছিল, জীবন নিয়ে আসার আগে এটিকে পচে যেতে হয়েছিল।

253 কিন্তু একবার মার্টিন লুথার নামে একজন ছোট যাজক আসেন, আর তিনি সত্যের একটি বাক্য প্রকাশ করেছিলেন: “ধার্ম্মিকগণ বিশ্বাস দ্বারা জীবিত থাকিবে,” সেখানে একটি ফলক আসে; তারপর আরেকটি ফলক এটি অনুসরণ করে, জুইংলি, আর তারপরে ক্যালভিন এবং নক্স পরে আসেন।

254 প্রথম বিষয় আপনি জানেন, এটি তার ফলক পরিবর্তন করে, এটি একটি পুষ্পমঞ্জরির মধ্যে চলে যায়। এখন, এটি আরও কিছুটা এর মতো দেখাচ্ছিল, কিন্তু তবুও এটি আসল জিনিস ছিল না যা মাটিতে চলে যায়, সেখানে ওয়েসলি আসেন। ওয়েসলি থেকে মেথডিস্ট চার্চ এসেছিল, মেথডিস্ট চার্চ থেকে এসেছেন নাজারিন, ইউনাইটেড ব্রাদারেন, ইত্যাদি। এটা কি করেছে? এটি আবার পড়ে যায় এবং এটি সামনে নিয়ে আসে, এখন গমের আসল দানার মতো দেখাচ্ছে, পেন্টিকোস্ট।

255 এখন, যীশুকে দেখুন, মথি ২৪:২৪ এ, “শেষ দিনে, দুটি আত্মা একসাথে এত কাছাকাছি থাকবে যতক্ষণ না এটি নির্বাচিতদের প্রতারিত করবে, যদি এটি সম্ভব হয়।” এখন, যখন গমের সেই দানাটি বেরিয়ে আসে, যে কোনও গম উত্তোলক জানেন যে এটি দেখতে সিদ্ধ, গমের দানার মতোই ছিল। কিন্তু আপনি নিচে বসে এটি আপনার হাতে নিন, এটি খুলুন। এর মধ্যে কোন গম নেই, এটি একটি খোসা। কিন্তু পিছনের দিকে, মাইক্রোস্কোপের নীচে আপনি একটি ছোট্ট কুঁড়ি দেখতে পাবেন, সেখানে শস্য আসে। আর তারপরে খোসাকে কি করতে হবে? এটা শস্য রক্ষা করার জন্য,

প্রখর সূর্য এটাকে মেরে ফেলবে, এটা শস্যকে রক্ষা করে যতক্ষণ না শস্য পরিপক্ক হয়। আর তারপর যখন শস্য পরিপক্ক হয়, তখন খোসা এটি থেকে দূরে সরে যায়। কিন্তু, আপনি কি লক্ষ্য করেছেন, যে শস্যটি তখন বেরিয়ে আসে, সেটা একই ধরণের শস্য হতে হবে যা মাটিতে চলে গিয়েছিল।

256 লুথারের পুনরুজ্জীবনের পরে, একটি সংগঠন আসে। ওয়েসলির পুনরুজ্জীবনের পরে, একটি সংগঠন আসে। আলেকজান্ডার স্মিথের পরে, জন...আলেকজান্ডার ক্যাম্পবেল, জন স্মিথ, বাকিরা, একটি সংগঠন আসে। পেন্টিকোস্টের পরে, আসল জিনিসের মতো, কিন্তু একটি সংগঠন আসে। এটা কি করেছে? টেনে দূর করেছে।

257 আমাদের পুনরুজ্জীবনের পনেরো বছর ছিল, এটি সমস্ত ইতিহাসে কখনও জানা যায়নি। আর দেখুন, এই পনেরো বছরের পুনরুজ্জীবনে, এটি বিশ্বজুড়ে ছড়িয়ে পড়েছে, আর এটি থেকে একটিও সংগঠন তৈরি হয়নি। এটা কোথায় ছিল? (এটি পরবর্তী বৃষ্টি শুরু করেছিল, এটি মারা যায় তার...মুহুর্তে, এটি মারা যায়।) কোন সংস্থা এটি অনুসরণ করেনি। কেন? এটা নিজেই সেই শস্য, সেখানে আর কিছু হতে পারে না। আর খোসা এখন দূরে সরে যাচ্ছে, কোন সহযোগিতা নেই, কেউ আপনাকে চায় না। কেন এটা? এটা সেটা হতে হবে।

258 কেন সেই গির্জা সেখানে স্থাপন করা হয়েছিল? এটা সমর্থন করার জন্য। কোথায়...কে সহযোগিতা করবে? যা ব্যাপটিস্ট, অথবা প্রেসবিটেরিয়ান, অথবা লুথারেন একটি ঐশ্বরিক আরোগ্যকরণ অভিযানকে সমর্থন করতেন? এখন যখন সত্য সামনে আসে, তখন কি হয়েছে? খোসা নয়; কিন্তু জীবন ঠিক খোসা থেকে বেরিয়ে যায়, ঠিক শস্যের মধ্যে, প্রকৃত সত্য জীবন। সংগঠন সেখানে দাঁড়িয়ে থাকে, মারা যায়, ঠিক যেমন এটি প্রতিটি যুগে করেছে, এটি একই রকম করে। আপনি পঞ্চাশ বছর আগে সেখান থেকে বেরিয়ে আসেন, এবং আবার এর মধ্যে ফিরে যান! কিন্তু বাস্তব জীবন শস্যকে অনুসরণ করে, আমরা শেষ সময়ে আছি, ভাইয়েরা।

259 এটা কী কারণে সরে যায়? যাতে এটি পুত্রের উপস্থিতিতে শস্য নিয়ে আসে, প্রভুর জন্য শস্যকে সোনার মতো পরিপক্ক করে। কেন এটা দূরে সরে গিয়েছে? তাই, এটি হৃদয়ে ব্যথা, অশ্রু সৃষ্টি করে, তারা এস-ইউ-এন [সূর্য—অনুবাদক] এর সামনে পড়ে না, কিন্তু এস-ও-এন [পুত্র], সত্য পূর্ণ সুসমাচারে পরিপক্ক হওয়ার জন্য,

যীশু খ্রীষ্ট বাইবেলে যে সমস্ত প্রতিশ্রুতি দিয়েছেন তা প্রকাশ করার জন্য। আজ মানুষের মধ্যে একটি দেহ উত্থাপন করা হচ্ছে। আর সেখানে আর কোন সংগঠন থাকবে না, এটি ধনী লায়দিকেয়ায় চলে যায়। কিসের দ্বারা সংগঠনের উন্নতি হয়েছে? লক্ষ লক্ষ ডলার, এবং লক্ষ লক্ষ প্রাণ।

260 আর মেষপালক কেন এসেছেন? তাঁর ভাইদের দাসত্ব থেকে উদ্ধার করার জন্য। আমি—আমি জানি না; ঈশ্বর, আমাদের সাথে থাকুন, আমাদের সাহায্য করুন। বাক্য অধ্যয়ন করুন! শাস্ত্র অনুসন্ধান করুন! তাদের মধ্যে আমরা মনে করি আমাদের অনন্ত জীবন আছে, এবং তারাই তারা যারা সত্যের সাক্ষ্য দেয়। দেখুন, ঈশ্বর প্রতিটি যুগের জন্য তাঁর বাক্য বরাদ্দ করেছেন। এই যুগ সবসময়...

261 যীশু এসে কি বলেছিলেন? তিনি সেই লোকদের বলেছিলেন, "তোমরা কপটীরা! তোমরা দেওয়ালকে সাদা করো, আর ভাববাদীদের জন্য সমাধি নির্মাণ করো, আর তোমাদের পূর্বপুরুষেরা তাদের সেখানে রেখেছে। আর তোমরা তোমাদের পূর্বপুরুষদের সন্তান। আর তারা যে কাজগুলো করেছে, তোমরাও করিবে।" এটা সবসময় একই থাকে, আমার ভাইয়েরা।

262 কিন্তু যখন যীশু একদিন আসেন, মেষের মহান মেষপালক পেন্টিকোস্ট থেকে লুথার পর্যন্ত সমস্ত যুগে, যে আলোকে গ্রহণ করেছে যেমন এটি বাহকের মাধ্যমে আসে, বাহককে গ্রহণ করেনি, আলো গ্রহণ করেছে, দেখুন, বেরিয়ে যায়, তিনি মুক্ত করতে আসবেন। আমি খুব খুশি যে আমি জানি তিনি আবার আসছেন। ওহ, আপনি কি তাঁর দলের সঙ্গে গণিত হবেন? আপনি কি গণিত হবেন? এটি করার একমাত্র উপায় আছে, একটি গির্জায় যোগদানের মাধ্যমে নয়, কিন্তু তাঁর মধ্যে জন্মগ্রহণ করার মাধ্যমে। "পিতা যে সমস্ত আমাকে দিয়েছেন, সে সমস্ত আমারই কাছে আসিবে, এবং আমার পিতা কাউকে না ডাকিলে কেহ আসিতে পারে না।" দেখুন, এটির জন্য সেখানে এটিই রয়েছে, এটি গ্রহণ করুন। তিনি...এটাই একমাত্র ক্রিসমাসের উপহার যা আমি জানি, ঈশ্বরের উপহার যা তিনি বিশ্বকে দিয়েছেন, তার একমাত্র পুত্র। আর তিনি কাল, আজ, এবং অনন্ত কাল একই, বাক্য। দেখুন? আজকের দিনে তাকে বিশ্বাস করুন, বাইবেলের পূর্ণতা।

263 যখন সেই সাতটি রহস্য...সাত মণ্ডলীর যুগে, সেখানে সাতটি গোপন রহস্য ছিল। আমি এর একটি বই লিখছি। আর কিছুদিন আগে একজন বড় ধর্মতত্ত্ববিদ আমাকে বলেছিলেন, বলেছিলেন,

"ভাই ব্রানহাম..." দেখুন কিভাবে শয়তান আপনাকে পথ থেকে ধাক্কা দেওয়ার চেষ্টা করবে? তিনি বললেন, "ভাই ব্রানহাম, আপনি কি জানেন? আমি বিশ্বাস করি প্রভু আপনার কাছে প্রকাশ করবেন আমাদের পরবর্তী কি করতে হবে। এটা...এটা এমন কিছু মহান রহস্য হবে যা এই সপ্ত মুদ্রার নীচে লুকিয়ে আছে।"

264 আমি বললাম, "না, সেটা নয়, ভাই।"

265 তিনি বলেছিলেন, "এটা এমন কিছু হবে যা বাক্যে লেখা নেই।"

266 আমি বললাম, "না! না! আপনি ভুলে গেছেন, 'যে কেউ একটি বাক্য যোগ করে, অথবা একটি বাক্য হরণ করে।'" দেখুন, এটি ইতিমধ্যেই সেখানে আছে, কিন্তু সংস্কারকরা এটি দেখতে ব্যর্থ হয়েছে, তারা এটি দেখার জন্য যথেষ্ট দিন বাঁচেনি।

267 আর যুগগুলি শেষ হয়ে গেছে, আমরা ঠিক এখানে লায়দিকেয়ায় আছি। আর মনে রাখবেন, লায়দিকেয়া যুগে, তিনি গির্জার বাইরে ছিলেন, দরজায় আঘাত করছিলেন, ফিরে আসার চেষ্টা করছিলেন: হবা তার আদমকে বাইরে রেখেছিল। ঈশ্বর, আমাদের সাহায্য করুন। আসুন আমরা তাঁকে খুঁজতে শিবিরের বাইরে যাই। আসুন আমরা তাঁর সঙ্গে দ্বারের বাইরে কষ্ট সহ্য করি। আসুন আমরা তাঁর মৃত্যুতে, তাঁর সমাধিতে এবং তাঁর পুনরুত্থানে তাঁর কাছে যাই; কারণ তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই।

268 আসুন আমরা যাওয়ার আগে একটি স্তোত্র গাই। আপনারা কি করবেন? *আমি তাঁকে ভালোবাসি*। আপনি কি আমাদের সুর দেবেন, বোন? পুরানো স্তোত্র কতজন জানেন? আমি...আপনি যদি কখনও সভায় থাকেন, আমি এটা পছন্দ করি।

269 এখন আসুন চোখ বন্ধ করি, যিহোবার কথা চিন্তা করি। কেউ যোগ্য ছিল না, তিনি ছাড়া কেউ এটা করতে পারে না, আর তিনি নেমে আসেন, এবং একটি শিশু হয়ে যান, তিনি একজন কিশোর হয়ে যান, তিনি একজন কাঠমিস্ত্রি হয়ে যান, একজন পরিশ্রমী মানুষ হন, তিনি মেষশাবক হয়ে যান, তিনি একটি বলিদান হয়ে যান, তিনি বিজয়ী হয়ে উঠেন, যিহোবা। আর যেমন মোশি তার বক্ষঃস্থল থেকে, তার বুকের উপর থেকে তার হাত সরিয়ে নিয়েছিলেন, ঈশ্বর তাঁর বক্ষঃস্থল থেকে তাঁর হাত সরিয়ে নিয়েছিলেন, তাঁর নিগূঢ়তত্ত্ব, তাঁর পুত্র পাপের রোগে আক্রান্ত হয়েছিল, অনিরাময়যোগ্য, আর এটি আবার বক্ষঃস্থলে রাখেন, আর এটিকে বের করে আপনার এবং

আমার দিকে প্রসারিত করেন। “যীশু খ্রীষ্ট কাল, আজ এবং অনন্ত কাল একই।”

270 এখন তাঁর দিকে দেখুন।

> আমি তাঁকে ভালোবাসি, আমি তাঁকে ভালোবাসি
> কারণ তিনি প্রথমে আমাকে ভালোবেসেছেন
> আর আমার পরিত্রাণ ক্রয় করেছেন
> কালভেরীর বৃক্ষে।

271 কতজন জানেন যে এটিকে একজন মেষপালক হতে হবে, বলুন “আমেন।” [মণ্ডলী বলে, “আমেন।”—সম্পাদকীয়।] অবশ্যই... কেন একজন মেষপালক? এটা হতে হবে। এখন যখন আমরা এই একই শ্লোকটি পুনরায় গাই, তখন টেবিলের ওপারে যান। সেখানে মেথডিস্ট, ব্যাপটিস্ট, লুথারেন, প্রেসবিটেরিয়ান, ক্যাথলিক, আর সকলে, আজ রাতে এখানে বসে আছেন। করমর্দন করুন, বলুন, “সহযাত্রী তীর্থযাত্রী, আজ রাতে আপনার সাথে এখানে এসে আমি খুব আনন্দিত।” তাদের কিছু বলুন। বলুন, “ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন,” যখন আমরা এখন একে অপরের সঙ্গে করমর্দন করি। আমরা এখন এটি আবার গাই।

> আমি...[টেপের খালি অংশ—সম্পাদকীয়।]
> ...আমার পরিত্রাণ
> কালভেরীর বৃক্ষে।

272 এখন আসুন আমাদের চোখ বন্ধ করি এবং আমাদের হাত তুলে, এবং তাঁর উদ্দেশ্যে গান করি।

> আমি তাঁকে ভালোবাসি, আমি তাঁকে ভালোবাসি
> কারণ তিনি প্রথমে আমাকে ভালোবেসেছেন
> আর আমার পরিত্রাণ ক্রয় করেছেন
> কালভেরীর বৃক্ষে।

273 আর এখন, ঈশ্বরের রূপ নেই। তাই, আসুন এখন মাথা নত করি এবং গুনগুন করি, ছোট বাচ্চাদের মতো, আপনারা ঈশ্বরের সন্তান। পৃথিবী কি ভাববে সেদিকে তাকাবেন না, আপনি এখন উপাসনা করছেন, খ্রীষ্টের উপাসনা করছেন। শুধু আপনার মাথা নত করুন এবং এটি গুনগুন করুন। [ভাই ব্রানহাম গুনগুন করছেন *আমি তাঁকে ভালোবাসি*—সম্পাদকীয়।]

274 আপনি কি মনে করেন না যে সবকিছু পরিষ্কার করা হয়েছে? শুধু এক ধরনের কিছু শুধু সমস্ত সন্দেহ ঘষে এবং পৃথিবীকে আপনার কাছ থেকে দূরে সরিয়ে দিয়েছে? সেভাবে অনুভব করেন? আপনার

হাত উপরে তুলুন, “আমি মনে করি সব পরিষ্কার হয়ে গেছে। আমি অন্যরকম অনুভব করি। আমার মনে হচ্ছে আমি তার হাত থেকে খাচ্ছি। আমার আছে...” যেমন ভাই এখানে সাক্ষ্য দিয়েছেন, “খাদ্য, মেষপালকের খাদ্য, মেষের খাদ্য।” এটাই বাক্য।

275 ঈশ্বরের মেষরা তাঁর খাদ্য গ্রহণ করে, “মানুষ কেবল রুটি দ্বারা বাঁচিবে না, কিন্তু ঈশ্বরের মুখ হইতে নির্গত প্রত্যেক বাক্য দ্বারা।” আর এটাই এটা, বাইবেল। আমরা প্রতিটি বাক্য গ্রহণ করি, শুধু কিছু বাক্য নয়, প্রতিটি বাক্য যা নিঃসৃত হয়। ওহ, এটা কি আপনাকে তাঁকে ভালবাসতে বাধ্য করে না? এটা ভাবার জন্য যে এখন আমাদের অনন্ত জীবন আছে! আমরা হব না, *এখন* আমরা ঈশ্বরের পুত্র। আমরা হব নয়, এখন! আর এটা খ্রীষ্ট যীশুর *মধ্যে* স্বর্গীয় স্থানে একত্রিত হচ্ছে। আর বড় টেলিভিশন, যেটি ঘোষণা করে যে একটি ইথার তরঙ্গ রয়েছে যা মানুষকে (যে ব্যক্তি পৃথিবীর চারপাশে ভ্রমণ করেন) টেলিভিশনের পর্দার—দ্বারা ব্যক্ত করে। ঈশ্বরের মহান বাক্য, এবং ঈশ্বরের আত্মা ঈশ্বরের বাক্য গ্রহণ করে, স্বর্গীয় স্থানে যীশু খ্রীষ্টকে তার মেষদের কাছে প্রতিফলিত করে, যে তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই। তিনি কি বিস্ময়কর নন? বিস্ময়কর! ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

276 এখন আসুন এক মুহূর্ত উঠে দাঁড়াই। আপনার কাছে আশীর্বাদের জন্য কেউ আছে? এখন, মনে রাখবেন, ক্রিসমাসের সময়, প্রভু যীশুর উপাসনা করুন। তাঁর পুনরুত্থানের শক্তিতে তাঁর উপাসনা করুন। আর যদি আমি কখনও আপনার জন্য অনুগ্রহ হতে পারি, আপনি, আপনার পালক, আপনার মণ্ডলী, অথবা অন্য কিছু, রাত কখনও খুব অন্ধকার হয় না, বৃষ্টি কখনও খুব জোরে হয় না।

277 অন্য রাতে (এখানে একজন ভদ্রমহিলা দাঁড়িয়ে আছেন) আমি এত ব্যস্ত ছিলাম, অসুস্থদের নিয়েছিলাম...সেখানে একজন আশি বছর বয়সী মহিলা ছিলেন যিনি তার মানসিক অবস্থায় ছিলেন, আর তিনি...তিনি একটি সন্তান বা অন্য কিছু নিয়ে ভাবছিল, তিনি তার বুদ্ধিমত্তার বাইরে ছিলেন। আর বিলি, অফিস থেকে, আমাকে ডেকে বললেন, “বাবা, আপনি কি?”

278 আমি বললাম, “আমি এখনই পারছি না। সেখানে লোকেরা আছে...আমি এটা করতে পারি না।”

279 তিনি বললেন, “বাবা, আপনি কি প্রার্থনা করতে যেতে পারেন? আমি তাদের বলব আপনি প্রার্থনা করছেন।”

280 আমি বললাম, “হ্যাঁ।” আর ঠিক সেই একই মুহূর্তে তিনি নিজের

কাছে ফিরে আসেন। তিনি ঘুমিয়ে পড়েন, তার স্বাভাবিক অবস্থায় জেগে ওঠেন; একটি পূর্ণ থালা, মুরগির মাংস দিয়ে রাতের খাবার খান, স্বাভাবিক ভাবে। কয়েক মুহূর্ত আগে একজন ব্যক্তি এখানে দাঁড়িয়ে তার সাক্ষ্য দিচ্ছিলেন।

281 ভাই ম্যাক, আমি তাকে এখানে কিছুক্ষণ আগে দেখেছি, মণ্ডলীতে কোথাও। তিনি এখানে আছেন, একজন পালক, স্থানীয় পালক। একজন খুব প্রিয় ভাই, আর আমি সর্বদা ভাই ম্যাককে ভালোবাসি যখন থেকে আমি প্রথম পরিচর্যায় শুরু করি। আর তারপর আমি তার সাথে দেখা করলাম...

282 আর আমি ব্রিটিশ কলম্বিয়ায় ছিলাম; আর শুধু আপনাকে দেখানোর জন্য যে ঈশ্বর কীভাবে সবকিছু ঠিক করেন। আমি ইতিমধ্যে একটি ঘোড়ায় আরোহণ করছিলাম, আর আমি বনে ফিরে যাচ্ছিলাম যেখানে আমি ইন্ডিয়ানদের একটি সম্পূর্ণ দলকে ঈশ্বরের কাছে নিয়ে গিয়েছিলাম; আর তারা সকলেই ধর্মান্তরিত হয়েছিল, এবং যীশুকে গ্রহণ করেছিল।

283 আর ভবিষ্যদ্বাণী দ্বারা যা ইন্ডিয়ান ছেলেটিকে বলেছিল যে তার টাট্টু ঘোড়া হারিয়েছে, দুই বছর আগে, তাকে বলেছিল সে কোথায় এটি খুঁজে পেতে পারে, এটি কত দূরে থাকবে এবং টাট্টু ঘোড়াটি কোথায় দাঁড়িয়ে থাকবে। তার মা হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যাচ্ছিলেন। তিনি সুস্থ হয়েছিলেন এবং রক্ষা পেয়েছিলেন। আর এই ছেলেটি, এসে শুধু এটা দেখে, আর জানে যে সে...তার ঘোড়াকে ঠিক যেভাবে বলা হয়েছিল ঠিক সেভাবেই পাওয়া গিয়েছিল, আর সবকিছু।

284 প্রভু একটি বাক্য কখনও বলেননি...আমি আপনাদের কাউকে জিজ্ঞাসা করব, "তিনি কি...আপনি কি কখনও তাঁকে কিছু বলতে শুনেছেন, যে তিনি আমাকে কখনও আপনাকে বলতে বলেছেন, কিন্তু ঠিক যা ঘটে ছিল?" যদি সেটা ঠিক হয়, তাহলে বলুন "আমেন।" [মণ্ডলী বলে, "আমেন।"—সম্পাদকীয়।] দেখুন? দেখুন? ঠিক তাই, এটি একবারও ব্যর্থ হয়নি।

285 আর ভাই ম্যাক মৃত্যুর মুখে শুয়ে ছিলেন, আর এমন হয়েছিল যে তার স্ত্রী বিলিকে ডেকেছিলেন...আমার ছেলের স্ত্রী, আর বললেন...আমি কোথায় ছিলাম জিজ্ঞাসা করলেন; সেই সুন্দর ছোট্ট ভদ্রমহিলা এবং...তার স্ত্রী। আর সে...আর আমার পুত্রবধূ বললেন, "তিনি একটি শিকার ভ্রমণে উত্তর ব্রিটিশ কলম্বিয়ায় যাচ্ছেন।"

286 আর সেই সকালে, কোনভাবে, আমি—আমি—আমি সেই ঘোড়ায় আরোহণ করতে পারিনি। আর তারপর বিলি বলল, "আমি বিশ্বাস করি আমি আর একবার বাড়িতে ফোন করব।" আর সে ফোন করার জন্য পোস্টে যায়। আর এখানে তারা দৌড়ে আসে, যখন ছোট্ট ইন্ডিয়ান ব্যক্তি সেখানে দাঁড়িয়ে ছিল, সেই ছোট্ট...যার কাছে টাট্টু ঘোড়া ছিল, আর বললেন, "ভাই ম্যাক মৃত্যুর মুখে শুয়ে আছেন, আর আপনাকে ডাকছেন।"

287 আর আমি নেমে গেলাম, জঙ্গলে গিয়ে হাঁটু গেড়ে বসলাম। আমি বললাম, "প্রিয় ঈশ্বর, নীচে, দেশের অপর পার্শ্বে তিন হাজার মাইল দূরে, অ্যারিজোনার রৌদ্রোজ্জ্বল রাজ্যে, টুকসনে, আমার ভাই, আর তিনি মৃত্যুর মুখে শুয়ে আছেন। আপনি কি তাকে সাহায্য করবেন?"

288 শুধু কিছু আমার সাথে কথা বলেছিল, "সব ঠিক আছে।"

289 আর যখন আমি অন্য দিন ভাই ম্যাকের কাছে আসি, তার সাথে কথা বলার জন্য, আর আমি তাকে জিজ্ঞাসা করলাম, "এটা কোন সময়ে ঘটেছে?" ঠিক সেই সময়ে আমরা প্রার্থনা করতে গিয়েছিলাম।

290 ওহ, তিনি...তিনি কি বিস্ময়কর নন? তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই। আমি এটা জেনে খুব খুশি যে আমি রাজার উপস্থিতিতে বাস করি।

291 আসুন এখন আমাদের মাথা নত করি, আর একজন মূল্যবান ছোট ভাই এখানে আছেন, একজন ধর্মপ্রচারক ভাই, আমার বন্ধু, এসেম্বলিজ অফ গড এর একজন সদস্য, এখানে একজন মূল্যবান ছোট ভাই। আমি তাকে বলি, "ক্রিচি।" তিনি এত সুন্দর কথা বলেছেন। ভাই ক্রিচ, আমি আপনাকে সেটি বলে ডাকি। আমি কি বলব জানি না, আপনি আমার ভাই এবং এই শেষ দিনে যীশু খ্রীষ্টের ক্লেশের সহদাস। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন। আর আমি মনে করি ভাই টনি বলেছেন যে আপনি এই সময়ে শ্রোতাদের প্রস্থান করাতে যাচ্ছেন, যখন আমরা আমাদের মাথা নত করি। ঠিক আছে, আসুন।

64-1221 কেন এটি মেষপালক হতে হয়েছিল
রামাদা ইন
টুকসন, অ্যারিজোনা ইউ.এস.এ.

BENGALI

©2026 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

## কপিরাইট বিজ্ঞপ্তি

সর্বস্বত্ব সংরক্ষিত। এই বইটি, যীশু খ্রীষ্টের সুসমাচার ছড়িয়ে দেওয়ার একটি হাতিয়ার হিসাবে, ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বিতরনের জন্য ঘরের প্রিন্টারে মুদ্রিত করা যেতে পারে। ভয়েস অফ গড রেকর্ডিংস® এর লিখিত অনুমতি ব্যতীত এই বইটি বিক্রি করা, বৃহৎ আকারে পুনরুত্পাদন করা, ওয়েবসাইটে পোস্ট করা, একটি পুনরুদ্ধার সিস্টেমে সংরক্ষণ করা, অন্য ভাষায় অনুবাদ করা অথবা তহবিল চাওয়ার জন্য ব্যবহার করা যাবে না।

আরও তথ্যের জন্য অথবা অন্যান্য উপলব্ধ বিষয়ের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন:

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org